


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭১ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 71 Years ■ Issue-20 ■ 26 October, 2024 ■ আগরতলা ২৬ অক্টোবর, ২০২৪ ইং ■ ৯ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




## কাজিয়া তুঙ্গে

## বাম আমলে সন্ত্রাসের বিচার চাইলো বিজেপি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর।।** বিজেপি সরকারের বিরুদ্ধে আইন শৃঙ্খলার অবনতির প্রশ্ন তোলার আগে নিজের ঘরে ঝোঁকে দেখুক সিপিআইএম। বাম আমলে রাজ্যে কতজন মন্ত্রী, বিধায়ক, মহকুমা শাসক নিহত হয়েছেন। এবং কয়টি ঘটনার বিচার হয়েছে? বাম আমলে ঘটে যাওয়া বেশ কিছু ঘটনার তথ্য তুলে ধরে এই দিন পাল্টা জিতেন্দ্র চৌধুরীকে প্রশ্ন করেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য।



বিরোধীদের বিভিন্ন বক্তব্য নিয়ে তীব্র সমালোচনা করেন তিনি। বাম আমলের খুন সন্ত্রাসের ঘটনাগুলো তুলে ধরেন প্রদেশ সভাপতি। সম্প্রতি বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী রাজের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে প্রশ্ন তুলে পুলিশের ডিজিকে নপুংসক বলে অভিহিত করেছেন। এর উত্তরে বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য্য বিরোধী দলনেতার উদ্দেশ্যে প্রশ্ন ছুড়ে দেন, ২৫ বছরের বাম শাসনে রাজ্যে খুন সন্ত্রাস সংঘটিত হয়েছে। সেই ঘটনাগুলির কয়টির বিচার হয়েছে? বিজেপি আমলে আইন-শৃঙ্খলার পরিস্থিতি নিয়ে প্রশ্ন করার আগে বাম আমলে আইন-শৃঙ্খলার পরিস্থিতি খতিয়ে দেখুক বামেরা, বললেন বিজেপি প্রদেশ সভাপতি। প্রদেশ বিজেপি সভাপতি অভিযোগ করেন বিরোধী দলগুলি রাজ্যের বর্তমান সরকার ও বিজেপির নাম কালিমালিপ্ত করার চেষ্টা করছে।

তিনি তথ্য তুলে বলেন, তৃতীয় বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর মাত্র পনে চার বছরে শুধুমাত্র গন্ডা ছড়ায় হত্যা হয়েছে ৮২ জন, ধর্ষিতা হয়েছেন ১৯ জন, ১২ হাজার মানুষ এখনো নিখোঁজ, তাদের খুঁজে পাওয়া যায়নি। বাম আমলে নিজেদের মধ্যেই ঝামেলায় লিপ্ত ছিল তারা। রাজ্যে আইনশৃঙ্খলার অবনতি চরম পর্য্যায়ে গিয়ে পৌঁছেছিল। রাজ্যের মানুষ সেই কথা জানে। একের পর এক খুব, সন্ত্রাস ধর্ষণের ঘটনা ঘটেছে বাম আমলে। রাজ্যের মানুষের তখন ধারণা হয়ে গেছিল যে প্রতিদিন কোন না কোন এক ঘটনা ঘটবে রাজ্যে।

☛ ৬ এর পাতায় দেখুন

## সাম্প্রদায়িক অশান্তি সরকারের ব্যর্থতার প্রমাণ ঃ সিপিএম

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর।।** ঘুরে দাঁড়ানোর প্রশ্নের নয়া দিশা নির্ধারণে ত্রিপুরায় সিপিএম রাজ্য কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়েছে শুক্রবার। বেশ কয়েক মাস অন্তর অন্তর রাজ্য কমিটির বৈঠক অনুষ্ঠিত হয় সিপিএমের। এরই অঙ্গ হিসেবে শুক্রবার আগরতলার মেলার মাঠে সিপিএম রাজ্য কার্য্যালয়ে এক দিবসীয় বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে আগামী দিনের রণকৌশল এবং রাজ্যের বর্তমান পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।



বৈঠক শেষে বিকেলে এক সাংবাদিক সম্মেলনে বৈঠকে আলোচিত বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত তুলে ধরেছেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। তিনি বলেন, এ দিনের রাজ্য কমিটির বৈঠকে বর্তমান সমসাময়িক বিষয় নিয়ে আলোচনা হয়েছে। তার মধ্যে বিভিন্ন বিষয় উঠে এসেছে। উল্লেখযোগ্য বিষয়ের মধ্যে উত্তর জেলার কদমতলায় বর্তমান নিয়ে ঘটে যাওয়া সাম্প্রদায়িক অশান্তির কথা তুলে ধরেন তিনি। তিনি বলেন কদমতলা, পানিসাগর এবং ঊনকোটি জেলায় এই সাম্প্রদায়িক অশান্তি প্রমাণ করে রাজ্য সরকারের ব্যর্থতা।

এছাড়াও বন্যা পরিস্থিতিতে রাজ্যের সার্বিক দিক বিবেচনা করে বিরোধী দলনেতা বলেন বন্যাকালীন পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত সাধারণ মানুষের প্রতি বিজেপি সরকার সাধারণ মানুষের সঙ্গে দুর্ব্যবহার করেছেন। যাদের জমির সর্বস্ব ভেসে গেছে তাদের জন্য সামান্য অর্থের ব্যবস্থা করেনি সরকার, এমনই অভিযোগ করেছেন বিরোধী দলনেতা। কিন্তু বন্যা পরিস্থিতিতে যে সরকার সাধারণ মানুষের সাহায্যের হাত বাড়িয়ে দিতে ব্যর্থ সেই সরকার রাজ্যের এডুকেশন হাব, স্বাস্থ্য হাব নির্মাণের কথা বলছে। বন্যা কালীন পরিস্থিতিতে কৃষকের সমস্ত ফসল বন্যার জলে ভেসে গেছে। কিন্তু তাদেরকে ন্যূনতম সাহায্য করেনি বিজেপি সরকার।

তিনি আরো বলেন, রাজ্য বিদ্যালয়গুলির বেহাল অবস্থা। সরকারি বিদ্যালয়গুলিতে শিক্ষক শিক্ষিকা নেই। বন্ধ করে দেওয়া হয়েছে একাধিক বিদ্যালয়। অভিভাবকরা বাধ্য হয়ে ছাত্র-ছাত্রীদের বেসরকারি বিদ্যালয়ে ভর্তি

☛ ৬ এর পাতায় দেখুন

## দেশের অর্থনৈতিক বিকাশে অসংগঠিত শ্রমিকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে ঃ মুখ্যমন্ত্রী

### পিএম বিশ্বকর্মা প্রকল্পের প্রদর্শনী ও মেলার উদ্বোধন



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর।।** ভারতীয় অর্থনীতিতে শ্রমশক্তির একটি উল্লেখযোগ্য অংশ হচ্ছে আমাদের দেশের প্রথাগত ঐতিহ্যবাহী কারিগর ও শিল্পীরা। দেশের অর্থনৈতিক বিকাশে অংসগঠিত শ্রমিকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ১ নং প্রেক্ষাগৃহে পিএম-বিশ্বকর্মা প্রকল্পে প্রদর্শনী ও বাণিজ্যিক মেলার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগ মন্ত্রকের কেন্দ্রীয় মন্ত্রী জিতন রাম মাঁঝি। তিনদিনব্যাপী এই প্রদর্শনী ও বাণিজ্যিক মেলা আগামী ২৭ অক্টোবর পর্যন্ত চলবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, আমাদের দেশের সমস্ত প্রথাগত কারিগর ও শিল্পীদের সার্বিক উন্নয়নে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পিএম-বিশ্বকর্মা প্রকল্পটি চালু করেছিলেন, যাদের জন্য আগে কখনও ভাবা হয়নি। কার্পেন্টার, রাজমিস্ত্রী, নাপিত, ধোপা, মালাকার, দর্জি, পুতুল ও খেলনা প্রস্তুতকারক সহ ১৮টি নির্বাচিত ট্রেডের সাথে যুক্ত ঐতিহ্যবাহী প্রথাগত কারিগর ও শিল্পীদের সুবিধা প্রদান করাই এই প্রকল্পের মূল লক্ষ্য। এই প্রকল্পে কারিগর শ্রেণীর মানুষদের দক্ষতা প্রশিক্ষণ, জামানতবিহীন ঋণ, আধুনিক যন্ত্রপাতি বা সরঞ্জাম, ডিজিটাল লেনদেনের জন্য ইনসেনটিভ প্রভৃতির সুবিধা প্রদান করা হচ্ছে। পিএম-বিশ্বকর্মা প্রকল্প রূপায়ণের মধ্য দিয়ে প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গি সবকা সাথ সবকা বিকাশ সবকা বিশ্বাস সবকা প্রয়াসই প্রতিফলিত হয়।

মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যের গ্রামীণ অর্থনীতির অবস্থা এখন অনেক উন্নত। আগের চেয়ে স্বসহায়ক গোষ্ঠীর সংখ্যাও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন

☛ ৬ এর পাতায় দেখুন

## হরিনের মাংস সহ তিনটি দেশি বন্দুক উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ২৫ অক্টোবর।।** বিলোনিয়া মহকুমার তৃষ্ণা অভয়ারণ্য গোপন খবরের ভিত্তিতে বৃহস্পতিবার সন্ধ্যায় উদ্ধার করা হল হরিণ এর মাংস ও তিনটি দেশি বন্দুক। তৃষ্ণা এডিসি ভিলেজ এর উত্তর কাঁসারির হরিচরণ রোয়াজা পাড়াতে বাসী ত্রিপুরা ও হাজার কুমার ত্রিপুরার বাড়িতে হরিণ এর মাংস ও বাসী ত্রিপুরার ঘরের খাটের মধ্যে তিনটি বন্দুক ও পাঁচশ থেকে ছয়শ গ্রাম হরিণ এর মাংস পাওয়া যায়।

দীর্ঘ দিন ধরে চোরা শিকারিরা তৃষ্ণা অভয়ারণ্য হরিণ শিকার করছিল। অনেক অভিযান ও চালিয়ে ছিল কিন্তু

☛ ৬ এর পাতায় দেখুন

## অমিত শাহের উপস্থিতিতে স্বরাষ্ট্র মন্ত্রকের কমিটিতে সদস্য বিপ্লব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর।।** কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের পৌরহিত্যে স্বরাষ্ট্র মন্ত্রকের কমিটিতে সদস্য মনোনীত হলেন সাংসদ বিপ্লব কুমার দেব। এই কমিটির সভাপতি হলেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, কেন্দ্রীয় মন্ত্রী নিত্যানন্দ রাই, কেন্দ্রীয় মন্ত্রী বান্দি সঞ্জয় কুমার।

এছাড়া এই কমিটির সদস্য হিসেবে লোকসভা থেকে রয়েছেন ১৫ জন সদস্য। তার মধ্যে রয়েছে রাজ্যের সাংসদ তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেবের নাম। এছাড়া রাজ্যসভা থেকে ১৩ জন সদস্য রয়েছেন এই কমিটিতে।



## জঙ্গলে গুলিবিদ্ধ হয়ে মৃত্যু ব্যক্তির

**নিজস্ব প্রতিনিধি, কাঞ্চনপুর, ২৫ অক্টোবর।।** জঙ্গলে সবজি সংগ্রহ করতে গিয়ে দশদা কাঞ্চনপুর হাঁসাপাড়া এলাকায় গুলিবিদ্ধ এক ব্যক্তি। গুরুতর অবস্থায় জিবি হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়েছে।

জানা গেছে, আজ সকালে দশদা কাঞ্চনপুর হাঁসাপাড়ার বাসিন্দা অধিরায় রিয়াং( ৩৮) জঙ্গলে সবজি সংগ্রহ করতে গেলে গুরুতর আহত হন। স্থানীয় জনগণ তাকে উদ্ধার করে নিকটবর্তী হাসপাতালে নিয়ে যান।

স্থানীয়দের বক্তব্য, অধিরায়ের পায়ে গুলি লেগেছে। তবে গুলির আওয়াজ শুনেছেন বলে তারা মনে

☛ ৬ এর পাতায় দেখুন

## ড্রাগস মাফিয়ার বাড়িতে পুলিশের হানা, উদ্ধার প্রচুর নেশা সামগ্রী

### ধৃত এক

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২৫ অক্টোবর ।।** আবারও নেশা বিরোধী অভিযানে বড়সড় সাফল্য পেয়েছে ত্রিপুরা পুলিশ। ড্রাগ মাফিয়ার বাড়িতে বিপুল পরিমাণে নেশা সামগ্রী উদ্ধার হয়েছে। খোয়াইয়ের লালছড়া এলাকার ড্রাগ মাফিয়া দীপঙ্কর দাসের বাড়ি থেকে বিপুল পরিমাণে নেশা সামগ্রী বাজেয়াপ্ত করেছে পুলিশ। তবে তাকে জালে তোলা সম্ভব হয়নি।

খোয়াই থানার পুলিশ জানিয়েছে, ড্রাগ মাফিয়া দীপঙ্কর দাস নেশার রমরমা করবার শুরু করেছে বলে পুলিশ খবর পেয়েছিল। সে মোতাবেক খোয়াইয়ের লালছড়া এলাকায় তাঁর বাড়িতে হানা দেয় পুলিশ বাহিনী। তাঁর বাড়িতে সুভাষ পার্ক ফাঁড়ির ওসি রণজিৎ সরকারের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী তল্লাশি চালিয়েছে। ৯৬২ কৌটা হিরোইন ও ১২০টি ইয়াবা ট্যাবলেট এবং সাতটি মোবাইল ও কিছু নগদ অর্ পুলিশ উদ্ধার করেছে। পুলিশ আরও জানিয়েছে, তল্লাশি অভিযান চলাকালীন দীপঙ্কর দাস সহ আরও কয়েকজন নেশা কারবারি পুলিশের চোখে ধুলো দিয়ে পালিয়ে যেতে সক্ষম হয়েছে। তবে, নেশা কারবারি হিসেবেই পরিচিত সুব্রত সরকারকে পুলিশ গ্রেফতার করতে পেরেছে। এদিকে, মাদক সংক্রান্ত মামলায় নির্দিষ্ট ধারায় পুলিশ দীপঙ্কর দাসের বিরুদ্ধে তদন্ত শুরু করেছে।

## পালাতে গিয়ে দুর্ঘটনাগ্রস্থ চোরাই কাঠ বোঝাই গাড়ি, আহত ১

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২৫ অক্টোবর।।** শান্তির বাজার মহকুমার কালাছড়া এলাকায় দুর্ঘটনার শিকার হল একটি চোরাইকাঠ বোঝাইগাড়ী। ঘটনার বিবরনেজানাযায় শুক্রবার সকালবেলা শান্তিরবাজার পেট্রোলপাম্পে তেল নিতে গিয়ে টি আর ০৩ ০৪৭৯ নাম্বারের মারুতি ভ্যান গাড়ীর মধ্যে বিপুল পরিমানে চোরাইকাঠ দেখতে পায় বনদপ্তরের কর্মীরা।

বনদপ্তরের কর্মীদের দেখে চোরাইকাঠ বোঝাইগাড়ীটি পালিয়ে যাবার চেষ্টা করে। জানাযায় বনদপ্তরের গাড়ীটি দুর্ঘটনা ঘটাতে বনদস্যুরা চোরাইকাঠ বোঝাইগাড়ী থেকে একের পর এর কাঠ রাস্তায় ফেলে রেখে পালিয়ে যাবার চেষ্টা করে। সকল প্রচেষ্টা করা সত্বেও কালাছড়া এলাকায় পৌঁছানোর সঙ্গে সঙ্গে কাঠ বোঝাই গাড়ীটি নিয়ন্ত্রয় হারিয়ে দুর্ঘটনার কবলে পরে।

এতে করে কাঠ বোঝাই গাড়ীতে থাকা একজন কাঠের চাপা পরে গুরতর আহত হয়। দুর্ঘটনার সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে উপস্থিত হয় শান্তিরবাজার দমকলবাহিনীর কর্মীরা। দমকলবাহিনীর কর্মীরা ঘটনাস্থলে উপস্থিত হয়ে আহত ব্যক্তিকে ঘটনাস্থল থেকে উদ্ধার করে চিকিৎসার জন্য শান্তিরবাজার জেলাহাসপাতালে নিয়েআসে। অপরদিকে বনদপ্তরের কর্মী

☛ ৬ এর পাতায় দেখুন

## যুবতী অপহরণ ঃ পুলিশের জালে দুই অভিযুক্ত

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ২৫ অক্টোবর।।** মুসলিম যুবক কর্তৃক হিন্দু যুবতী অপহরণের ঘটনায় বিশালগড় মহিলা থানার পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছে দুইজন। মূল অভিযুক্ত পলাতক। মুসলিম যুবক কর্তৃক হিন্দু যুবতী অপহরণের অভিযোগ উঠেছে। ঘটনাটি ৮ মাস পূর্বের। বিগত ৮ মাস ধরে মেয়েটির বাবা হন্যে হয়ে রাজ্যের এক প্রান্ত থেকে অপরপ্রান্তে খুঁজে চলেছে তার একমাত্র মেয়েটিকে।

পুলিশে অভিযোগ জানানোর পরেও পুলিশ সেই মুসলিম যুবক সাহিল খানের সন্ধান দিতে ব্যর্থ হয়। বিশালগড় থানার পুলিশ ও বিশালগড় মহিলা থানার পুলিশ অভিযুক্ত সাহিল খানকে না পেয়ে তার কাকা এবং পিসিকে গ্রেপ্তার করে বিশালগড় থানায় নিয়ে যায়। মুসলিম যুবক কর্তৃক হিন্দু মেয়ে অপহরণের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে গোটা এলাকায়। জানাযায় আগরতলা

☛ ৬ এর পাতায় দেখুন

## কুকুরের কামড়ে আহত সাত

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২৫ অক্টোবর।।** ঘটনার বিবরনে জানাযায় শুক্রবার সকালবেলা থেকে শান্তির বাজারে একটি পগলাকুকুরের উৎপাত শুরুহয়। শুক্রবার সন্ধ্যা ৭ টা ৩০ মিনিট নাগাদ শান্তির বাজার জেলা হাসপাতালের কর্তব্যরত চিকিৎসকের নিকট জানাযায় আজকে সন্ধ্যা পর্যন্ত মোট ৭ জন কুকুরের কামরে আহত হয়ে জেলা হাসপাতালে চিকিৎসারজন্য এসেছে।

এরমধ্যে অনেকে চিকিৎসা গ্রহনকরে নিজ নিজ বাড়ীতে চলেগেছে। সন্ধ্যাবেলায় দুইজন কুকুরের কামরে আহত হয়ে জেলা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রয়েছে। জানাযায় কুকুরটি

☛ ৬ এর পাতায় দেখুন

### ত্রিপুরা শান্তিনিকেতন মেডিকেল কলেজ

## হাসপাতালের অগ্রগতি খতিয়ে দেখতে উচ্চপর্যায়ের কমিটি গঠন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর।।** ন্যাশন্যাল মেডিকেল কাউন্সিলের নিয়ম মেনে ত্রিপুরা শান্তিনিকেতন মেডিকেল কলেজ এবং পশ্চিম ত্রিপুরা জেলার মধুবনস্থিত রাণীরখামারে কলেজের সঙ্গে সংযুক্ত প্রস্তাবিত হাসপাতালের পরিকাঠামো এবং উন্নয়নমূলক কাজকর্ম, পঠন পাঠন, হাসপাতাল স্থাপন এবং রোগীদের পরিষেবা প্রদান ইত্যাদি বিষয়গুলি খতিয়ে দেখার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, ত্রিপুরা সরকারের উদ্যোগে একটি উচ্চ পর্য্যায়ের কমিটি গঠন করা হয়েছে।

এই কমিটিতে রয়েছেন স্বাস্থ্য অধিকারের অধিকর্তা, স্বাস্থ্য শিক্ষা অধিকারের অধিকর্তা, আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজের অধ্যক্ষ, ত্রিপুরা মেডিকেল কলেজ এন্ড ডঃ বিআরএএম টিচিং হাসপাতালের অধ্যক্ষ, আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজের অধ্যক্ষ, পি ডব্লিউ ডি এর আগরতলা সার্কেলের সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার, স্বাস্থ্য অধিকারের একাউন্টস অফিসার।এই কমিটি ৩০ দিনের মধ্যে প্রাথমিক রিপোর্ট জমা দেবেন এবং ত্রিপুরা শান্তিনিকেতন মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তির চূড়ান্ত অনুমোদন ন্যাশনাল মেডিকেল কাউন্সিল কর্তৃক দেওয়া পর্য্যন্ত প্রতি ছয় মাস অন্তর রিপোর্ট জমা দেবে।

## ঘুরে দাঁড়ানোর প্রশ্নে সিপিএম রাজ্য কমিটির বৈঠক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর ।।** ঘুরে দাঁড়ানোর প্রশ্নে নয়া দিশা নির্ধারণে ত্রিপুরায় সিপিএম রাজ্য কমিটির বৈঠক সম্পন্ন হয়েছে। বৈঠকে রাজ্যের বর্তমান পরিস্থিতি মোকাবিলায় রণকৌশল নিয়ে আলোচনা হয়। আগরতলায় মেলারমাঠে সিপিএম রাজ্য কার্য্যালয়ে এক দিবসীয় বৈঠক অনুষ্ঠিত হয়। এ-বিষয়ে সিপিএম রাজ্য সম্পাদক জিতেন চৌধুরী জানান, বর্তমান সময়ের রাজনৈতিক ঘটনাবলী নিয়ে আলোচনা সহ দলীয় বিভিন্ন বিষয়ে



সিদ্ধান্ত নেওয়ার উদ্দেশ্যেই এই বৈঠকের আয়োজন করা হয়েছে। তিনি আরো জানান, বর্তমান রাজনৈতিক পরিস্থিতির উপর পর্যালোচনার মাধ্যমে আগামী দিনের

☛ ৬ এর পাতায় দেখুন

## স্কলারশিপের দাবিতে মথার ছাত্র সংগঠনের বিক্ষোভ, ডেপুটেশনে বিধায়ক




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর ।।** স্কলারশিপের দাবিতে আজ সার্কিট হাউস এলাকায় বিক্ষোভ প্রদর্শন করেছে ত্রিপুরা ইন্ডিজিনিয়াস স্টুডেন্ট ফেডারেশন। জনজাতি কল্যাণ দফতরের পক্ষ থেকে দীর্ঘদিন ধরে কোনো স্কলারশিপ পাচ্ছে না ছাত্ররা। প্রায় ৪০০০ ছাত্রছাত্রী এই স্কলারশিপ থেকে বঞ্চিত হচ্ছেন। বহুবার আলোচনা, এমনকি বিক্ষোভ প্রকাশ করেও কোনো সুরাহা হয়নি। শেষে বিধায়ক রণজিৎ দেববর্মার নেতৃত্বে বিক্ষোভকারীদের এক প্রতিনিধি দল রাজভবনে গিয়ে রাজ্যপালের উদ্দেশ্যে ডেপুটেশন প্রদান করেছে। এদিন ওই বিক্ষোভে হঠাৎ বিধায়ক রণজিৎ দেববর্মা উপস্থিত হয়ে সকলকেই ভীষণভাবে চমকে দিয়েছেন।

জনৈক বিক্ষোভকারী জানান, বহুবার স্কলারশিপের বিষয়ে জনজাতি কল্যাণ দফতরের সাথে যোগাযোগ করলেও প্রতিবার কিছু না কিছু অজুহাত দেখিয়ে ছাত্রদের এড়িয়ে গেছেন আধিকারিকরা। জনজাতি কল্যাণ দফতর থেকে পুজোর ছুটি শেষ হওয়ার পর স্কলারশিপ দেওয়া হবে বলে জানানো হলেও, এখনো কারও কাছে স্কলারশিপের টাকা পৌঁছায় নি। তাই স্কলারশিপের দাবিতে আবারো বিক্ষোভ প্রদর্শন করেছে ত্রিপুরা ইন্ডিজিনিয়াস স্টুডেন্ট ফেডারেশন। তিনি বলেন, এ-বিষয়ে মুখ্যমন্ত্রীর সাথে আলোচনা চাইছি আমরা। তিনি এ-বিষয়ে করুক, সেটাও চাইছি আমরা।

পরবর্তীতে সার্কিট হাউস এলাকায় এই বিক্ষোভ কর্মসূচিতে সামিল হলেন টিপরা মথার বিধায়ক রঞ্জিত দেববর্মা। সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের সম্মুখে এসে তিনি জানান, রাজ্যপালের কাছে ডেপুটেশন জমা দেওয়ার উদ্দেশ্যে গিয়েও তাঁর দেখা মিলেনি। তাই, রাজ্যপালের উদ্দেশ্যে তাঁর সচিব ইউকে চাকমার কাছে ডেপুটেশন প্রদান

☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ২৬ অক্টোবর ২০২৪ ইং
৯ কার্ত্তিক, শনিবার, ১৪৩১ বঙ্গাব্দ

# অস্তিত্ব রক্ষার লড়াই!

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশ সারিতে বাধ্য করিবার পর সেই দেশে অরাজকতার পরিবেশ কায়েম হইয়াছে। সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের উপর নির্যাতন ,হিন্দু দেবদেবীর মন্দির ভাঙচুর সহ নানা অঘটন প্রতিনিয়ত ঘটিতেছে। বাংলাদেশে বসবাসকারী হিন্দু সম্প্রদায়ের লোকজনরা চরম নিরাপত্তাহীনতায় দিন কাটাইতেছেন। পরিস্থিতি পরিবর্তন না হইলে বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের লোকজনদের বসবাস করা ঝুঁকিপূর্ণ হইয়া উঠিবে। সনাতন ধর্মাবলম্বীদের পিঠ দেওয়ালে ঠেকিয়া গিয়াছে। এখন আর পিছাইয়া যাইবার জায়গা নাই। নিজেদের অস্তিত্ব রক্ষার প্রশ্নে লড়াই করার শপথ গ্রহণ করার ছাড়া তাহাদের সামনে বিকল্প পথ খোলা নাই। ইতিমধ্যেই এই লড়াই সংগ্রাম শুরু হইয়া গিয়াছে। বাংলাদেশে হিন্দু ধর্ম গুরু সহ বিভিন্ন অংশের মানুষ এই লড়াই সংগ্রামে শামিল হইয়াছেন।

আট দফা দাবিতে ঢাকা অভিমুখে লংমার্চের ডাক দিল সনাতন ধর্মাবলম্বীদের সংগঠন বাংলাদেশ সনাতন জাগরণ মঞ্চ। শুক্রবার এই মঞ্চের তরফে চট্টগ্রামের লালদীঘি ময়দানে গণসমাবেশের ডাক দেওয়া হইয়াছিল। এদিনের সমাবেশ থেকে ঢাকা অভিমুখে লংমার্চের ঘোষণা করা হয়। সনাতন জাগরণ মঞ্চের দাবিগুলির মধ্যে আট দফা দাবির মধ্যে অন্যতম, ট্রাইব্যুনাল গঠন করিয়া সংখ্যালঘু নির্যাতনের বিচার, সংখ্যালঘু কমিশন সুরক্ষা আইন প্রণয়ন, সংখ্যালঘু মন্ত্রণালয় গঠন এবং দুর্গাপূজায় পাঁচ দিন ছুটি বরাদ্দ করিতে হইবে। এদিনের সমাবেশ বক্তব্য রাখিতে গিয়া বাংলাদেশ সনাতন জাগরণ মঞ্চের মুখপাত্র ও পুণ্ডরীক ধামের অধ্যক্ষ চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারী বলেন, “এ দেশের জনসংখ্যার ১৩ শতাংশ রহিয়ায়েছি এখনও, নিঃশেষিত হয়নি। সনাতনীদের বাংলাদশ থেকে উৎখাতের চেষ্টা হইলে পরিণতি ভয়াবহ হইবে। সনাতনীদের ওপর যতই নিপীড়ন হইবে, আমরা তত বেশি ঐক্যবদ্ধ হইব। দাবি আদায়ে বিভাগ ও জেলায় সমাবেশ শেষে আমরা ঢাকা অভিমুখে লংমার্চ করিব।চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারী আরও বলেন, ‘কেউ যদি আমাদের উৎখাত করিয়া শান্তিতে থাকিবার চেষ্টা করেন, তাহা হইলে এ ভূমি আফগানিস্তান হইবে, সিরিয়া হইবে। সাম্প্রদায়িক আচরণ করিয়া বাংলাদেশের কোনও গণতান্ত্রিক শক্তি রাজনীতি করিবার সুযোগ পাইবে না। ক্ষমতার পটপরিবর্তন হইতেছে বারবার, এ দেশে স্থিতিশীলতা আসিতেছে না। কারণ সহনশীলতা লুপ্ত হইতেছে। সম্মানবোধ হারাইয়া যাইতেছে , শিক্ষককে পদত্যাগ করানো হইতেছে। শুধু সংখ্যালঘু পরিচয়ে ৯৩ জনকে পুলিশের চাকরি থেকে অব্যাহতি দেওয়া হইয়াছে। ভেটেরিনারি ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে হিন্দুদের চিহ্নিত করা হইতেছে। মাঝখানে কিছুদিন এমন অপকর্ম থামিয়া গিয়াছিল। এখন মাথাচাড়া দিয়া উঠিতেছে। আমরা আর নীরব থাকিব না। আমরা গণতন্ত্রের নামে প্রহসনকে মানিয়া নিব না। আমরা সংখ্যানুপাতিক হারে সংসদে আসন চাই।চট্টগ্রামের সমাবেশে এদিন যোগ দিয়াছিলেন হাজার হাজার সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায়ের মানুষ। এককথায় বলা চলে জনসমুদ্র। বেলা দুটোর পর থেকে চট্টগ্রাম নগর এবং বিভিন্ন জেলা ও উপজেলা থেকে লোকজন সমাবেশে আসিতে শুরু করেন। তিনটার মধ্যে লালদীঘি মাঠ ভর্তি হইয়া আশপাশে ছড়ায়া পড়েন মানুষ। লোকে লোকারণ্য বকশিবিট থেকে শুরু করিয়া, কে সি দে রোড, জেল রোড, লালদীঘির চারপাশ ও কোতোয়ালি মোড়। এই সমাবেশ থেকে আওয়াজ ওঠে ‘আমার মাটি আমার মা, এ দেশ ছাড়িয়া কোথাও যাইব না’।পটিয়া পাঁচরিয়া তপোবন আশ্রমের অধ্যক্ষ রবীশ্বরানন্দ পুরী মহারাজ বলেন, ‘এই দেশ আমার, এই মাটি আমার। এখানকার স্বাধিকারের জন্য বিপ্লবী সূর্য্য সেনরা জীবন দিয়াছেন। দাবি আদায় না হওয়া পর্য্যন্ত আমরা রাজপথে থাকিব। এই আন্দোলন আমাদের অস্তিত্ব রক্ষার আন্দোলন।’

## দিল্লির বাতাস দূষিতই, যমুনার জলে ভেসে বেড়াচ্ছে বিষাক্ত ফেনা

নয়াদিল্লি, ২৫ অক্টোবর (হি.স.): রাজধানী দিল্লির বাতাস দূষিতই, বিগত কয়েকদিনের মতো শুক্রবারও ধোঁয়াশার চাদরে আচ্ছন্ন থাকল রাজধানী দিল্লি। শীত যত এগিয়ে আসছে দিল্লির বাতাসের গুণগত মান (এয়ার কোয়ালিটি ইনডেক্স) বা একিউআই ততই খারাপ থেকে আরও খারাপের দিকে যাচ্ছে।শুক্রবার সকালেও দিল্লির আনন্দ বিহার, নেহরু প্লেস, ইন্ডিয়া গেট, কর্তব্যপথ, অক্ষরধাম মন্দিরের মতো এলাকাগুলিতে বাতাসের গুণগত মান খারাপ ছিল। আনন্দ বিহার অঞ্চলে এয়ার কোয়ালিটি ইন্ডেক্স নেমে ৩৮৯-এ পৌঁছেছে। দূষণের জেরে রীতিমতো অস্বস্তিতে দিল্লিবাসী। মুখে মাস্ক পরেই বহু মানুষ এদিন সকালে প্রাতঃভ্রমণ করেন।একেই বায়ুদূষণ, বাতাসের গুণগতমান খারাপ, তার মধ্যে জলও খারাপ। দিল্লিতে যমুনার জলে শুক্রবারও দূষণের দৃশ্য ধরা পড়ল। বিগত কয়েকদিনের মতো এদিন সকালেও দিল্লির কালিন্দী কুঞ্জে যমুনার জলে সাদা ফেনা ভাসতে দেখা যায়।

## ওড়িশার স্থলভূমিতে ঘূর্ণিঝড়ের ল্যান্ডফল, বাংলায় প্রভাব তুলনামূলক কম

ভুবনেশ্বর ও কলকাতা, ২৫ অক্টোবর (হি.স.): ওড়িশার স্থলভাগে আছড়ে পড়লো ঘূর্ণিঝড় ‘দানা’। শক্তি বাড়িয়েই স্থলভাগে আছড়ে পড়ে বঙ্গোপসাগরে সৃষ্ট এই সামুদ্রিক ঘূর্ণিঝড়। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, বৃহস্পতিবার রাত ১১.১২ মিনিটে ঘূর্ণিঝড় আছড়ে পড়ার প্রক্রিয়া শুরু হয়। ভিতরকণিকা এবং ধামারার মধ্যবর্তী হাবালিখাটি নেচার ক্যাম্পের কাছ থেকে স্থলভাগ অতিক্রম করে ঘূর্ণিঝড়ের শেষ অংশ। প্রবল বেগে ঝড় বইতে থাকে। ঝড়ের দাপটে ওডিশার ভদ্রকের ধামারায় রাস্তার ওপর অনেক গাছ ভেঙে পড়ে। রাত দেড়টা নাগাদ ওড়িশার ভিতরকণিকা থেকে ধামারার মধ্যবর্তী স্থানে স্থলভাগ অতিক্রম করে ঘূর্ণিঝড়ের সামনের অংশ। এই সময় ঝড়ের গতিবেগ ছিল ঘণ্টায় ১০০ থেকে ১১০ কিলোমিটার। সর্বোচ্চ গতি ছিল ১২০ কিলোমিটার। শুক্রবার সকাল পর্যন্ত এই ‘ল্যান্ডফল’ প্রক্রিয়া চলে। ঘূর্ণিঝড়ের দাপট শেষ হতেই, ভুবনেশ্বর ও কলকাতা বিমানবন্দর থেকে বিমান পরিষেবা শুরু হয়েছে।ঘূর্ণিঝড়ের প্রভাব সেভাবে দেখা যায়নি বাংলায়। রাত ১২টার পর থেকে ঝড়ের দাপট বাড়ে সুন্দরবন এলাকায়। সাগর, নামখানা, পাথর প্রতিমায় বেশ কিছু গাছের ডাল ভেঙেছে। রাতেই জেলা প্রশাসনের পক্ষ থেকে সেই গাছ কেটে সরিয়ে ফেলার চেষ্টা করা হয়। শুক্রবারও সব ফেরি পরিষেবা বন্ধ রয়েছে। সকাল থেকে মেঘলা আকাশ, সঙ্গে হালকা বৃষ্টি হচ্ছে।

## বারামুল্লায় জঙ্গি হামলায় দুই সেনা জওয়ানেরও মৃত্যু, নিহতের সংখ্যা বেড়ে ৪

শ্রীনগর, ২৫ অক্টোবর (হি.স.): জম্মু ও কাশ্মীরের বারামুল্লা জেলায় বৃহস্পতিবারের জঙ্গি হামলায় নিহতের সংখ্যা বেড়ে হল ৪। বৃহস্পতিবারই প্রাণ হারিয়েছিলেন একজন পোর্টার, পরে দু”জন সেনা জওয়ান ও একজন পোর্টার প্রাণ হারান। জঙ্গি হামলায় দু”জন সেনা জওয়ান ও দু”জন পোর্টারের মৃত্যু হয়েছে। জঙ্গি হামলায় আহত হয়েছেন আরও ৩ জন।বৃহস্পতিবার সন্ধ্যায় উত্তর কাশ্মীরের বারামুল্লা জেলার বুটাপাথরি এলাকায় জঙ্গিদের গুলিতে মৃত্যু হয়েছে রাষ্ট্রীয় রাইফেলসের দুই সেনা জওয়ান এবং দুই পোর্টারের। সেনাবাহিনীর গাড়ি লক্ষ্য করে গুলি চালায় জঙ্গিরা। ওই এলাকায় জঙ্গিরা আগে থেকেই লুকিয়ে ছিল। হামলা চালানোর পর জঙ্গিরা পালিয়ে যায়।

# হাবল কেন নোবেল বঞ্চিত

আব্দুল্লাহ আল মাকসুদ

সুবিশাল এই মহাবিশ্ব প্রতিক্ষণেই আরও বড় হচ্ছে। অর্থাৎ, প্রসারিত হচ্ছে। এটা আবিষ্কার করেন মার্কিন জ্যোতির্বিজ্ঞানী এডুইন হাবল (১৮৮৯-১৯৫৩ খ্রি.)। মানুষের মহাকাশ গবেষণার অন্যতম অগ্রনায়ক তিনি। বিশ শতকে মহাকাশ গবেষণায় নতুন দিগন্তের সূচনা করেন। এই শাখার অগ্রগামী গবেষক হিসেবে কিংবা আধুনিক পদার্থবিজ্ঞানে গুরুত্বপূর্ণ অবদান থাকা সত্ত্বেও হাবল কখনো নোবেল পুরস্কারের জন্য মনোনীত হননি। প্রশ্ন আসে, কেন?

এ প্রশ্নের উত্তরে যাওয়ার আগে এডুইন হাবল সম্পর্কে খানিকটা জেনে নেওয়া যাক। ছাত্র জীবনে পড়াশোনার পাশাপাশি খেলাধুলাতেও বেশ ভালো ছিলেন হাবল। আমেরিকান সকার, বেসবল বা বাস্কেট বলসব খেলাতেই বিশেষ দক্ষতার পরিচয় দিয়েছেন। ১৯০৭ সালে কলেজে থাকা অবস্থায় যুক্তরাষ্ট্রের শিকাগো বিশ্ববিদ্যালয়ের বাস্কেট বল টিমের নেতৃত্ব দিয়ে বিজয় ছিনিয়ে আনেন এডুইন হাবল। এসব কিছুর পাশাপাশি পড়াশোনাতেও ছিলেন ভালো। মূলত পড়াশোনা করেন পদার্থবিজ্ঞান, গণিত ও জ্যোতির্বিজ্ঞান নিয়ে। সেই ধারাবাহিকতায় ১৯১০ সালে গণিত ও জ্যোতির্বিজ্ঞানে স্নাতক ডিগ্রি অর্জন করেন। এরপর নোবেল জয়ী মার্কিন পদার্থবিদ রবার্ট মিলিকানের গবেষণা সহকারী হিসেবে শুরু করেন কর্মজীবন। পদার্থের মৌলিক কণা ইলেকট্রন ও প্রোটনের চার্জ পরিমাপ এবং আলোকতড়িৎ ক্রিয়ায় প্রমাণের জন্য রবার্ট মিলিকান ১৯২৩ সালে নোবেল পুরস্কার পেয়েছিলেন। মিলিকানের অধীনে কাজ করাটা তাঁর জন্য ছিল গুরুত্বপূর্ণ অভিজ্ঞতা।


১০০ ইঞ্চি টেলিস্কোপে এমত১ বা অ্যান্ড্রোমিডা নীহারিকার ছবি তুললেন হাবল (সে যুগে অ্যান্ড্রোমিডাকে নীহারিকা বলে ধারণা করতেন বিজ্ঞানীরা)। এ জন্য ৪০ মিনিট এক্সপোজার ব্যবহার করলেন। সেটা ১৯২৩ সালের ৪ অক্টোবরের কথা।

হাবলের শিক্ষাজীবন বেশ বৈচিত্র্যময়। বিজ্ঞানের পাশাপাশি তিনি রোডস স্কলার হিসেবে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে আইনশাস্ত্রে ডিগ্রি অর্জন করেন। স্প্যানিশ ভাষার ওপরও পড়াশোনা করেন কিছু সময়। বহুমুখী জ্ঞানের প্রতি আগ্রহ থাকলেও ইতিহাসে তিনি অমর হয়ে আছেন জ্যোতির্বিজ্ঞানী হিসেবে। কারণ, জ্যোতির্বিজ্ঞানের প্রতি তাঁর আগ্রহ ছাড়িয়ে গিয়েছিল আর সব কিছু।

১৯১৯ সালের দিকে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার মাউন্ট উইলসন মানমন্দিরে ১০০ ইঞ্চি ব্যাসের একটি টেলিস্কোপ স্থাপন করা হয়। উদ্দেশ্য, দূরের গ্যালাক্সিগুলো পর্যবেক্ষণ করা। কিছুদিন পরে এই মানমন্দিরে যোগ দেন এডুইন হাবল।

এর চার বছর পরের কথা। ১০০ ইঞ্চি টেলিস্কোপে এমত১ বা অ্যান্ড্রোমিডা নীহারিকার ছবি তুললেন হাবল (সে যুগে অ্যান্ড্রোমিডাকে নীহারিকা বলে ধারণা করতেন বিজ্ঞানীরা)। এ জন্য ৪০ মিনিট এক্সপোজার ব্যবহার করলেন। সেটা ১৯২৩ সালের ৪ অক্টোবরের কথা। ছবিটা ডেভেলপ করে পরীক্ষা করে দেখলেন, নতুন কিছু দাগ দেখা যাচ্ছে। তিনি ভাবলেন, এগুলো হয় ফটোগ্রাফিক প্লেটের ত্রুটি, নয়তো কোনো নীহারিকা বা নতুন তারা। নিশ্চিত হতে পরের রাতে আবারও অ্যান্ড্রোমিডার ছবি তুললেন। এবার এক্সপোজার ব্যবহার করলেন ৫০ মিনিট। ছবি পরীক্ষা করে আরও দুটি নতুন দাগ দেখতে পেলেন। সে কালে যেকোনো নীহারিকা বা নক্ষত্রের নাম যত্ন করে ক্যাটালগ করে রাখা হতো। হাবল পরীক্ষা করে বুঝলেন, এগুলো আসলে আগের ক্যাটালগে নেইনতুন পাওয়া গেছে। হাবলের সৌভাগ্য, এই ছবির তৃতীয় দাগটি নীহারিকা ছিল না, ছিল সেফিড ভ্যারিয়েবল স্টার বা শেফালি বিষমতারা। সে কালে বিজ্ঞানীরা ভাবতেন, মহাবিশ্ব মানে শুধু মিল্কিওয়ে গ্যালাক্সি। এর ব্যাস ধরা হয়েছিল প্রায় ১ লাখ আলোকবর্ষ। কাজেই ওই সেফিড নক্ষত্র তথা অ্যান্ড্রোমিডা নীহারিকা (যে নীহারিকার মধ্যে নক্ষত্রটির অবস্থান) মিল্কিওয়ে গ্যালাক্সির ভেতরে থাকা কোনোভাবেই সম্ভব নয়।

এই শেফালি তারাকে স্ট্যান্ডার্ড ক্যান্ডল হিসেবে ব্যবহার করা হতো মহাকাশের দূরত্ব মাপার কাজে। হেনরিয়েটা লেভিটের গবেষণার ফলে আগে থেকেই জানা ছিল, এই নক্ষত্রের আলো সময়ের সঙ্গে নিয়মিতভাবে উঠা-নামা করে। আর এ নক্ষত্রের একটা পুরো চক্রের




সঙ্গে নক্ষত্রের উজ্জ্বলতার সম্পর্ক আছে। নক্ষত্রটি যত উজ্জ্বল হয়, ততই তার পালস বা স্পন্দনের চক্রও দীর্ঘ হয়। কাজেই সহজভাবে এই চক্রের ব্যাপ্তি মেপে এর উজ্জ্বলতা ক্যালিব্রেট বা পরিমাপের মানদণ্ড ঠিক করা যায়। এর মাধ্যমে নির্ণয় করা যায় নক্ষত্রটির দূরত্ব।

হাবল দেখতে পান, এর চক্রের সময়সীমা বা ব্যাপ্তি ৩১.৪১৫ দিনের। অর্থাৎ এই বিষম তারাটা সূর্য্যের চেয়েও ৭ হাজার গুণ বেশি উজ্জ্বল। এর পরম ও আপাত উজ্জ্বলতা পরিমাপ করে তারাটির দূরত্ব নির্ণয় করেন হাবল। বিস্ময়ের সঙ্গে তিনি দেখলেন, নক্ষত্রটি পৃথিবী থেকে ৯ লাখ আলোক বর্ষ দূরে রয়েছে। সে কালে বিজ্ঞানীরা ভাবতেন, মহাবিশ্ব মানে শুধু মিল্কিওয়ে গ্যালাক্সি। এর ব্যাস ধরা হয়েছিল প্রায় ১ লাখ আলোকবর্ষ। কাজেই ওই সেফিড নক্ষত্র তথা অ্যান্ড্রোমিডা নীহারিকা (যে নীহারিকার মধ্যে নক্ষত্রটির অবস্থান) মিল্কিওয়ে গ্যালাক্সির ভেতরে থাকা কোনোভাবেই সম্ভব নয়। নিশ্চয়ই এটা মিল্কিওয়ে থেকে অনেক অনেক দূরে রয়েছে। তার মানে, অ্যান্ড্রোমিডা অবশ্যই অবিশ্বাস্যরকম উজ্জ্বল। কারণ তা খালি চোখেই পৃথিবী থেকে দেখা যায়। এরকম উজ্জ্বলতা শুধু কোনো নক্ষত্র ব্যবস্থাতেই থাকা সম্ভব। কাজেই অ্যান্ড্রোমিডা নীহারিকা নয়, সেটা আসলে একটা গ্যালাক্সি, যেখানে মিল্কিওয়ের মতোই কোটি কোটি নক্ষত্রের আবাস। এভাবে হাবল প্রমাণ করে দেখালেন, মহাবিশ্বটা শুধু মিল্কিওয়ে গ্যালাক্সিতে সীমাবদ্ধ নয়। এটা ছিল তাঁর প্রথম বড় কাজ। সে কালে মানুষ ভাবত, মহাবিশ্ব স্থিতিশীল বা স্থির। আলবার্ট আইনস্টাইনও মহাবিশ্বকে স্থির ভাবতেন। হাবলের গবেষণায় দেখা গেল, সেটি সত্য নয়। মহাবিশ্ব প্রতিনিয়ত প্রসারিত হচ্ছে। হাবল টেলিস্কোপের তোলা বিখ্যাত “পিলার অব ক্রিয়েশন”। ইগল নেবুলার এ অঞ্চলের ছবি দেখা যায় গ্যাসের দৃষ্টিনন্দন বর্ণিলতা এর কিছুদিন পরের কথা। দূরের গ্যালাক্সিগুলো পর্যবেক্ষণ করছেন হাবল। তিনি দেখলেন, দূরের গ্যালাক্সিগুলো লালচে দেখাচ্ছে টেলিস্কোপে। এই বিষয়টা আমাদের পরিচিত। তবে উদাহরণ হিসেবে শব্দের কথা বললে বিষয়টা বোঝা সহজ হয়। অ্যাম্বুলেন্সের শব্দ দূরে সরে যেতে থাকলে যেমন শব্দের তীব্রতা কমে, সেরকম করে এ ক্ষেত্রে কমে যাচ্ছিল গ্যালাক্সি থেকে আসা আলোর তীব্রতা। আলোর ক্ষেত্রে আমরা যেসব তরঙ্গদৈর্ঘ্যের আলো দেখতে পাই, তার মধ্যে সবচেয়ে কম কম্পাঙ্কের আলোর রং লাল। এই পর্যবেক্ষণ থেকে হাবল সিদ্ধান্তে পৌঁছালেন, গ্যালাক্সিগুলো আমাদের কাছ থেকে দূরে সরে যাচ্ছে। ফলে সেখান থেকে আসা আলোর কম্পাংক ক্রমশ কমে আমাদের কাছে এসে পৌছাচ্ছে। ফলে, আমরা সেই আলোকে লাল আলো হিসেবে দেখছি। পদার্থবিজ্ঞানের ভাষায়, একে ডপলার ইফেক্ট বা ক্রিয়া বলা হয়। এর সঙ্গে নিশ্চয়ই সবাই পরিচিত। এই গবেষণা কী বলে? সে কালে মানুষ ভাবত, মহাবিশ্ব স্থিতিশীল বা স্থির। আলবার্ট আইনস্টাইনও মহাবিশ্বকে স্থির ভাবতেন। হাবলের গবেষণায় দেখা গেল, সেটি সত্য নয়। মহাবিশ্ব প্রতিনিয়ত প্রসারিত হচ্ছে। হাবলের এই পর্যবেক্ষণ পরবর্তীতে বিগ ব্যাং বা মহাবিশ্বের জন্ম রহস্য উন্মোচনের দার খুলে দিয়েছিল। আগেই বলেছি, জ্যোতির্বিজ্ঞানে হাবলের এত গুরুত্বপূর্ণ অবদান থাকার পরেও তিনি নোবেল পুরস্কার পাননি। এর পেছনে কয়েকটি কারণ রয়েছে। প্রথমত, হাবল যে সময় মহাবিশ্বের সম্প্রসারণ আবিষ্কার করেন, ১৯২৯ সালে, তখন জ্যোতির্বিজ্ঞানে অবদান রাখলে তা পদার্থবিজ্ঞানে নোবেল প্রদানের জন্য বিবেচিত হতো না। পরবর্তীতে হাবল তাঁর কর্মজীবনে জ্যোতির্বিজ্ঞানকে পদার্থবিজ্ঞানের শাখা হিসেবে প্রতিষ্ঠার জন্য কাজ করেন। হাবল কখনো নোবেল পুরস্কার না পেলেও জ্যোতির্বিজ্ঞানের ইতিহাসে এক উজ্জ্বল নক্ষত্র হয়ে আছেন। তাঁর নামে চাঁদের একটি খাদের নামকরণ করা হয়েছে। একটি গ্রহাণুর নাম দেওয়া হয়েছে তাঁরই নামে।

দ্বিতীয় কারণ হিসেবে বিশেষজ্ঞরা বলেন, মহাকাশ নিয়ে হাবলের কাজ নিঃসন্দেহে খুব গুরুত্বপূর্ণ ছিল। মহাবিশ্বকে দেখার দৃষ্টিভঙ্গি পাল্টে দিয়েছে তাঁর গবেষণা। কিন্তু এর প্রভাব ভবিষ্যতে কেমন হবে, তা হয়তো নোবেল কমিটি তখন পুরোপুরি বুঝে উঠতে পারেননি। তৃতীয় আরেকটা কারণ বলা যায়, যা হাবলের নোবেল না পাওয়ার পেছনে ভূমিকা রেখেছে। জ্যোতির্বিজ্ঞান নিয়ে হাবলের কাজটি ছিল মূলত পর্যবেক্ষণনির্ভর। সেরকম শক্ত কোনো তত্ত্ব বা পরীক্ষণ এর পেছনে ছিল না। রেড শিফট বা লোহিত সরণের ডাটা তিনি যেভাবে ব্যাখ্যা করতেন, তার ওপরেই নির্ভর করত পুরো বিষয়টি। হাবল কখনো নোবেল পুরস্কার না পেলেও জ্যোতির্বিজ্ঞানের ইতিহাসে এক উজ্জ্বল নক্ষত্র হয়ে আছেন। তাঁর নামে চাঁদের একটি খাদের নামকরণ করা হয়েছে। একটি গ্রহাণুর নাম দেওয়া হয়েছে তাঁরই নামে। হাবলের অবদান আরও দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়, যখন ১৯৯০ সালে পৃথিবীর কক্ষপথে হাবল স্পেস টেলিস্কোপ পাঠায় মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা। এর মাধ্যমে আমরা আইকনিক অনেক মহাজাগতিক বস্তুর ছবি পেয়েছি। এমন সব ছবি পেয়েছি, যা আগে কখনো পাওয়া যায়নি। হাবল টেলিস্কোপের উত্তরসূরী হিসেবে পরে মহাকাশে পাড়ি জমিয়েছে জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ। মানুষ যতদিন মহাকাশ নিয়ে গবেষণা করবে, ততদিন এডুইন হাবলের নামটি সামনে আসবে ঘুরে ফিরে বারবার। তাঁর কর্ম জ্বলজ্বল করবে স্মৃতির মানসপটে। নোবেল পুরস্কারের চেয়ে এ অর্জন বোধহয় কম কিছু নয়।

# ইতিহাসের আলপথ ধরে পাহাড়ি চট্টগ্রাম

সুজয় চৌধুরী

চিনের জিয়ান শহরে দুনিয়ার প্রাচীনতম চা--- পাতা খুঁজে পাওয়া গিয়েছিল ২০১৬ সালে। কত প্রাচীন, তা আন্দাজ করতে পারেন? দুই হাজার ১০০ বছর! চায়ের ইতিহাস আসলে এমনই পুরোনো, হাজার বছরের। সেই হাজার বছরের পুরোনো ইতিহাসের আলপথ ধরে চা এসে পৌঁছেছিল পাহাড়ে ঘেরা চট্টগ্রামে। এখন যেখানে চট্টগ্রাম ক্লাব, লালখান বাজার, টাইগার পাস কিংবা বাটালি হিলব্রিটিশ আমলে সেখানে ছিল ছায়াঘেরা পাহাড়। তখন ছিল না কোনো সুউচ্চ ভবন, যানজটের ভোগান্তি, উড়ালসড়ক। সেসব পাহাড়েই প্রথম চায়ের উৎপাদন শুরু হয়েছিল। অর্থাৎ বাংলাদেশের বর্তমান ভূখণ্ডের মধ্যে চট্টগ্রামেই প্রথম চা উৎপাদন শুরু হয়।

ইতিহাসের এসব খসড়া পাওয়া যায় ১৮৭৩ সালে বাংলায় চা চাষবিষয়ক তৎকালীন কৃষি বিভাগের এক প্রতিবেদনে। ব্রিটিশ সরকারের কাছে ওই বছরের ২৯ অক্টোবর চট্টগ্রাম থেকে এ প্রতিবেদন পাঠানো হয়েছিল। ১৮৪৩ সালে চট্টগ্রাম ক্লাব ও আশপাশের পাহাড়ি এলাকার ‘পাইওনিয়ার’ বাগানের পাতা থেকে এ চা বানানো হতো। পরীক্ষামূলক এ বাগানে আবাদ শুরু হয় ১৮৪০ সালে। অর্থাৎ চারা রোপণের তিন বছরের মাথায় চা-গাছের পাতা থেকে চা তৈরি হয়। ভারতীয় উপমহাদেশে আসামে পরীক্ষামূলক প্রথম চা তৈরির ছয় বছরের মাথায় চট্টগ্রামের বাগান থেকে চা তৈরি হয়েছিল। অবশ্য বর্তমান ক্লাবটি ছিল পাইওনিয়ার বাগানের ব্যবস্থাপকের বাসা। তবে শহর বড় হতে থাকলে ধীরে ধীরে এ বাগান বিলুপ্ত হয়। চট্টগ্রামে শুরু হলেও চায়ের উৎপাদন এই অঞ্চলে থেমে থাকেনি। এরপর প্রসারিত হয়েছে সিলেট, মৌলভীবাজার, ঠাকুরগাঁও, পঞ্চগড়সহ বিভিন্ন জেলায়। চায়ের সাম্রাজ্যে ব্রিটিশদের গল্প এখন লেখা হচ্ছে নতুনভাবে। কারণ, চায়ের বাজারের আধিপত্য এখন দেশীয় শিল্প গ্রুপের হাতে।

শুরুটা যেভাবে ১৮৪০ সালে তৎকালীন কালেক্টর স্কোনস আসাম থেকে চায়ের বীজ এবং কলকাতার বোটানিক্যাল গার্ডেন থেকে তিনটি চায়না চারা সংগ্রহ করেন। এসব চারা ও বীজ পাইওনিয়ার বাগানে রোপণ করা হয়েছিল। ভারতীয় উপমহাদেশের বর্তমান বাংলাদেশ অংশে প্রথম চা চাষের শুরুটা এ বাগান দিয়েই।

চট্টগ্রাম ক্লাব প্রতিষ্ঠার আগপর্যন্ত এ বাগানে চা উৎপাদিত হয়েছে। ওই প্রতিবেদনে ১৮৭২ সালে পাইওনিয়ার বাগানের তথ্য তুলে ধরে বলা হয়, সে বছর ৬ হাজার ৪০০ পাউন্ড (২ হাজার ৮৮০ কেজি) চা তৈরি হয়। সে সময় বাগানটির ১০ একরে পরিপক্ব চা-গাছ এবং তিন একরে অপরিপক্ব চা-গাছ ছিল। সব মিলিয়ে ওই বছর চট্টগ্রামে ১৩টি বাগানে ১ লাখ ৯৮ হাজার পাউন্ড চা তৈরি হয়। তবে একসময় নগরায়ণের ফলে বাগান এলাকার চেহারা বদলে যায়। হারিয়ে যায় পাহাড়ের ভাঁজে থাকা চা—গাছের সারি। থেমে যায় শ্রমিকের কর্মব্যস্ততা।

চট্টগ্রামে প্রথম চাষ শুরু হলেও ব্রিটিশ শাসনামলে বাংলাদেশ অংশে বাণিজ্যিক ভিত্তিতে প্রথম চা চাষ শুরু হয় সিলেটে। আবার চা চাষের সম্প্রসারণও হয়েছে সেখানে। চা বোর্ডের তথ্য অনুযায়ী, ১৮৫৪ সালে সিলেটে মালিনীছড়া বাগান প্রতিষ্ঠা করা হয়। ১৯০৫ সালে প্রকাশিত ‘আসাম ডিস্ট্রিক্ট গেজেটিয়ারস, সিলেট’-এ বলা হয়, সিলেটের মালিনীছড়ায় প্রথম বাণিজ্যিকভাবে চা চাষ শুরু হয় ১৮৫৭ সালে।

বর্তমানে দেশে ১৬৭টি চা-বাগানের ১৩৫টিই বৃহত্তর সিলেটে। চট্টগ্রামে বাগান রয়েছে ২১টি। চা সম্প্রসারণের তালিকায় এখন যুক্ত হয়েছে উত্তরাঞ্চলের পাঁচ জেলার সমতল এলাকাও।

চাটগাঁর চায়ের সুনাম...

সালটা ১৯১৬। সে বছর জাপান ভ্রমণে গিয়েছিলেন কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর। সেখানে এক ধনী ব্যক্তির বাড়িতে চা-পান অনুষ্ঠানের আমন্ত্রণ পেয়েছিলেন তিনি। রবীন্দ্রনাথও আমন্ত্রণ সানন্দে গ্রহণ করলেন। সেই চায়ের আয়োজনে মোহিত হয়েছিলেন কবিগুরু।

সেরা চায়ের খোঁজেই কবিগুরু সেই চা-চক্রের প্রসঙ্গ টানা হলো। জাপানি চায়ের প্রতি তাঁর অনুরাগ জন্মেছিল অনেক আগেই। গুণে---মানে জাপানি চায়ের সুনাম ছিল। কিন্তু চট্টগ্রামের চা-ও কম যায় না। ১৮৭৩ সালে চট্টগ্রামের কৃষি বিভাগ থেকে ব্রিটিশ সরকারের কাছে পাঠানো প্রতিবেদনে উল্লেখ রয়েছে, পাইওনিয়ার বাগানের চায়ের নমুনা ১৮৬১ সালে লন্ডনে পাঠানো হয়। পরে লন্ডনের মেসার্স টুইনিং অ্যান্ড কোম্পানি ওই নমুনা পরীক্ষা করে ‘এ ওয়ান’ ক্যাটাগরি, অর্থাৎ খুবই ভালো বলে উল্লেখ করে। ১৮৬১ সালের ১ জুলাই দেওয়া ওই সনদে চায়ের চমৎকার স্বাদ ও পানীয়ের রং উজ্জ্বল বলে উল্লেখ করা হয়।

অবশ্য শুরুতে চট্টগ্রামে চা চাষ নিয়ে দ্বিধাদ্বন্দ্ব ছিল। শুষ্ক মৌসুমে বৃষ্টিপাত কম বলে চা চাষ সম্প্রসারণেও শঙ্কা ছিল। অবহেলার কারণে অনেক চা-বাগান প্রতিষ্ঠার উদ্যোগ ভেস্তে যায়। এরপরও চট্টগ্রামের উৎপাদিত চায়ের মান স্বীকৃতি দিয়েছিল বিশ্বখ্যাত চা কোম্পানি টুইনিং। এখানেই শেষ নয়। এ স্বীকৃতির ১৬০ বছর পর আবারও স্বীকৃতি মিলেছে চট্টগ্রামের চায়ের। ২০১৯-২০ এবং ২০২০-২১ নিলাম মৌসুমে চট্টগ্রামের ফটিকছড়িতে ব্র্যাকের কৈয়াছড়া ডলু বাগানের চা দেশের বাগানগুলোর মধ্যে গড়ে সর্বোচ্চ দামে বিক্রি হয়েছে। অর্থাৎ এ বাগানের চায়ের গড় মান ভালো। একরপ্রতি সর্বোচ্চ ফলনেও বছর তিনেক আগে তাক লাগিয়ে দিয়েছে ফটিকছড়ির হালদা ভ্যালি চা—বাগান। ২০১৭ সালে হালদা ভ্যালিতে হেক্টরপ্রতি গড় উৎপাদন ছিল ৩ হাজার ৭১৭ কেজি। সে সময় দেশের অন্য চা-বাগানে গড় উৎপাদন ছিল হেক্টরপ্রতি ১ হাজার ৪৭৭ কেজি। এ জন্য সব বাগানকে পেছনে ফেলে চা উৎপাদনে ‘সেরা পুরস্কার’ পেয়েছিল বাগানটি।

দেশীয়দের আধিপত্য

চায়ের বাজার একসময় ছিল ব্রিটিশদের হাতে। এখন পরিস্থিতি বদলে গেছে। দুই দশকে ব্রিটিশ কোম্পানি ও ব্যক্তিমালিকানাধীন বাগান ইজারা নিয়ে বিনিয়োগ করেছে দেশীয় শিল্প গ্রুপগুলো। তালিকায় ১৮টি শিল্প গ্রুপের নাম রয়েছে। এসব প্রতিষ্ঠান বাগানের সংস্কার যেমন করেছে, তেমনি আধুনিক যন্ত্রপাতি স্থাপনেও বিনিয়োগ করেছে। এতেই মিলেছে সাফল্য।

চা বোর্ডও দুই দশকে নতুন নতুন প্রকল্প নিয়েছে। চা চাষের আওতা বাড়াতে তদারকি বাড়িয়েছে। ক্ষুদ্র চাষি ও নতুন উদ্যোক্তাদের চা চাষে উদ্বুদ্ধ করেছে। তাতে দেড় শ বছরের বেশি সময় ধরে চা উৎপাদনের কেন্দ্রবিন্দু সিলেট-চট্টগ্রাম ছাড়িয়ে চা চাষের বিস্তার ঘটেছে উত্তরাঞ্চল ও পার্বত্য জেলায়। চা উৎপাদনের তথ্য পর্যালোচনায় দেখা গেছে, দুই দশক আগে ২০০০ সালে স্টারলিং কোম্পানি হিসেবে পরিচিত ইউরোপিয়ান কোম্পানিগুলোর হাত ধরে উৎপাদিত হয় মোট উৎপাদনের ৪৮ শতাংশ চা। গত বছর তা কমে দাঁড়ায় প্রায় ১৯ শতাংশ। আর ধারাবাহিকভাবে বেড়ে দেশীয় কোম্পানিগুলোর হাতে এখন উৎপাদিত হচ্ছে ৮১ শতাংশ চা। দুই দশক আগে এই পরিবর্তন শুরু হলেও তাতে গতি পায় যুক্তরাজ্যের জেমস ফিনলে লিমিটেডের চা-বাগান হস্তান্তরের ঘটনার পর। যুক্তরাজ্যে নিবন্ধিত সোয়ার গ্রুপ ফিনলে লিমিটেডকে অধিগ্রহণ করে। তারা বাংলাদেশের ব্যবসায় মুনাফা না দেখে ২০০৫ সালে বিক্রির প্রক্রিয়া শুরু করে। ২০০৬ সালের মার্চে ব্রিটিশ এই কোম্পানির হাতে থাকা ৩৯ হাজার ১১২ একর বাগানের সব শেয়ার আনুষ্ঠানিকভাবে কিনে নেয় ছয়টি গ্রুপ ও দুই ব্যক্তি। ছয়টি গ্রুপ হলো ইস্পাহানি, উত্তরা গ্রুপ (উত্তরা মোটরস), পেডরোলো, ইস্টকোস্ট, এবিসি গ্রুপ এবং এমজিএইচ গ্রুপ। এর মধ্যে শেষ তিনটি প্রথমবার এই খাতে বিনিয়োগ করেছে।

ফিনলে ছাড়াও গত দুই দশকে চা-বাগান ইজারা নিয়ে যুক্ত হয়েছে এ কে খান, আকিজ, স্কয়ার, সিটি, টিকে, ওরিয়ন, কাজী অ্যান্ড কাজী (জেমকন), ইউনাইটেড গ্রুপ, মোস্তফা গ্রুপ এবং প্যারাগন গ্রুপের মতো শিল্প গ্রুপ। বৈশ্বিক পারফিউম ব্র্যান্ড আল হারামাইন পারফিউমস গ্রুপ, পোশাক খাতের প্রতিষ্ঠান হা-মীম ও ভিয়েলাটেক্স গ্রুপও আছে এই তালিকায়। এ ছাড়া বেসরকারি উন্নয়ন সংস্থা ‘ব্র্যাক’ও বিনিয়োগ করেছে চা খাতে। চা বোর্ড জানাচ্ছে, চা উৎপাদনের ভরা মৌসুম ধরা হয় জুন থেকে নভেম্বর পর্যন্ত ছয় মাসকে। এ সময় প্রতি মাসে এক কোটি কেজির বেশি চা উৎপাদিত হয়। ২০১৮ সালে দেশে চা উৎপাদন হয়েছে ৮ কোটি ২১ লাখ কেজি, ২০১৯ সালে ৯ কোটি ৬০ লাখ কেজি, ২০২০ সালে ৮ কোটি ৬৩ লাখ কেজি, ২০২১ সালে ৯ কোটি ৩৮ লাখ এবং গত বছর উৎপাদন হয় ৯ কোটি ৩৮ লাখ কেজি চা। হালদা ভ্যালির সাফল্য চট্টগ্রামে চায়ের কথা এলেই হালদা ভ্যালির নাম সবার ওপরে থাকে। ফটিকছড়ি উপজেলার শেষ প্রান্তে নারায়ণহাট ইউনিয়নে এ বাগান অবস্থিত। চায়ের ইতিহাসের পাতা থেকে মুছে যাওয়া শতবর্ষী এই বাগানের সাফল্যের কথা এখন সবার মুখে মুখে। ইতিমধ্যে চা উৎপাদনে সেরা পুরস্কার পেয়েছে তারা। ২০০৩ সালে এক বন্ধুর পরামর্শে হালদা ভ্যালি ইজারা নেন জলের পাম্প বাজারজাতকারী প্রতিষ্ঠান পেডরোলো এনকে লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক নাদের খান। বাগানটি ১৯০৫ থেকে ২০০২ সাল পর্যন্ত ছয়টি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের হাত ঘুরে সবশেষে আসে পেডরোলো গ্রুপের হাতে। তাঁদের নানা পদক্ষেপে এই বাগানের চেহারা পাল্টে গেছে। প্রথম বছর চা চাষের উপযোগী করে তোলা হয় ১২ একর জায়গা। তাতে রোপণ করা হয় সাড়ে ৭২ হাজার চারাগাছ। তবে পানির অভাবে এক বছরের মাথায় মারা যায় অর্ধেক চা-গাছ। গাছ বাঁচাতে হাসপাতালে ব্যবহৃত স্যালাইনের প্যাকেটে পানি ভরে প্রতিটি গাছের সঙ্গে যুক্ত করে দেওয়া হয়। কিন্তু এ পদ্ধতি সময়সাপেক্ষ ব্যাপার। তাই থাইল্যান্ডে একটি ফলের বাগানে সেচব্যবস্থা অনুসরণ করে ২০০৭ সালে হালদা ভ্যালিতে চালু হয় স্থায়ী সেচব্যবস্থা। এরপরই বাড়তে থাকে উৎপাদন। বাড়তে থাকে চায়ের মান।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# অসমে আয়োজিত এডিআরই পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীদের সাহায্যের লক্ষ্যে ০৫ জোড়া এগজামিনেশন স্পেশাল ট্রেন চালাবে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে



মালিগাঁও, ২৫ অক্টোবর, ২০২৪: অসমে ২৭ অক্টোবর, ২০২৪ তারিখে নির্ধারিত আসাম ডাইরেক্ট রিক্রুটমেন্ট এগজামিনেশন (এডিআরই) পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য প্রার্থীদের সাহায্য ও অতিরিক্ত ভিড় সামলানোর লক্ষ্যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে ০৫ জোড়া এগজামিনেশন স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। পরীক্ষার্থীদের সুবিধার্থে এই ট্রেনগুলি উভয় দিকে একটি করে ট্রিপের জন্য চালানো হবে। এই স্পেশাল ট্রেনগুলির বিবরণ নিম্নরূপ: ট্রেন নং. ০৫১০১/০৫১০২ (করিমগঞ্জ — শিলচর — করিমগঞ্জ) পরীক্ষা স্পেশাল ২৭ অক্টোবর, ২০২৪ তারিখের যথাক্রমে ০৪:০০ ঘন্টায় করিমগঞ্জ এবং ২১:০০ ঘন্টায় শিলচর থেকে রওনা দিয়ে একই দিনে গন্তব্য স্থান শিলচর ০৬:৪০ ঘন্টায় এবং করিমগঞ্জ ২৩:৪০ ঘন্টায় পৌঁছাবে। এই ট্রেনগুলি যাত্রাপথে গুরুত্বপূর্ণ স্টেশন যেমন নিউ করিমগঞ্জ, ভাংগা, বদরপুর, অরুণাচল ইত্যাদি স্টেশন থামবে। ট্রেন নং. ০৫১১৯ (মরিয়নি — নারেঙ্গি) পরীক্ষা স্পেশাল ২৬ অক্টোবর, ২০২৪ তারিখের ১৫:৩৫ ঘণ্টায় মরিয়নি থেকে রওনা দিয়ে পরের দিন ০৫:০০ ঘণ্টায় নারেঙ্গি পৌঁছাবে। একইভাবে, ট্রেন নং. ০৫১২০ (নারেঙ্গি - মরিয়নি) পরীক্ষা স্পেশাল ২৭ অক্টোবর, ২০২৪ তারিখের ১৫:৩০ ঘণ্টায় নারেঙ্গি থেকে রওনা দিয়ে ২৮ অক্টোবর, ২০২৪ তারিখের ০৪:০০ ঘণ্টায় মরিয়নি পৌঁছাবে। উক্ত দুটি ট্রেনেই যাত্রাপথে গুরুত্বপূর্ণ স্টেশন যেমন যোরহাট টাউন, বরুয়া বামুনগাঁও, নুমলিগড়, বরপাথার, ডিমাপুর, ডিফু, লামডিং, লংকা, চাপরমুখ, জাগিরোড, ডিগারু ইত্যাদি স্টেশন থামবে।ট্রেন নং. ০৫১৩৯/০৫১৪০ (হয়বরগাঁও — গুয়াহাটি - হয়বরগাঁও) পরীক্ষা স্পেশাল ২৬ অক্টোবর, ২০২৪ তারিখের ১৪:০০ ঘন্টায় হয়বরগাঁও এবং ২৭ অক্টোবর, ২০২৪ তারিখের ১৫:০০ ঘন্টায় গুয়াহাটি থেকে রওনা দিয়ে একই দিনে তাদের গন্তব্য স্থান গুয়াহাটি ১৮:১৫ ঘন্টায় এবং হয়বরগাঁও ২০:০০ ঘন্টায় পৌঁছাবে। এই ট্রেনগুলি যাত্রাপথে গুরুত্বপূর্ণ স্টেশন যেমন শেনচোয়া, রহা, চাপরমুখ, জাগিরোড, তেতেলীয়া, পানীখাইতি ইত্যাদি স্টেশন থামবে। ট্রেন নং. ০৫৪৫৬ (আলিপুরদুয়ার - কামাখ্যা) পরীক্ষা স্পেশাল ২৬ অক্টোবর, ২০২৪ তারিখের ১৭:০০ ঘণ্টায় আলিপুরদুয়ার থেকে রওনা দিয়ে পরের দিন ০৪:৩০ ঘণ্টায় কামাখ্যা পৌঁছাবে। একইভাবে, ট্রেন নং. ০৫৪৫৭ (কামাখ্যা - আলিপুরদুয়ার) পরীক্ষা স্পেশাল ২৭ অক্টোবর, ২০২৪ তারিখের ১৫:৩০ ঘণ্টায় কামাখ্যা থেকে রওনা দিয়ে ২৮ অক্টোবর, ২০২৪ তারিখের ০৩:৩০ ঘণ্টায় আলিপুরদুয়ার পৌঁছাবে। উক্ত দুটি ট্রেনেই যাত্রাপথে গুরুত্বপূর্ণ স্টেশন যেমন নিউ কোচবিহার, ধুবরি, সাপটগ্রাম, কোকরাঝার, নিউ বঙাইগাঁও, দুধনৈ, বকো, মির্জা ইত্যাদি স্টেশন থামবে।ট্রেন নং. ০৫৬৭৯/০৫৬৮০ (জামিরা — শিলচর - জামিরা) পরীক্ষা স্পেশাল ২৭ অক্টোবর, ২০২৪ তারিখের যথাক্রমে ০৪:০০ ঘন্টায় জামিরা এবং ১৫:৩০ ঘন্টায় শিলচর থেকে রওনা দিয়ে একই দিনে তাদের গন্তব্য স্থান শিলচর ০৭:১০ ঘন্টায় এবং জামিরা ১৯:০০ ঘন্টায় পৌঁছাবে।এই ট্রেনগুলি যাত্রাপথে গুরুত্বপূর্ণ স্টেশন যেমন কাটলিছড়া, হাইলাকান্দি, কাটাখাল, অরুণাচল ইত্যাদি স্টেশন থামবে।

# ৮ দফা দাবি আদায়ে বাংলাদেশের চট্টগ্রামে লাখ লাখ সনাতনী



ঢাকা থেকে মনির হোসেন।। বাংলাদেশ সনাতন জাগরণ মঞ্চের মুখপাত্র ও পুণ্ডরীক ধামের অধ্যক্ষ চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারী বলেছেন, যদি বাংলাদেশ থেকে আমাদের উচ্ছেদ করে কেউ শান্তিতে থাকতে চান, তাহলে এটা আফগানিস্তান-সিরিয়া হবে। গণতান্ত্রিক শক্তি থাকবে না, সাম্প্রদায়িকতার অভয়ারণ্য হবে। শুক্রবার বিকালে বাংলাদেশের চট্টগ্রামের লালদিঘি মাঠে বাংলাদেশ সনাতন জাগরণ মঞ্চের মহাসমাবেশে তিনি এসব কথা বলেন। গত ৫ আগস্ট ছাত্র জনতার গণঅভ্যুত্থানের পর মন্দির, হিন্দু বাড়িঘরে হামলা, শিক্ষকদের জোর করে পদত্যাগের অভিযোগ করে এর প্রতিবাদে এবং আট দফা দাবি পুরোপুরি বাস্তবায়নের লক্ষ্যে এ মহাসমাবেশ আয়োজন করা হয়। এতে বিপুলসংখ্যক মানুষ উপস্থিত ছিলেন।

তাদের আট দফা দাবিগুলো হলো— সংখ্যালঘু নির্যাতনের বিচারের জন্য দ্রুত বিচার ট্রাইব্যুনাল গঠন করে দোষীদের দ্রুততম সময়ে উপযুক্ত শাস্তি প্রদান, ক্ষতিগ্রস্তদের যথোপযুক্ত ক্ষতিপূরণ প্রদান ও পুনর্বাসনের ব্যবস্থা, অনতিবিলম্বে সংখ্যালঘু সুরক্ষা আইন প্রণয়ন, সংখ্যালঘু বিষয়ক মন্ত্রণালয় গঠন, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টকে হিন্দু ফাউন্ডেশনে উন্নীত করা, পাশাপাশি বৌদ্ধ ও খ্রিষ্টানধর্মীয় কল্যাণ ট্রাস্টকেও ফাউন্ডেশনে উন্নীত করা, 'দেবোত্তর সম্পত্তি পুনরুদ্ধার ও সংরক্ষণ আইন প্রণয়ন এবং অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন' যথাযথ বাস্তবায়ন, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সংখ্যালঘুদের জন্য উপাসনালয় নির্মাণ এবং প্রতিটি হোস্টেলে প্রার্থনা রুম বরাদ্দ; সংস্কৃত ও পালি শিক্ষা বোর্ড আধুনিকায়ন; শারদীয় দুর্গাপূজায় ৫ দিন ছুটি।

অধ্যক্ষ চিন্ময় কৃষ্ণ দাস বলেন, যেই মঞ্চ থেকে ছয় দফা দাবি ঘোষিত হয়েছে, সেই লালদিঘীর ময়দানে আজ হিন্দু সনাতনদের গণজোয়ার এসেছে। আমাদের যত বেশি নির্যাতন করা হবে তত বেশি আমরা এক হবো। এই ঐক্য বাংলাদেশের স্বাধীনতা থেকে শুরু করে বাংলার কৃষ্টি কালচারের ঐক্য।

এই ঐক্য কোনোভাবে খণ্ডিত করা যাবে না। আট দফা দাবি আদায়ের উদ্দেশ্যে ইতোমধ্যে ১৯ সদস্যের সমন্বয়ক কমিটি গঠন করা হয়েছে। স্বাধীনতার ৫৩ বছরে সনাতনীরা শুধু অবহেলিত ছিল। সরকার আসে সরকার যায় কিন্তু সনাতনীদের ভাগ্য বদলায় না। যেই সরকার ক্ষমতায় থাকে তারা সনাতনীদের দুঃখ-দুর্দশাকে লুকানোর চেষ্টা করে। সনাতনীদের সঙ্গে হওয়া অন্যায়, নির্যাতন লুকিয়ে স্বাভাবিকতার কথা বলে। গত ৫৩ বছরে এ দেশে হওয়া হিন্দু নির্যাতন, হত্যার কোনও বিচার হয়নি।

## ভারতের নমনীয় ক্ষমতা, বৈশ্বিক আলোচনা গঠনে উল্লেখযোগ্য শক্তি হয়ে উঠেছে : রুচিরা কাম্বোজ

নয়াদিল্লি, ২৫ অক্টোবর (হি.স.): ভারতের নমনীয় ক্ষমতা, বৈশ্বিক আলোচনা গঠনে উল্লেখযোগ্য শক্তি হয়ে উঠেছে। তাৎপর্যপূর্ণ মন্তব্য করলেন রাষ্ট্রসঙ্ঘে ভারতের প্রাক্তন স্থায়ী প্রতিনিধি রুচিরা কাম্বোজ। শুক্রবার দিল্লিতে ভারতীয় সেনাবাহিনী আয়োজিত চাণক্য প্রতিরক্ষা সংলাপের দ্বিতীয় সংস্করণে রুচিরা কাম্বোজ বলেছেন, 'প্রথমে এবং সর্বাগ্রে, আসুন কিছু ইতিহাস দিয়ে শুরু করা যাক। আমি মনে করি আপনারা সকলেই খুব পরিচিত যে, ভারত ১৯৪৫ সালে রাষ্ট্রসঙ্ঘের প্রতিষ্ঠাতা সদস্য ছিল। ভারত নিপীড়িত, প্রান্তিক এবং কণ্ঠহীনদের জন্য একটি কণ্ঠস্বর ছিল। আমরা বর্ণবাদের বিরুদ্ধে একটি নীতিগত অবস্থান নিয়েছিলাম এটি ব্যাপকভাবে গৃহীত হওয়ার অনেক আগে, বা বলা উচিত, এটি ফ্যাশনেবল হওয়ার অনেক আগে।'রুচিরা কাম্বোজ আরও বলেছেন, 'আমরা ঔপনিবেশিকীকরণ আন্দোলনেও নেতৃত্ব দিয়েছিলাম। সেই সময়ে আমাদের কূটনৈতিক নেতৃত্ব বিশ্বের সঙ্গে ভারতের সম্পৃক্ততার একটি কাঠামো তৈরি করেছিল। বহুপাক্ষিকতার প্রতি ভারতের দৃষ্টিভঙ্গি কখনওই নয় এবং আমি জোর দিয়ে বলছি, ক্ষমতার রাজনীতির বিষয়ে কখনওই ছিল না।'

## ছত্তিশগড় সফরে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, বিমানবন্দরে অভ্যর্থনা জানালেন রাজ্যপাল ও মুখ্যমন্ত্রী

রায়পুর, ২৫ অক্টোবর (হি.স.): ছত্তিশগড়ের রাজ্যপাল রমেন ডেকা এবং মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই রায়পুরের স্বামী বিবেকানন্দ বিমানবন্দরে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে উষ্ণ অভ্যর্থনা জানিয়েছেন। তিনি ছত্তিশগড়ে দুদিনের সফরে এসেছেন।

জানা গেছে, শুক্রবার রাষ্ট্রপতি ছত্তিশগড়ের রাজধানী রায়পুরে এইমস-এর সমাবর্তন অনুষ্ঠানে যোগদান করবেন। এরপর এনআইটি রায়পুরের সমাবর্তনে যোগ দেবেন। এছাড়া তিনি রায়পুরের পুরখোটি মুক্তাঙ্গন পরিদর্শন করবেন। শনিবার রাষ্ট্রপতি মুর্মু আইআইটি ভিলাইয়ের চতুর্থ সমাবর্তনে যোগ দেবেন।

# ভারতের দক্ষ ম্যানপাওয়ারের ওপর জার্মানি যে ভরসা দেখিয়েছে তা অসাধারণ : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৫ অক্টোবর (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং জার্মান চ্যান্সেলর ওলাফ স্কোলজ শুক্রবার দিল্লিতে জার্মান বিজনেস ২০২৪-এর ১৮-তম এশিয়া-প্যাসিফিক কনফারেন্সের উদ্বোধন করেছেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, ১২ বছরের ব্যবধানের পরে, জার্মান ব্যবসার এশিয়া-প্যাসিফিক সম্মেলনের আয়োজন করছে ভারত। একইসঙ্গে, সিইও ফোরামের আহ্বায়ক এবং আমাদের নৌবাহিনী যৌথ মহড়া পরিচালনা করছে। প্রধানমন্ত্রী মোদী বলেছেন, এখন ভারত ও জার্মানি সপ্তম আন্তঃসরকারি পরামর্শের আয়োজন করতে যাচ্ছে। ভারত ও জার্মানি প্রতিটি পদক্ষেপে, প্রতিটি দিক থেকে সম্পর্কের গভীরতা দেখছে।প্রধানমন্ত্রীর কথায়, জার্মানি দক্ষ ভারতীয় পেশাদারদের জন্য বার্ষিক ভিসা কোটা ২০ হাজার থেকে বাড়িয়ে ৯০ হাজার করার সিদ্ধান্ত নিয়েছে। এই পদক্ষেপ জার্মানির প্রবৃদ্ধিতে একটি উল্লেখযোগ্য উৎসাহ দেবে বলে আশা করা হচ্ছে।এই সিদ্ধান্তের লক্ষ্য জার্মানির দক্ষ শ্রমিকের চাহিদা পূরণ করা এবং ভারতের সঙ্গে অর্থনৈতিক সহযোগিতা জোরদার করা। ফলস্বরূপ, ভারতীয় পেশাদারদের জার্মানিতে কাজের সুযোগ বৃদ্ধি পাবে, দুই দেশের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক জোরদার করবে।

# মথুরায় সঙ্ঘের কার্য্যকারী মণ্ডলের বৈঠক শুরু, শুভারম্ভ করলেন সরসঙ্ঘচালক

মথুরা, ২৫ অক্টোবর (হি.স.): উত্তর প্রদেশের মথুরায় শুরু হল রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ (আরএসএস)-এর দু''দিনব্যাপী অখিল ভারতীয় কার্য্যকারী মণ্ডলের বৈঠক। শুক্রবার সকালে মথুরার পরখমের গৌগ্রামে পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় গৌ বিজ্ঞান ও গবেষণা কেন্দ্রে এই বৈঠকের শুভারম্ভ হয়। রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘের সরসঙ্ঘচালক ডক্টর মোহন ভাগবত এবং সরকার্য্যবাহ দত্তাত্রেয় হোসবালে ভারত মাতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে বৈঠকের শুভারম্ভ করেন। রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সর্বভারতীয় প্রচার প্রমুখ নরেন্দ্র ঠাকুর বলেছেন, দু''দিনের কার্য্যনির্বাহী মণ্ডলের বৈঠক শনিবার সন্ধ্যা ৬.১৫ মিনিট পর্য্যন্ত চলবে। বৈঠকে সংঘের কাজ সম্প্রসারণ ও শতবর্ষের অনুষ্ঠানের বিষয়ে পরিকল্পনা করা হবে। শতবর্ষ উপলক্ষে সঙ্ঘ পঞ্চ পরিবর্তনের পাঁচটি বিষয় নিয়েছে, যার মধ্যে রয়েছে সামাজিক সম্প্রীতি, পারিবারিক জ্ঞান, পরিবেশ, "স্ব" ভিত্তিক জীবনধারা এবং সমাজের প্রতি নাগরিক দায়িত্ব নেওয়া, সেগুলি নিয়ে আলোচনা হবে।তিনি বলেছেন, সঙ্ঘের সমস্ত ৪৬টি প্রদেশের প্রাদেশিক এবং সহ-প্রাদেশিক সঙ্ঘ চালক, কার্য্যবাহী এবং প্রচারকরা সর্বভারতীয় কার্য্যনির্বাহী মণ্ডলের সভায় উপস্থিত রয়েছেন। বৈঠকে সঙ্ঘের সহ-সরকার্য্যবাহ ডাঃ কৃষ্ণ গোপাল, ডাঃ সি.এ. মুকুন্দা, অরুণ কুমার, রামদত্ত চক্রধর, অলোক কুমার এবং অতুল লিময়ে ছাড়াও সর্বভারতীয় কার্য্যনির্বাহী সদস্যরা উপস্থিত রয়েছেন।

# বিচ্ছিন্নতাবাদী আন্দোলন, প্রশান্ত ভূষণকে কটাক্ষ তথাগতর

কলকাতা, ২৫ অক্টোবর (হি.স.): ভারতের বিচ্ছিন্নতাবাদী আন্দোলন নিয়ে আইনজীবী তথা সক্রিয় সমাজকর্মী প্রশান্ত ভূষণকে কটাক্ষ করলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।নিউইয়র্ক টাইমসে এক পাতার একটি সচিত্র লেখা প্রকাশিত হয়েছে ভারতে উমর খালিদের আন্দোলন নিয়ে। সেই লেখা যুক্ত করেপ্রশান্ত ভূষণ উমরকে লক্ষ্য করে এক্সবার্তায় লিখেছেন, "বিনা বিচারে ৪ বছর জেলে। মোদীর ভারতে ভিন্নমতের দাম। নিউ ইয়র্ক টাইমসের চমৎকার লেখা।"উমর খালিদ।" এর জবাবে তথাগতবাবু লিখেছেন, "পাকিস্তান তৈরি হয়েছিল যাতে ভারতীয় মুসলমানরা, যারা অনুমিতভাবে একটি "বিচ্ছিন্ন জাতি" গঠন করেছিল, তাদের হিন্দু-সংখ্যাগরিষ্ঠ রাষ্ট্রে অন্যায়ের শিকার হতে হবে না। তাহলে মিস্টার খালিদের পছন্দের দল ভারতে এখানে কী করছে?

এই মৌলিক প্রশ্নটি আমাকে কষ্ট দেয়। নিউ ইয়র্ক টাইমস-এর কি কোনও উত্তর আছে? মনে রাখবেন, আমি তার প্রভুর স্বর জিজ্ঞাসা করছি না।" প্রসঙ্গত, মানবাধিকার কর্মী বলে বর্ণিত উমর খালিদ জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের ডেমোক্রেটিক স্টুডেন্টস ইউনিয়নের নেতা ছিলেন। কাশ্মীরি নেতা আফজাল গুরু ও মকবুল ভাটের ফাঁসির দন্ডের বিরুদ্ধে জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত বিক্ষোভ কর্মসূচীতে তিনি অংশ নিয়েছিলেন।

# একাধিক নেতা যোগ দিলেন অজিতের এনসিপি-তে, শামিল সিদ্দিকির ছেলেও

মুম্বই, ২৫ অক্টোবর (হি.স.): মহারাষ্ট্রে বিধানসভা নির্বাচনের কয়েকদিন আগেও দলবদলের পালা অব্যাহত। শুক্রবার সকালে একাধিক নেতা যোগ দিলেন মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী অজিত পওয়ারের এনসিপি-তে। বিজেপি নেতা নিশিকান্ত ভোসলে পাতিল এবং প্রাক্তন বিজেপি সাংসদ সঞ্জয়কাকা পাতিল অজিত পওয়ারের উপস্থিতিতে এনসিপি-তে যোগ দিয়েছেন। সঞ্জয়কাকা পাতিল এবং নিশিকান্ত ভোসলেকে তাঁদের নির্বাচনী এলাকার জন্য এবি ফর্মও দেওয়া হয়। ইসলামপুর থেকে ভোসলে এবং তাসগাঁও থেকে সঞ্জয়. কাকা পাতিল।এনসিপিতে যোগদানের পর বিজেপি নেতা নিশিকান্ত ভোসলে পাতিল বলেছেন, 'আমাদের নেতা দেবেন্দ্র ফড়নবিসের নির্দেশে আমি আজ এনসিপি-তে যোগ দিয়েছি। ইসলামপুর বিধানসভা আসনটি এনসিপি-র হাতে চলে যাওয়ায় আমাকে বিজেপি থেকে এনসিপি-তে যেতে হয়েছে।আমি নির্বাচনে জিতব।

এনসিপি-র টিকিটে ইসলামপুর আসন থেকে।' প্রয়াত এনসিপি নেতা বাবা সিদ্দিকির ছেলে, মুম্বই যুব কংগ্রেসের প্রাক্তন সভাপতি জিশান সিদ্দিকিও অজিত পওয়ারের এনসিপি-তে যোগ দিয়েছেন। বান্দ্রা পূর্ব নির্বাচনী এলাকা থেকে জিশান সিদ্দিকিকে প্রার্থী হিসাবে ঘোষণা করেছে এনসিপি। জিশান সিদ্দিকি বলেছেন, 'আমি নিজের বাবাকে হারিয়েছি এবং অনেক মানুষ ভুলভাবে রাজনৈতিকভাবে ব্যবহার করেছে... আমি কংগ্রেস সম্পর্কে কিছু বলতে চাই না, কারণ তারা সবসময় শিবসেনা (উদ্ধব শিবির)-র চাপের মধ্যে থাকে।'

## অভিষেকের নির্দেশই সার, জুনিয়র ডাক্তারদের বিরুদ্ধে দলের প্রচার অব্যাহত

কলকাতা, ২৫ অক্টোবর (হি.স.): জুনিয়র ডাক্তারদের অনশন প্রত্যাহারের ঠিক পরেই তৃণমূল নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায় প্রকাশ্যে বলেছেন, আন্দোলনকারীদের বিরুদ্ধে যেন নেতিবাচক কিছু প্রচার না করা হয়। কিন্তু সেই নির্দেশকে গুরুত্ব দিচ্ছেন না দলেরই একাংশ। শুক্রবারও তোপ দাগলেন তৃণমূল নেতা কুণাল ঘোষ।

এক্সবার্তায় কুণাল অবশ্য দাবি করেছেন অধুনা ছাত্র আন্দোলনের এক নেতার বিরুদ্ধে আগে কীভাবে হুমকি সংস্কৃতির অভিযোগ উঠেছিল। কুণাল লিখেছেন, "মধুমিতা ঘোষ রামপুরহাট মেডিক্যাল কলেজের ছাত্রী ছিলেন। ২৬শে জানুয়ারী ২০২১, তাঁকে হোস্টেলের ঘরে ঝুলন্ত অবস্থায় যখন পাওয়া যায় ততক্ষনে তাঁর মৃত্যু হয়েছে। মেয়েটির বাবা মা ওই কলেজের প্রথম বর্ষের মেডিক্যাল ছাত্র শাহবাজ শেখের বিরুদ্ধে খুনের অভিযোগ দায়ের করেন।

কলেজে দাদাগিরি, থ্রেট কালচারের সাথে মধুমিতা ঘোষের খুনে অভিযুক্ত সেদিনের সেই শাহবাজ এখন থ্রেট কালচারের বিরুদ্ধে ডায়ালগ দিচ্ছে সাথে জাস্টিসের স্লোগান। আর অনিকেত মাহাতোদের দেওয়া নটোরিয়াস ক্রিমিনালের (!) লিস্টে কিন্তু এর নাম থাকে না, কারণ উনি অনিকেতদের লবির। ২০২১ সালের সেই এফআইআর কপি এবং মধুমিতার বাবার অভিযোগপত্র দেওয়া রইল, আশা করব জুনিয়র ডাক্তারবাবুরা এবারে পরিষ্কার করে জানাবেন যে এই শাহবাজ শেখ (যাকে ছবিতে দেখা যাচ্ছে গোল চিহ্নিত করা) তিনি সমাজসেবী নাকি নটোরিয়াস ক্রিমিনাল!! অপেক্ষায় রইলাম। তথ্য সৌজন্য- অরূপ চক্রবর্তী।"

## হরিদ্বারে জনবহুল এলাকায় ঢুকে পড়ল বন্য হাতি

হরিদ্বার, ২৫ অক্টোবর (হি. স.) : হরিদ্বারের কাঁখাল থানা এলাকার জগজিতপুর এলাকায় জনবহুল এলাকার মধ্য দিয়ে হাতি চলাচল অব্যাহত রয়েছে। জানা গেছে, বৃহস্পতিবার সন্ধ্যার দিকে একটি হাতি রাস্তায় এসে কারও কোনও ক্ষতি না করে বনের দিকে চলে যায়। এদিকে লোকজন টর্চ নিয়ে তার দিকে ছুটতে শুরু করে, এতে হাতিটি রেগে যায়। উল্লেখ্য, জগজিতপুর এলাকা হলো হাতির করিডোর।

**AGARTALA MUNICIPAL CORPORATION**
**ELECTRICAL DIVISION**
**AGARTALA, WEST TRIPURA**
**PRESS NOTICE INVITING e-TENDER**

The Executive Engineer, Electrical Division, Agartala Municpal Corporation, West Tripura invites on behalf the Hon'ble Mayor, Agartala Municipal Corporation" percentage rate e-tender from the Central & State public sector undertaking / enterprise and eligible Bidders / Firms / Agencies having experienced similar nature of works / appropriate class of Internal Electrical Enlistment registered with PWD/TTAADC/MES/PWD/Railway/other State PWD up to 3.00 P.M. on 31-10-2024 for the following work:-

| Sl. No. | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING |
|---|---|---|---|---|---|
| 01 | DNIeT -EE (Elect)/AMC/ 33/2024-25 | ₹3,44,561.00 | ₹6,891.00 | 15 (Fifteen) days | Date : 31-10-2024 Time : 15:00 Hrs. |
| | DNIeT -EE (Elect)/AMC/ 34/2024-25 | ₹3,12,027.00 | ₹6,241.00 | 15 (Fifteen) days | |

For more details kindly visit: https://tripuratenders.gov.in
The bid forms and other details including online activities should be done in the e-procurement portal.

For and on behalf of the Hon'ble Mayor, AMC
Sd/-
Executive Engineer,
Electrical Division
Agartala Municipal Corporation

**Notice Inviting Quotations**

Sealed Quotations are hereby invited by the Directorate of Information Technology, Government of Tripura, ITI Road, Indranagar, Agartala-6 for supply of 1 year subscription of Restream(streaming platform).
Detailed
terms & conditions may be seen https://dit.tripura.gov.in/
at
The interested bidders may now drop their quotation at the office of the undersigned on or before 31/10/2024 by 2 P.M.
ICA/C/2150/24

**Director, IT**
**Govt. of Tripura**

**SHORT NOTICE INVITING QUOTATION**
**NO.F.3(61)-CDPO/GNR/2020/297(8)**
**Date-22/10/2024**

Co-operative Societies/SHGs/ supply of Utensils and Sitting Short Quotation is invited From the bonafide/certified local LAMPS/PACS/Mahila Mandal/Village Communities for the one time Materials to the Office of the CDPO, Gournagar ICDS Project, Kailashahar, Unakoti, Tripura for smooth running of Anganwadi Centers as per terms and conditions mentioned in the quotation. Interested bidders are requested to submit their rate inclusive all taxes within 31.10.2024 till 2.00 p.m by in sealed envelope in super scribing "Quotation for Utensils and Sitting Materials" addressing CDPO Gournagar with above office address. This offer will be opened on 31.10.2024 at 3.00 p.m, or next working day. Details may be seen in notice board of The CDPO Gournagar.
ICA/C/2143/24

**Sd/-CDPO Gournagar**

**NOTIFICATION**

Results of interview conducted by Tripura Electrical Licensing Board in the month of September, 2024 for awarding the certificate for "Competency to Supervising Workman" and "Operative Electrical Workman" for the year 2024 as per Tripura Electrical Licensing (Contractors/ Supervisors/ Workman) (Amendment) Procedure, 2024 has been published and the result can be seen in the web portal www.power.tripura.gov.in and office of the undersigned on all working days from 25/10/2024.
ICA/D/1143/24

**(Buddha Jamatia)**
**Electrical Inspector**
**(Ex-Officio Secretary, TELB)**
**Agartala, Tripura (W).**

# কাজের সন্ধান

## কম্পিউটার ভিত্তিক পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় বীমায় ২০০ অফিসার নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড সহ সারা দেশে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে ২০০ জন নিয়োগ হচ্ছে ইউনাইটেড ইন্ডিয়া ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেডে। এককথায়, জাতীয় বীমা অর্থাৎ ইউ. আই. আই. সি.এল -এ এডমিনিস্ট্রেটিভ অফিসার পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ২০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিই/ বিটেক/ বিবিএ ... যে-কোনও গ্র্যাজুয়েট, পিজি বা সিএ পাশ এবং অধিক নম্বরে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ নভেম্বর, কম্পিউটারভিত্তিক পরীক্ষা ফেইজ-ওয়ান তারিখ জানানো হয়নি। কেন্দ্র-আগরতলা সহ সারা দেশে। বিস্তারিত কল লেটারে জানানো হবে।

ইউ আই আই সি এল বা ইউনাইটেড ইন্ডিয়া ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেডে চাকরি করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ৩০-০৯-২০২৪-এর হিসেবে ২১ থেকে ৩০-এর মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। এসসি/এসটিদের জন্য ৩৫ বছর, ওবিসিদের জন্য ৩৩ বছর এবং প্রতিবন্ধী প্রার্থীদের ৪০ বছর, অর্থাৎ যাঁরা বয়সের ক্ষেত্রে বরাবর ছাড় পেয়ে আসছেন, তাঁরা এক্ষেত্রেও যথারীতি বয়সের ছাড় পাবেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে পদ সংরক্ষণ থাকবে দৃষ্টিহীন, কম দৃষ্টি-সংক্রান্ত, শ্রবণ-সংক্রান্ত ও চলতে-ফিরতে না পারা সংক্রান্ত প্রতিবন্ধীরাও (পিডব্লুডি) যথারীতি আবেদন করতে পারেন। শূন্যপদগুলির মধ্যে তফশিলি জাতিভুক্ত, তফশিলি উপজাতিভুক্ত এবং ওবিসি'র জন্য যেমন সংরক্ষিত পদ রয়েছে, তেমনি অসংরক্ষিত রয়েছে প্রচুর সংখ্যক পদ। এর মধ্যে আবার শারীরিক প্রতিবন্ধীদের জন্যও সংরক্ষিত কিছু শূন্যপদ। শূন্যপদের বিশদ বিভাজন এই রকম — মোট ২০০টি শূন্যপদের মধ্যে এসসি-দের জন্য ৩০টি, এসটিদের জন্য ১৫টি, ওবিসিদের জন্য ৫৪টি, ইডব্লিওএস প্রার্থীদের জন্য ২০টি এবং অসংরক্ষিত ৮১টি। এর মধ্যে আবার ৫টি পদ রয়েছে শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য। এ বিষয়ে আরো বিস্তারিত দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েব সাইটে এঁদের বিজ্ঞপ্তিতে। যোগ্যতা - বিএ/বিকম/বিএসসি/ বিই/ বিসিএ ... ইত্যাদি যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট বা পোস্ট গ্র্যাজুয়েট পাশ। সিএ বা অধিক নম্বরে অগ্রাধিকার থাকবে। এসসি/ এসটি / শারীরিকপ্রতিবন্ধী প্রার্থীদের নম্বরের ক্ষেত্রে আবার কিছু ছাড় রয়েছে। দরখাস্ত করবেন কেবল অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে, ৫ নভেম্বরের মধ্যে। অর্থাৎ অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ৫ নভেম্বর। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই, লেফ্ট থাম্ব ইমপ্রেশন, ডিক্লারেশন এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে ফি পেমেন্ট চালান পাবেন প্রিন্ট-আউট নেবার জন্য। এর পর আর কোনও রদবদল করতে পারবেন না। তখনই চালানের প্রিন্ট-আউট নিয়ে পূরণ করে একদিন পরে অর্থাৎ ব্যাঙ্কের সেদিন বাদে ২য় বা ৩য় বা ৪র্থ কাজের দিন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের যে-কোনও শাখায় গিয়ে অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্দিষ্ট টাকা জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। টাকা জমার দুদিন পর দরখাস্ত গ্রহণের স্বীকৃতি পত্র আপনি পাবেন আপনার মেলবক্স/ এসএমএসে। তবে চালানের মাধ্যমে ফি জমার পন্থায় না গিয়ে নেট-ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া খুবই সহজ এবং সময় সাশ্রয়কারী। এককথায়, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে টাকা পাঠানোই অধিক শ্রেয়। নেফট ব্যাঙ্কিং/ মাস্টার/ ভিসা ডেবিট/ ক্রেডিট কার্ড পদ্ধতিতেও টাকা জমা দিতে পারেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার 'ই-রিসিপ্ট' ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড,প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রার্থীবাছাই হবে অনলাইনে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও সাক্ষাৎকারের ভিত্তিতে। অনলাইনে পরীক্ষা হবে অবজেক্টিভ ধরনের। প্রশ্ন ২০০টি, ২৫০ নম্বরের, সময় আড়াই। বিষয়গুলি পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে। প্রতি ৪টে ভুলের জন্য ১ নম্বর করে কাটা যাবে। জেনারেল ইংলিশ অংশটুকু ছাড়া প্রশ্ন হবে ইংরিজি/ হিন্দিতে। প্রত্যেকটি অংশে পাশ করতে হবে (অন্তত ৪০ শতাংশ, তফশিলি, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩৫ শতাংশ নম্বর)। ত্রিপুরার প্রার্থীদের জন্য চাকরি হতে পারে আগরতলায়, পরীক্ষা কেন্দ্রও রয়েছে আগরতলায়। কম্পিউটারভিত্তিক পরীক্ষার তারিখ কল লেটারে জানানো হবে। পরীক্ষার নির্দিষ্ট স্থানকাল ও তারিখ ইত্যাদি সংক্রান্ত তথ্য জানানো হবে এসএমএস এবং কললেটারে বুকলেটের মাধ্যমে। কল লেটার ডাউনলোড করে নিতে হবে পরীক্ষার ৭ দিন আগে। নিজের দরখাস্তের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড/ জন্মতারিখ ব্যবহারের পদ্ধতিতে ওয়েবসাইটে নিজের অ্যাকাউন্টে ঢুকে। আলাদা কোনএ চিঠি পাঠানো হবে না।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে ?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** * কোলফিল্ডে **এপ্রেন্টিস, সিকিউরিটি গার্ড** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৯০২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ অক্টোবর, মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* কোলফিল্ডে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩১৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ অক্টোবর, মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে। * এইমস-এ **সিনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ অক্টোবর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তরিত কল লেটারে জানানো হবে। * পোস্টাল ব্যাঙ্কে **এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৪৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিবিএ, বিসিএ, বিই, বিটেক ... যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি বা স্নাতক পাশ, বয়স ঃ ২০-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ অক্টোবর, বাছাইকৃতদের ইন্টারভিউ এবং পরীক্ষার কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে। * বহিঃরাজ্যে এয়ারপোর্ট অথরিটিতে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৩৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রিপাশ, বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ অক্টোবর, সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* বহিঃরাজ্যে ব্যাঙ্কে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিবিএ, বিসিএ, বিই, বিটেক ... যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি বা স্নাতক পাশ, বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ অক্টোবর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* বহিঃরাজ্যে এয়ারপোর্ট অথরিটির অধীনে **ইউটিলিটি এজেন্ট, র‍্যাম্প ড্রাইভার, গ্রাউন্ড স্টাফ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ অক্টোবর, বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটার ডাউনলোড করে জেনে নিতে হবে।

* এইমস-এ **সিনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১ নভেম্বর, সরাসরি ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে। * রেল মন্ত্রকের অধীনে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৯০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২ নভেম্বর, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* এইমস-এ **সিনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, মেডিকেল কোয়ালিফাইড, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২ নভেম্বর, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* এইমস-এ **সিনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ পিজি, এমডি, মেডিকেল কোয়ালিফাইড, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ নভেম্বর, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* রাষ্ট্রীয় বীমায় **এডমিনিস্ট্রেটিভ অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি, সিএ পাশ, বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ নভেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তবে তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* আইটিবিপি-তে **কনস্টেবল ড্রাইভার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৪৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর, বাছাইকৃতদের র‍্যালি ও পরীক্ষার কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* রেল মন্ত্রকের অধীনে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেনি পাশ, মাধ্যমিক ও আইটিআই পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন), মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * কর্পোরেট সেক্টরে **ট্রেড এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮০৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, উচ্চমাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর, মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* কর্পোরেট সেক্টরে **নন-এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৩৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ নভেম্বর, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **এপ্রেন্টিস, সিকিউরিটি গার্ড (কোলফিল্ড),**
শূন্যপদ ঃ ৯০২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ অক্টোবর,
মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কোলফিল্ড),**
শূন্যপদ ঃ ৩১৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ অক্টোবর,
মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **সিনিয়র রেসিডেন্ট (এইমস),**
শূন্যপদ ঃ ১০১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ অক্টোবর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এক্সিকিউটিভ (পোস্টাল ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ৩৪৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিবিএ, বিসিএ, বিই, বিটেক ... যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি বা স্নাতক পাশ,
বয়স ঃ ২০-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ অক্টোবর,
বাছাইকৃতদের ইন্টারভিউ এবং পরীক্ষার কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (এয়ারপোর্ট অথরিটি, বহিঃরাজ্য)**
শূন্যপদ ঃ ১৩৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রিপাশ,
বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ অক্টোবর,
সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (ব্যাঙ্ক, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ১০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ, বিকম, বিএসসি, বিবিএ, বিসিএ, বিই, বিটেক ... যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি বা স্নাতক পাশ,
বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ অক্টোবর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ইউটিলিটি এজেন্ট, র‍্যাম্প ড্রাইভার, গ্রাউন্ড স্টাফ (এয়ারপোর্ট অথরিটি, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ১৪২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ অক্টোবর,
বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটার ডাউনলোড করে জেনে নিতে হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **সিনিয়র রেসিডেন্ট (এইমস)**
শূন্যপদ ঃ ১৪৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১ নভেম্বর,
সরাসরি ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (রেল মন্ত্রক)**
শূন্যপদ ঃ ১৯০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২ নভেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **সিনিয়র রেসিডেন্ট (এইমস)**
শূন্যপদ ঃ ১৪৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, মেডিকেল কোয়ালিফাইড,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২ নভেম্বর,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **সিনিয়র রেসিডেন্ট (এইমস)**
শূন্যপদ ঃ ১৫২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ পিজি, এমডি, মেডিকেল কোয়ালিফাইড,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ নভেম্বর,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এডমিন অফিসার (রাষ্ট্রীয় বীমা),**
শূন্যপদ ঃ ২০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি, সিএ পাশ,
বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ নভেম্বর,
কম্পিউটার ভিত্তিকপরীক্ষার কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তবে তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **কনস্টেবল ড্রাইভার (আইটিবিপি),**
শূন্যপদ ঃ ৫৪৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর,
বাছাইকৃতদের র‍্যালি ও পরীক্ষার কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (রেল মন্ত্রক),**
শূন্যপদ ঃ ২৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেনি পাশ, মাধ্যমিক ও আইটিআই পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন),
মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ট্রেড এপ্রেন্টিস (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ৮০৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, উচ্চমাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর,
মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **নন-এক্সিকিউটিভ (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ৩৩৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ নভেম্বর,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

## ইন্ডো-তিব্বত বর্ডার পুলিশে মাধ্যমিক পাশদের থেকে কনস্টেবল

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** ইন্দো-তিব্বত বর্ডার পুলিশে পুরুষ কনস্টেবল (ড্রাইভার) পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ৫৪৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, বয়স ঃ ২১ - ২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর, র‍্যালী ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে। এককথায়, ইন্ডো-তিব্বত বর্ডার পুলিশে কনস্টেবল (ড্রাইভার) নিয়োগ করা হচ্ছে। মাধ্যমিক পাশ তরুণদের থেকে এই নিয়োগ করা হবে। নম্বরের কোনও কড়াকড়ি নেই। এই পদে নিয়োগের জন্য অনলাইনে আবেদন করার শেষ তারিখ ৬ নভেম্বর পর্যন্ত রয়েছে। দরখাস্ত করতে হবে কেবলমাত্র অনলাইনে। ডাকযোগে বা অফলাইনে দরখাস্ত পাঠানোর কোনও পদ্ধতি নেই। ওপেন র‍্যালী কবে হবে বা কোথায় হবে, তা এখনও জানানো হয়নি। ত্রিপুরায় র‍্যালী হওয়ার সম্ভাবনা রয়েছে। অন্যথায় কাছাকাছি শিলচর বা শিলংয়ে র‍্যালী হতে পারে বলে অনুমান করা হচ্ছে। আইটিবিপি বা ইন্ডো-তিব্বত বর্ডার পুলিশে কনস্টেবল (ড্রাইভার) পদে চাকরির দারুন সুযোগ রয়েছে। দরখাস্ত পাঠাতে হবে অনলাইনে, তবে ওপেন র‍্যালীর মাধ্যমে শারীরিক পরীক্ষার পর প্রার্থীবাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। সীমান্ত সুরক্ষায় অর্থাৎ আইটিবিপি-তে বিভিন্ন পদে এমনকি কনস্টেবল (ড্রাইভার) পদে নিয়োগের ক্ষেত্রেও এখন থেকে অনলাইনে দরখাস্ত পাঠানো বাধ্যতামূলক করা হয়েছে। আইটিবিপি-তে সারা দেশ জুড়ে কনস্টেবল (ড্রাইভার) পদে নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। আইটিবিপি-তে এখন ৫৪৫টি শূন্যপদ পূরণের জন্য পুরুষ ও মহিলা প্রার্থীদের এক নিয়োগ র‍্যালিতে অংশ নিতে আহ্বান করা হয়েছে। আগে থেকে এর জন্য অনলাইনে দরখাস্ত পাঠাতে হবে। আপাতত শূন্যপদের সংখ্যা দেশ জুড়ে ৫৪৫টি হলেও পরবর্তি সময়ে তা বাড়তে পারে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে। প্রয়োজনে এঁদের ওয়েবসাইটে পদভিত্তিক শূন্যপদের বিভাজন বিস্তারিত দেখে নিতে পারেন।

শূন্যপদগুলো হলো — (০১) পদের নাম - কনস্টেবল (ড্রাইভার) ঃ মোট শূন্যপদ ৫৪৫টি। এই ৫৪৫টি শূন্যপদের মধ্যে এসসি'র জন্য ৭৭টি, এসটি'র জন্য ৪০টি এবং ওবিসি'র জন্য ১৬৪টি এবং ইডব্লিওএস প্রার্থীর জন্য ৫৫টি পদ সংরক্ষিত, অবশিষ্ট ২০৯টি পদ অসংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা - মাধ্যমিক পাশ হতে হবে। নম্বরের কোনও কড়াকড়ি নেই। বৈধ ভারী যান চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। মূল মাইনে - ৭ম কেন্দ্রীয় বেতন কমিশনের পে ম্যাট্রিক্স লেভেল-৩ অনুযায়ী ২১,৭০০ - ৬৯,১০০ টাকা। এছাড়া, কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী বিভিন্ন ভাতাও রয়েছে।

বয়স ০৬-১১-২০২৪ তারিখের হিসেবে ২১ - ২৭ বছর, ওবিসি'র জন্য বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর, এসসি/ এসটির জন্য ৩২ বছর। কেন্দ্রীয় সরকারের অধীনে কর্মরত হলে বয়সের উর্ধ্বসীমায় নিয়ম অনুযায়ী ছাড় রয়েছে। শারীরিক মান ঃ সকল পদের ক্ষেত্রেই শারীরিকভাবে ফিট্ হতে হবে। যেমন উচ্চতা - ত্রিপুরার পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি। বুকের ছাতির মাপ না ফুলিয়ে ৭৮ সেমি, ফুলিয়ে ৮৩ সেমি। শুধুমাত্র তফশিলি উপজাতিভুক্ত পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৬২.৫ সেমি। বুকের ছাতির মাপ না ফুলিয়ে ৭৬ সেমি, ফুলিয়ে ৮১ সেমি। ত্রিপুরার মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫ সেমি। শুধুমাত্র তফশিলি উপজাতিভুক্ত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫০ সেমি। দেহের ওজন ঃ উচ্চতা এবং বয়স অনুযায়ী দেহের ওজন বিবেচিত হবে। ডাক্তারি মান ঃ দৃষ্টি শক্তি - চশমা ছাড়া দুই চোখের দূরের দৃষ্টি ৬/৬ এবং ৬/৯। বাঁকা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, ট্যাড়া চোখ হলে চলবে না। প্রার্থীদের উচ্চ বর্ণ নির্ধারণ ক্ষমতা থাকতে হবে। কোনও প্রকার বর্ণান্ধতাজনিত রোগ থাকতে পারবে না। ভাল শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের অধিকারী হতে হবে এবং কর্তব্য সম্পাদনে কোনরূপ বাধা সৃষ্টি করতে পারে, এরূপ শারীরিক ত্রুটিমুক্ত হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যু করা বৈধ আবাসিকতার সার্টিফিকেট দাখিল সাপেক্ষে শুধুমাত্র উত্তর-পূর্ব ভারতে বসবাসকারী প্রার্থীদেরকে বিবেচনা করা হবে।

প্রাক্তন সৈনিকদের পুনর্নিয়োগের ক্ষেত্রে পেশা সংক্রান্ত পরীক্ষা, সাক্ষাৎকার এবং মেডিক্যাল ফিটনেস বিষয়ক পরীক্ষা নেওয়া হবে। মিলিটারি সার্ভিসের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমায় আরও ৩ বছরের ছাড় রয়েছে। তবে, সেনাবাহিনীর সার্ভিসে এবং পুনর্নিয়োগের ব্যবধান ২৪ মাসের বেশি হতে পারবে না। মেডিক্যাল ক্যাটেগরি অবশ্যই 'এ' প্রকৃতির হবে হবে, যা সেনাকর্তৃপক্ষ দ্বারা ন্যূনতম 'ভালো' বলে প্রশংসিত হতে হবে। দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে। শেষ তারিখ ৬ নভেম্বর। পরীক্ষার নির্ধারিত ফি জমা দেবেন অনলাইনে। তফশিলি প্রার্থীদের এই ফি দিতে হবে না। এছাড়া, ব্যাঙ্কিং ফি, কম্পিউটারে দরখাস্ত পাঠানো, প্রিন্ট আউট বের করে রাখা, পরবর্তী সময়ে এডমিট কার্ড ডাউনলোড করার যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। ফি দেবেন অনলাইনে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে টাকা পাঠানোই অধিক শ্রেয়। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে বিস্তারিত জানতে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসে হোয়াটস্অ্যাপে ৯৪৩৬১২০৩০৫ নম্বরে যোগাযোগ করে সহযোগিতা নিতে পারেন। প্রয়োজনে 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

নির্বাচন প্রক্রিয়া ঃ দরখাস্তের ভিত্তিতে কল লেটার পাঠানো হবে। যথাসময়ে এঁদের ওয়েবসাইট থেকে কল লেটার ডাউনলোডও করে নিতে পারবেন। এই কল লেটার নিয়ে নির্দিষ্ট তারিখে লিখিত পরীক্ষায় উপস্থিত থাকতে হবে। ত্রিপুরার প্রার্থীদের জন্য ওপেন র‍্যালী কোথায় হবে কল লেটারে জানানো হবে। শারীরিক পরীক্ষায় সফল হলে ট্রেড পরীক্ষা ও লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে, লিখিত পরীক্ষা নেওয়া হবে ১০০ নম্বরের, সময় ২ ঘন্টা। প্রশ্ন থাকবে মাল্টিপল চয়েস প্যাটার্ণের। প্রশ্নপত্রের বিষয়ভিত্তিক বিশ্লেষণ পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে।

ইন্টারভিউ ঃ যে সকল প্রার্থী উপরোক্ত লিখিত পরীক্ষায় যোগ্যতা অর্জন করতে পারবেন এবং ভারত সরকারের নিয়ম অনুযায়ী নির্দিষ্ট বিষয়ে মেধা তালিকায় স্থান অর্জন করতে পারবেন, তাদেরকে পরবর্তী ধাপ অর্থাৎ পিএসটি ও ট্রেডস টেস্টের জন্য ডাকা হবে। প্রয়োজনে দপ্তর আগে পিএসটি'র জন্য ডেকে সফল হলে পরে লিখিত পরীক্ষার জন্যও ডাকতে পারে।

ডাক্তারি পরীক্ষা ঃ লিখিত পরীক্ষা, পিএসটি এবং ট্রেড ও লিখিত পরীক্ষায় যোগ্যতা অর্জনের পর মেধা তালিকায় স্থান দখলকারী প্রার্থীদেরকে শূন্যপদের সংখ্যার ভিত্তিতে ফোর্সের নিয়োগনীতি মোতাবেক ডাক্তারি পরীক্ষায় ডাকা হবে। চূড়ান্ত নির্বাচন ঃ প্রতিটি ক্যাটেগরিতে মেধা তালিকা অনুযায়ী প্রার্থীদের চূড়ান্ত নির্বাচন করা হবে।

প্রার্থীদের নিজ খরচায় এবং দায়িত্বে প্রতিটি টেস্ট বা পরীক্ষায় উপস্থিত থাকতে হবে। কোনও প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না। নির্বাচন পরীক্ষা চলাকালীন যে-কোনও ধরনের দুর্ঘটনার জন্য দপ্তর দায়ী থাকবে না।

## বয়স বাড়িয়ে রেলে কয়েক হাজার চাকরি অনলাইনে আবেদনের শেষ তারিখও বাড়লো

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** সারা দেশ জুড়ে বিভিন্ন কর্পোরেট সেক্টরে এপ্রেন্টিস নিয়োগের জন্য অনলাইনে অথবা ডাকযোগে দরখাস্ত পাঠাতে বলা হয়েছে, আসন সংখ্যা এই মুহূর্তে কয়েক হাজার হলেও এন.এল.সি লিমিটেডে ৮০৩টি। শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ থেকে শুরু করে আইটিআই, উচ্চমাধ্যমিক পাশ পর্যন্ত সকলেই আবেদন করতে পারেন। অধিক নম্বর এবং আইটিআই পাশ হলে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ নভেম্বর। মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে। এন.এল.সি-এর ক্ষেত্রে বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর জন্য পরে ডাকা হবে। ইচ্ছুক উপযুক্ত প্রার্থীরা যে-কোনও একটির ট্রেডের উদ্দেশ্যে অনলাইনে দরখাস্ত পাঠাতে পারেন। অন্যান্য কর্পোরেট সেক্টরের জন্যও অনলাইনে দরখাস্ত পাঠানোর সুবিধা রয়েছে। ইন্টারভিউ বা সাক্ষাৎকারের সময়সূচি পরে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী কেবলমাত্র যে-কোনও একটি ডিসিপ্লিন-এর জন্য অনলাইনে এঁদের ওয়েবসাইটে আবেদন করতে পারেন ৬ নভেম্বরের মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ ৬ নভেম্বর। যদি কোনও প্রার্থী একাধিক ট্রেড বা ডিসিপ্লিন-এর জন্য আবেদন করেন, তাঁর সমস্ত আবেদন বাতিল করা হবে। একইভাবে একাধিক ডিভিশনেও আবেদন করা যাবে না। অধিকতর পেশাগত যোগ্যতা যথা বিই/ বিটেক/ এমবিএ/ এমসিএ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের কম যোগ্যতার ডিসিপ্লিনে বিবেচনা করা হবে না। সময়ে সময়ে প্রযোজ্য ভারত সরকারের নির্দেশাবলী অনুসারে ট্রেড এবং অবস্থানের জন্য প্রযোজ্যমতো প্রতি মাসে নির্ধারিত হারে স্টাইপেন্ড দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলী পেয়ে যাবেন কর্পোরেট সেক্টরের নির্দিষ্ট ওয়েবসাইটে 'এপ্রেন্টিস' ট্যাব-এ। আবেদন করার কৌশল বা পদ্ধতিও পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে ফোনে যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। প্রার্থিবাছাই পদ্ধতির বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে।

ভারতীয় কেন্দ্রীয় সরকারের আন্ডারটেকিং এধরনের কর্পোরেট সেক্টরে ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। পরবর্তী সময়ে ওই সমস্ত কর্পোরেট সেক্টরে চাকরির ক্ষেত্রে এপ্রেন্টিস সার্টিফিকেট অর্জনকারীদের বিশেষ সুবিধা দেওয়া হয়। এন.এল.সি-তে ট্রেড এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ০৬-১১-২০২৪-এর হিসেবে ১৮ থেকে ২৬ বছর বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। আসন সংখ্যার বিশদ বিভাজন ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন এঁদের ওয়েব সাইটে, 'এপ্রেন্টিস' ট্যাব লিঙ্কে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর - এন.এল.সি / এল এন্ড ডিসি. ০৩এ/২০২৪/ এপ্রেন্টিস। তারিখ ২৪ অক্টোবর, ২০২৪। ডিভিশন ও ট্রেড অনুযায়ী আসন সংখ্যার বিভাজন এই রকম — ট্রেড এপ্রেন্টিস হিসেবে ক্রমিক নং (১) ঃ ফিটার, শূন্যপদের সংখ্যা ১২৫টি। ক্রমিক নং (২) ঃ টার্ণার, শূন্যপদের সংখ্যা ৫০টি। ক্রমিক নং (৩) ঃ মেকানিক (মোটর ভেহিকল), শূন্যপদের সংখ্যা ১২২টি। ক্রমিক নং (৪) ঃ ইলেকট্রিশিয়ান, শূন্যপদের সংখ্যা ১৭২টি। ক্রমিক নং (৫) ঃ ওয়ারম্যান, শূন্যপদের সংখ্যা ১২৪টি। ক্রমিক নং (৬) ঃ মেকানিক (ডিজেল), শূন্যপদের সংখ্যা ১০টি। ক্রমিক নং (৭) ঃ মেকানিক (ট্রাক্টর), শূন্যপদের সংখ্যা ৫টি। ক্রমিক নং (৮) ঃ কার্পেন্টার, শূন্যপদের সংখ্যা ৫টি। ক্রমিক নং (৯) ঃ প্লাম্বার, শূন্যপদের সংখ্যা ৫টি। ক্রমিক নং (১০) ঃ স্টেনোগ্রাফার, শূন্যপদের সংখ্যা ২০টি। ক্রমিক নং (১১) ঃ ওয়েল্ডার, শূন্যপদের সংখ্যা ১২২টি। ক্রমিক নং (১২) ঃ পিএএসএসএ, শূন্যপদের সংখ্যা ৩৯টি।

সামগ্রিক হিসেবে মোট ৮০৩টি শূন্যপদের মধ্যে এসসি'র জন্য, এসটি'র জন্য, ওবিসি প্রার্থীর জন্য এবং ইডব্লিওএস প্রার্থীর জন্য সংরক্ষিত রয়েছে। অবশিষ্ট পদগুলো অসংরক্ষিত। এর মধ্যে আবার ৪ শতাংশ আসন শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত। প্রতিটি পদের যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের উর্ধ্বসীমা, প্রতি মাসের মূল মাইনে বা স্টাইপেন্ড, প্রসেসিং ফি, আবেদন করার কৌশল ইত্যাদি জানার জন্য এঁদের ওয়েবসাইটে লগ অন করে জেনে নিতে হবে। প্রয়োজনে প্রদত্ত হোয়াটসঅ্যাপ নম্বরে যোগাযোগ স্থাপন করেও জেনে নিতে পারেন।



শুক্রবার রাজ্যের বিভিন্ন স্থানে সদস্যতা পদ অভিযান করেন সাংসদ রাজীব ভট্টাচার্য।

# সন্ত্রাস প্রসঙ্গে ফের পাকিস্তানকে নিশানা ফারুকের, বন্ধুত্বের পথ খোঁজার আহ্বান

শ্রীনগর, ২৫ অক্টোবর (হি.স.): জম্মু ও কাশ্মীরের নতুন সরকার গঠনের পর, এক সপ্তাহেরও কম সময়ের মধ্যে পর দু''বার হামলা চালালো সন্ত্রাসবাদীরা। গত রবিবার মধ্য কাশ্মীরের গান্ডেরবালে ৬ জন পরিযায়ী ও এক চিকিৎসককে নৃশংসভাবে হত্যা করে জঙ্গিরা। আর বৃহস্পতিবার রাতে বারামুল্লায় জঙ্গি হামলায় মৃত্যু হয়েছে দুই সেনা জওয়ান-সহ ৪ জনের। এই জঙ্গি হামলার তীব্র নিন্দা করে আবারও পাকিস্তানকে নিশানা করেছেন জম্মু ও কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা ন্যাশনাল কনফারেন্স-এর প্রধান ফারুক আব্দুল্লাহ।শুক্রবার ফারুক আব্দুল্লাহ বলেছেন, 'এমনটা রাজ্যে চলতেই থাকবে এবং যতক্ষণ না আমরা সঠিক সমাধান খুঁজে পাই ততক্ষণ চলতেই থাকবে। আমরা সবাই জানি এসব কোথা থেকে আসে। আমি ৩০ বছর ধরে তা দেখছি - নিরপরাধদের হত্যা করা হচ্ছে। আমরা পাকিস্তানের অংশ হতে যাচ্ছি না, তাহলে তারা কেন এমন করছে- আমাদের ভবিষ্যত বিঘ্নিত করার জন্য? নিজেদের দেশের দিকে তাদের দেখা উচিত এবং সেখানকার সমস্যাগুলোর দিকে মনোনিবেশ করা উচিত। আমি তাদের কাছে এই সব বন্ধ করে বন্ধুত্বের পথ খুঁজে বের করার আবেদন করছি এবং তারা যদি এটি না করে তবে সমস্যা হবে।'

## মৃত্যু-শূন্য লক্ষ্য অর্জন করেছে ওড়িশা সরকার, দাবি মুখ্যমন্ত্রী মাঝির

ভুবনেশ্বর, ২৫ অক্টোবর (হি.স.): ঘূর্ণিঝড়ে মৃত্যু-শূন্য নিশ্চিত করা লক্ষ্য ছিল, আর পূরণ হয়েছে। দাবি করলেন ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি। শুক্রবার সকালে মুখ্যমন্ত্রী মাঝি বলেছেন, 'ঘূর্ণিঝড় ''দানা'' ২৪ এবং ২৫ অক্টোবরের মধ্যবর্তী রাতে ভিতরকণিকা এবং ধামরা উপকূলের মধ্যে স্থলভাগে আছড়ে পড়ে। এই প্রক্রিয়া শুক্রবার সকাল সাতটা পর্যন্ত অব্যাহত থাকে, প্রশাসনের সতর্কতা ও প্রস্তুতির কারণে কোনও দুর্ঘটনা ঘটেনি। সরকারের মৃত্যু-শূন্য লক্ষ্য অর্জন করা হয়েছে, প্রায় ৬ হাজার গর্ভবতী মহিলাকে স্বাস্থ্য কেন্দ্রে স্থানান্তরিত করা হয়েছে।'উল্লেখ্য, বৃহস্পতিবার রাত ১১.১২ মিনিটে ঘূর্ণিঝড় আছড়ে পড়ার প্রক্রিয়া শুরু হয়। ভিতরকণিকা এবং ধামারার মধ্যবর্তী হাবালিখাটি নেচার ক্যাম্পের কাছ থেকে স্থলভাগ অতিক্রম করে ঘূর্ণিঝড়ের শেষ অংশ। প্রবল বেগে ঝড় বইতে থাকে। ঝড়ের দাপটে ওড়িশার ভদ্রকের ধামারায় রাস্তার ওপর অনেক গাছ ভেঙে পড়ে। রাত দেড়টা নাগাদ ওড়িশার ভিতরকণিকা থেকে ধামারার মধ্যবর্তী স্থানে স্থলভাগ অতিক্রম করে ঘূর্ণিঝড়ের সামনের অংশ। এই সময় ঝড়ের গতিবেগ ছিল ঘণ্টায় ১০০ থেকে ১১০ কিলোমিটার। সর্বোচ্চ গতি ছিল ১২০ কিলোমিটার। শুক্রবার সকাল পর্যন্ত এই 'ল্যান্ডফল' প্রক্রিয়া চলে।

## শনিবার এল ক্লাসিকো, মুখোমুখি রিয়াল-বার্সা

বার্সিলোনা, ২৫ অক্টোবর (হি.স.): শনিবার মাঠে গড়াচ্ছে মরসুমের প্রথম এল ক্লাসিকো। রিয়ালের মাঠ সান্তিয়াগো বার্নাব্যুতে ভারতীয় সময় রাত ১২.৩০টায় মুখোমুখি হবে রিয়াল-বার্সা। এই ম্যাচের আগে চ্যাম্পিয়ন্স দুটি দলই বড় জয় পেয়েছে। রিয়াল মাদ্রিদ বরুশিয়া ডর্টমুন্ডের বিপক্ষে ভিনিসিউস জুনিয়রের হ্যাটট্রিকে ভর করে ৫-২ গোলে জয় পেয়েছে। আর বার্সেলোনা বায়ার্ন মিউনিখের বিপক্ষে রাফিনিয়ার হ্যাটট্রিকে ৪-১ গোলে জয় পেয়েছে।

তবে এই ম্যাচের আগে জন্ম দিয়েছে এক বিতর্কের। বার্সেলোনার সমর্থকরা বায়ার্নের বিপক্ষে ম্যাচ চলাকালীন ভিনিসিউস জুনিয়রের নামে আপত্তিকর গান গেয়েছে। বুধবার স্তাদি অলিম্পিকে বায়ার্নের বিপক্ষে ম্যাচ চলাকালীন বার্সা সমর্থকরা ভিনিসিউসকে উদ্দেশ্য করে ''মরে যাও'' বলে স্লোগান দিয়েছে। আর তা ক্যামেরায় ধরা পড়েছে। আর এই স্লোগান সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর ব্যাপক সমালোচিত হচ্ছে। তবে এবারই কাতালান ক্লাবটার সমর্থকদের এমন কীর্তি এই প্রথম নয়। গত বছরও স্তাদি অলিম্পিকে নাপোলির বিপক্ষে চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচে ভিনিসিউসের উদ্দেশ্যে এমনই উক্তি ছিল।

শনিবার এল ক্লাসিকোর আগে 'ভিনিসিউস মরে যাও, ভিনিসিউস মরে যাও'এই স্লোগান দুই পক্ষের ম্যাচ ঘিরে উত্তেজনা দেখা দিয়েছে। আসলে বরুশিয়া ডর্টমুন্ডের বিপক্ষে ভিনিসিউসের জাদুকরী পারফরম্যান্সের পর এল ক্লাসিকোয় তার দিকে আলাদা নজর থাকবেই বার্সার। বার্সা সমর্থকরা তাই ম্যাচ মাঠে গড়ার আগেই জানান দিল, ম্যাচটা ভিনির জন্য সহজ হবে না।

এখন দেখার বিষয় শনিবার চিরপ্রতিদ্বন্দ্বীদের গান ব্রাজিলিয়ান তারকাকে কতটা তাঁতিয়ে দেয়। ভিনি বার্সা সমর্থকদের মাঠে চুপ করিয়ে দেবেন -এমনটাই চাওয়া লস ব্লাঙ্কো সমর্থকদের।

## দমদম বিমানবন্দরে উড়ান পরিষেবা শুরু, স্বাভাবিক হচ্ছে ট্রেন পরিষেবাও

কলকাতা, ২৫ অক্টোবর (হি.স.): ঘূর্ণিঝড় ''দানা-র প্রভাবে সেভাবে পড়লো না বাংলায়। শুক্রবার সকাল ৮টা থেকেই কলকাতা আন্তর্জাতিক বিমানবন্দর এবং ভুবনেশ্বর বিমানবন্দর চালু করে দেওয়া হল উড়ান পরিষেবা। ঘূর্ণিঝড়ের কথা মাথায় রেখে বৃহস্পতিবার সন্ধ্যা থেকেই এই দুই বিমানবন্দর বন্ধ রাখা হয়েছিল। একাধিক উড়ান বাতিল করা হয়েছিল এর জেরে। তবে শুক্রবার সকালে ফের উড়ান ওঠানামা শুরু হয়েছে এই দুই শহরের বিমানবন্দরে। তবে ওডিশা উপকূল এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গে ভোররাত থেকেই ভারী বৃষ্টি জারি আছে। এদিকে, স্বাভাবিক হচ্ছে লোকাল ট্রেন পরিষেবাও। ঘূর্ণিঝড়ের প্রেক্ষিতে সম্ভাব্য দুর্যোগের কথা মাথায় রেখে বৃহস্পতিবার রাত আটটার পর শিয়ালদহ ডিভিশনে সমস্ত লোকাল ট্রেন পরিষেবা বন্ধ রাখা হয়। ঘূর্ণিঝড়ের আশঙ্কা কাটতেই শুক্রবার সকাল থেকে লোকাল ট্রেন পরিষেবাও শুরু হয়েছে। তবে, অন্যান্য দিনের মতো যাত্রী ততটা ছিল না, তুলনামূলক কম যাত্রীই এদিন ট্রেনে যাত্রা করেছেন।

## বৃহস্পতিবার উপমহাদেশের তিনটি টেস্ট ম্যাচেই ছিল স্পিনারদের দিন

কলকাতা, ২৫ অক্টোবর (হি.স.): ক্রিকেট বিশ্ব বৃহস্পতিবার এই উপমহাদেশে তিনটি টেস্ট ম্যাচে দেখলো স্পিন বোলারদের ম্যাজিক। একই দিনে ভিন্ন তিন ভেন্যু। ভারতের পুণে, পাকিস্তানের রাওয়ালপিন্ডি ও বাংলাদেশের মিরপুর। এই তিনটি টেস্টেই স্পিনাররা নিয়েছেন ২৫টি উইকেট। পেসাররা নিয়েছেন মাত্র পাঁচটি।

পুণেতে ভারত নিউজিল্যান্ড: পুণেতে নিউজিল্যান্ডের প্রথম ইনিংসের ১০ উইকেট তুলে নেন ভারতের দুই ডান-হাতি অফ স্পিনার। ওয়াশিংটন সুন্দর নেন ৫৯ রানে ৭ উইকেট। যা তার ইনিংসসেরা বোলিং। রবিচন্দ্রন অশ্বিন নেন ৩ উইকেট। ভারতের ইনিংসে এক উইকেট পড়লেও সেটি নেন কিউই পেসার টিম সাউদি।

রাওয়ালপিন্ডিতে ইংল্যান্ড পাকিস্তান :ইংল্যান্ডের ইনিংসে ১০ উইকেট নেন পাকিস্তানের তিন স্পিনার মিলে। অফ স্পিনার সাজিদ খান নেন ৬ উইকেট, ৩টি নেন বাঁ-হাতি স্পিনার নোমান আলী, অপরটি নেন লেগ স্পিনার জাহিদ মাহমুদ। জবাব দিতে নেমে পাকিস্তান বৃহস্পতিবার প্রথম দিনে হারায় ৩ উইকেট। যার দুটি নিয়েছেন ইংল্যান্ডের দুই স্পিনার শোয়েব বশির ও জ্যাক লিচ।

মিরপুরে দক্ষিণ আফ্রিকা বাংলাদেশ:ঢাকার মিরপুর স্টেডিয়াম স্পিন সহায়ক। বৃহস্পতিবার মিরপুর টেস্টের চতুর্থ দিনে দুই দলের মোট ৬ উইকেট পড়ে। বাংলাদেশের ইনিংসের শেষ তিনটি এবং দক্ষিণ আফ্রিকার দ্বিতীয় ইনিংসে ৩ উইকেট। প্রোটিয়াদের দ্বিতীয় ইনিংসের ৩টি উইকেটই নেন বাংলাদেশের বাঁ-হাতি স্পিনার তাইজুল ইসলাম।

## শুক্রবার বুধনি কেন্দ্রে মনোনয়ন জমা দেবেন বিজেপি প্রার্থী, উপস্থিত থাকবেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী

ভোপাল, ২৫ অক্টোবর (হি.স.): শুক্রবার মধ্যপ্রদেশের দুটি বিধানসভা আসনের উপনির্বাচনের জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ। বুধনি বিধানসভা আসন থেকে বিজেপি প্রার্থী রমাকান্ত ভার্গব মনোনয়ন জমা দেবেন। মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী ডঃ মোহন যাদব, কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান, বিজেপির রাজ্য সভাপতি বি ডি শর্মা-সহ অনেক বরিষ্ঠ নেতারা উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

উল্লেখ্য, বুধনি বিধানসভা উপনির্বাচনে প্রাক্তন সাংসদ রমাকান্ত ভার্গবকে প্রার্থী করেছে ভারতীয় জনতা পার্টি। মুখ্যমন্ত্রী ডঃ মোহন যাদব এদিনের নির্বাচনী সভায় ভাষণ দেবেন বলেও জানা গেছে।

প্রসঙ্গত, মধ্যপ্রদেশের দুটি বিধানসভা আসনে উপনির্বাচন হচ্ছে। বুধনি এবং বিজয়পুর। বিজয়পুর কেন্দ্রের উপনির্বাচনের জন্য মনোনয়ন জমা ১৮ অক্টোবর হয়েছে। শুক্রবার মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ। এদিন বুধনি আসনের মনোনয়নপত্র জমা দেবেন বিজেপি প্রার্থী। ১৩ নভেম্বর এখানে ভোট হবে, আর ২৩ নভেম্বর ভোট গণনা।

## খুব অশান্ত নয় সমুদ্র, দিঘা ও পুরীর সৈকতে ভিড় পর্যটকদের

দিঘা ও পুরী, ২৫ অক্টোবর (হি.স.): ঘূর্ণিঝড় ''দানা''-র প্রভাবে পুরীতে আকাশ মেঘলা। তবে জোর বৃষ্টি হচ্ছে না। সমুদ্র খুব অশান্ত নয়। শুক্রবার সকাল থেকেই পর্যটকদের ঢল নেমেছে সৈকতে। গার্ডরা হুইসল বাজিয়ে পর্যটকদের সরে যেতে বললেও, তা পর্যটকেরা কানে তুলছে না বলে অভিযোগ। অনেক পর্যটকই সমুদ্রে স্নান করতে নেমে পড়েছেন।আতঙ্ক নিয়েই রাত জেগেছেন উপকূলবাসীরা। ''দানা'' সাইক্লোনে উপকূল এলাকায় বৃষ্টি ও ঝোড়ো হাওয়া ছাড়া সেভাবে কোনও প্রভাব এখনও পড়েনি। দিঘায় শুক্রবার সকাল থেকেই মেঘলা আকাশ। সঙ্গে বৃষ্টিও হচ্ছে। সকাল থেকে পর্যটকেরা সৈকতের ধারে জড়ো হয়েছেন। দিঘাতেও মোটের ওপর সমুদ্র শান্ত।

### এনআইএ-এর নজরে লরেন্স বিষ্ণোইয়ের ভাই আনমোল, ধরিয়ে দিলেই মিলবে পুরস্কার

নয়াদিল্লি, ২৫ অক্টোবর (হি.স.): গ্যাংস্টার লরেন্স বিষ্ণোইয়ের ভাই, আনমোল বিষ্ণোইয়ের বিরুদ্ধে জোরদার অভিযানে নামল ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি। তাকে ধরিয়ে দিলে বা তাকে গ্রেফতার করার মতো তথ্য দিলে ১০ লক্ষ টাকা পুরস্কার দেওয়া হবে বলে শুক্রবার ঘোষণা করল এনআইএ। বিদেশে বসে আনমোলই লরেন্স বিষ্ণোইয়ের গ্যাং চালায় বলে অভিযোগ রয়েছে। সিধু মুসেওয়ালা এবং বাবা সিদ্দিকি হত্যা মামলা-সহ বেশ কয়েকটি অপরাধের সঙ্গে নাম জড়িয়েছে তার। বলিউড অভিনেতা সলমন খানের বাড়ির বাইরে গুলি চালানোর জন্য যে বন্দুকধারীকে আটক করা হয়েছিল, সেও জানিয়েছিল আনমোল বিষ্ণোই তাকে এই কাজের ভার দিয়েছিল। ২০২২ সালে নথিভুক্ত দু''টি মামলায় তার বিরুদ্ধে চার্জশিট দাখিল করেছে এনআইএ।



শুক্রবার সদস্যতাপদ অভিযান করেন মেয়র দীপক মজুমদার।

# উচ্চ প্রাথমিকের মামলা খারিজ সুপ্রিম কোর্টে

নয়াদিল্লি, ২৫ অক্টোবর (হি.স.): উচ্চ প্রাথমিকে ১৪ হাজার শূন্যপদে নিয়োগের নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যে মামলা করা হয়েছিল, তা খারিজ করে দিল প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের বেঞ্চ। কলকাতা হাই কোর্টের নির্দেশ অনুযায়ী নিয়োগ হবে। নিয়োগ প্রক্রিয়ায় হস্তক্ষেপ করল না শীর্ষ আদালত। এদিনে রায়ের ফলে দ্রুত নিয়োগ হবে বলে আশাবাদী চাকরিপ্রার্থীরা।

উচ্চ প্রাথমিকে ১৪ হাজারের বেশি শূন্যপদে নিয়োগের নির্দেশ দিয়েছিল হাই কোর্ট।

ওই নির্দেশ সংরক্ষণ নীতির বিরোধী, এই দাবি তুলে শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছেন রাজীব ব্রহ্ম-সহ কয়েক জন চাকরিপ্রার্থী। ফলে ওই নিয়োগ প্রক্রিয়ায় নতুন করে জট তৈরি হয়েছিল। সুপ্রিম কোর্টের নির্দেশে জট কাটল।

শুক্রবার এনিয়ে সুপ্রিম কোর্টে শুনানি ছিল। তাতে প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের ডিভিশন বেঞ্চ জানিয়ে দিল, হাই কোর্টের রায়ই বহাল। এ নিয়ে সুপ্রিম কোর্ট কোনও হস্তক্ষেপ করবে না।

ফলে উচ্চ প্রাথমিকে নিয়োগে কোনও বাধা নেই আর।

১৪ হাজার ৫২ টি শূন্যপদ পূরণের প্রক্রিয়া এগিয়ে নিয়ে যেতে পারে রাজ্য সরকার। পুজোর আগেই এই প্রক্রিয়া শুরু হয়েছিল। মাঝে আইনি জটে তা থমকে গেলেও অর্ধেক কাজ এগিয়ে গিয়েছে। কাউন্সেলিং শেষে নিয়োগপত্র দেওয়ার প্রস্তুতিও শেষ।

# ফের মুখ্যসচিবকে বার্তা জুনিয়র ডাক্তারদের

কলকাতা, ২৫ অক্টোবর (হি.স.): ফের মুখ্যসচিবকে চিঠি লিখলেন জুনিয়র চিকিৎসকরা। মেডিক্যাল কলেজগুলিতে সমস্যার দ্রুত সমাধান, টাস্ক ফোর্সের বৈঠক, সেন্ট্রাল রেফারেল সিস্টেম সর্বত্র চালু এবং সেই সংক্রান্ত তথ্য নিয়মিত দেওয়া-সহ একগুচ্ছ দাবি রয়েছে জুনিয়র ডক্টরস ফ্রন্টের এই চিঠিতে।

বৃহস্পতিবার মাঝরাতে ইমেলের মাধ্যমে মুখ্যসচিব মনোজ পন্থকে তা পাঠানো হয়েছে। দশ দফার পর এবার ৬ দফা দাবিতে। এনিয়ে অবশ্য এখনও প্রশাসনের তরফে কোনও প্রতিক্রিয়া মেলেনি। আন্দোলনকারী চিকিৎসকদের দাবি, স্বাস্থ্যক্ষেত্রে সুরক্ষার জন্য শুধুমাত্র কিছু কমিটি তৈরি করাই যথেষ্ট নয়, তা কতটা সক্রিয় এবং কার্যকর, তাও দেখার দায়িত্ব সরকারের।

ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফ্রন্ট এই চিঠির ভূমিকাতেই লিখেছেন যে এসব নিতান্তই পরামর্শ নয়, স্বাস্থ্যক্ষেত্রে তা প্রয়োগ করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেছেন জুনিয়র চিকিৎসকরা। কেন্দ্রীয় রেফারেল সিস্টেমের প্রতিটি খুঁটিনাটি বিষয় জনস্বার্থে ভালোভাবে প্রচার করার দাবি তুলেছেন তাঁরা।

স্বচ্ছতার সঙ্গে সমস্ত অভিযোগ খতিয়ে দেখা, বিভিন্ন হাসপাতালে শয্যা সংখ্যা বাড়ানোর কথাও চিঠিতে উল্লেখ করা হয়েছে। তাঁদের মতে, রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নের স্বার্থে এসব এখনই প্রয়োগ করা জরুরি। এনিয়ে মুখ্যসচিবের তরফে ইতিবাচক পদক্ষেপ আশা করেন জুনিয়র চিকিৎসকরা।

# জেলাশাসকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক মমতা বন্দ্যোপাধ্যায়ের

কলকাতা, ২৫ অক্টোবর (হি.স.): ঝড়ে বিপর্যস্তদের যাতে কোনও প্রকার সমস্যা না হয় তা খতিয়ে দেখতে ডিএম-এসপিদের একাধিক নির্দেশ দেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

রাতভর জেগে কাজ করায় সকলকে ধন্যবাদ জানিয়ে জেলাশাসকদের সঙ্গে বৈঠক শুরু করেন মুখ্যমন্ত্রী। শুক্রবার তিনি বলেন, ত্রাণ শিবিরগুলোতে যাতে কারও সমস্যা না হয় সেদিকে নজর দিতে হবে। যাদের ত্রাণশিবিরে আনা হয়েছে, দুর্যোগ না মিটলে তাঁদের বাড়ি না ফেরানোর নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। বলেন, যাঁদের বাড়ি ভেঙেছে, আপাতত তাঁদের ত্রাণ শিবিরেই রাখতে হবে। খাবার, জল, বই-খাতা, জামা-কাপড়ের যাতে সমস্যা না তা দেখার নির্দেশ দেন। যে গাছ ঝড়ে পড়ে গিয়েছে, সেগুলো পুনরায় লাগানোর পরামর্শ দেন তিনি। বন্যা মোকাবিলায় সুন্দরবনে ম্যানগ্রোভ চারা লাগানোর পরামর্শ দেন মুখ্যমন্ত্রী।

মেডিক্যাল ক্যাম্প করার কথা বলেন তিনি।ডেঙ্গু যাতে না বাড়তে পারে, সেদিকে নজরদারির পরামর্শ দেন মুখ্যমন্ত্রী।

টেলি মেডিসিন পরিষেবা কাজে লাগানোর নির্দেশও দেন। জ্বর, ডায়রিয়ার ওষুধ ও অ্যান্টি ভেনাম মজুত রাখার কথা বলেন।

দিঘার জগন্নাথ মন্দিরের পরিস্থিতি কী? তা জানতে চাইলেন তিনি। বলেন, ঘাটাল মাস্টার প্ল্যান শুরু হয়েছে।

৩ বছরের মধ্যে কাজ শেষ হবে, বললেন মুখ্যমন্ত্রী। প্রত্যেককে দায়িত্ব নিয়ে কাজ করার নির্দেশ দিলেন তিনি।

# বৃহস্পতিবার রাতের পর শুক্রবার প্রথমার্দ্ধেও নবান্নেই ব্যস্ত মমতা

কলকাতা, ২৫ অক্টোবর (হি.স.): ঘূর্ণিঝড় দানার কারণে সারারাত নবান্নেই ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দফায় দফায় তিনি বিভিন্ন জেলায় ফোন করে ঝড়ের গতিপ্রকৃতি এবং ক্ষয়ক্ষতির খোঁজ নেন। কখনও কন্টোল রুমে, কখনও নিজের ঘরে বসেই প্রশাসনিক সব ব্যবস্থার তদারকি করেন তিনি।

রাতভর মুখ্যমন্ত্রীর সঙ্গেই নবান্নে উপস্থিত ছিলেন রাজ্যের স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তীও। ছিলেন বিপর্যয় মোকাবিলা দফতরের সচিব দুষ্মন্ত নারিওয়াল। শুক্রবার সকাল আটটা নাগাদ নবান্নে চলে আসেন মুখ্যসচিব মনোজ পন্থ। এর পর মুখ্যসচিব, মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্রসচিব সকলে মিলে বিভিন্ন জেলা থেকে ক্ষয়ক্ষতির খবরাখবর নিতে শুরু করেন।

ঘূর্ণিঝড় দানার কারণে সারারাত নবান্ন থেকে পরিস্থিতির উপর নজরদারি চালান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সকালেও সমানভাবে সক্রিয় ভূমিকায় ছিলেন তিনি। নবান্নে বসেই দুই মেদিনীপুর, দুই ২৪ পরগনা, হুগলি, ঝাড়গ্রাম, বাঁকুড়া-সহ ৭টি জেলার জেলাশাসকদের সঙ্গে ফোনে কথা বলেন মুখ্যমন্ত্রী। খোঁজ নেন সেখানকার পরিস্থিতির। দুপুরে জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়ালি বৈঠকে বসেন মমতা।

### ঝিলম নদী থেকে অজ্ঞাতপরিচয় ব্যক্তির মৃতদেহ উদ্ধার

শ্রীনগর, ২৫ অক্টোবর (হি.স.): শ্রীনগরের চট্টবলের নলবন্দপোড়ার কাছে ঝিলম নদী থেকে এক অজ্ঞাতপরিচয় ব্যক্তির মৃতদেহ উদ্ধার করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, শুক্রবার সকালে চট্টবলের নলবন্দপোড়ায় ঝিলম নদী থেকে এক অজ্ঞাতপরিচয় ব্যক্তির মৃতদেহ উদ্ধার করা হয়। পুলিশ মৃতদেহটি ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

## আরও একটি দেহ উদ্ধার, বেঙ্গালুরুর বহুতল ভেঙে মৃত্যু বেড়ে ৯

বেঙ্গালুরু, ২৫ অক্টোবর (হি.স.): বেঙ্গালুরুতে নির্মীয়মান বহুতল ভেঙে পড়ার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হল ৯। শুক্রবার সকালে ডিসিপি পূর্ব জানিয়েছেন, আরও একটি দেহ উদ্ধারের পর মৃতের সংখ্যা বেড়ে ৯-এ পৌঁছেছে। বাকি সবাইকে উদ্ধার করা হয়েছে। গত মঙ্গলবার দুপুরে বেঙ্গালুরুর পূর্বাঞ্চলে হোরামাভু আগারা এলাকায় একটি নির্মীয়মান বহুতল ভেঙে পড়ে। ৭-তলা নির্মীয়মান ওই বহুতলটি যখন ভেঙে পড়ে তখন অনেক শ্রমিক কাজ করছিলেন। হুড়মুড়িয়ে ভেঙে পড়ায় শ্রমিকেরা চাপা পড়ে যান। শুক্রবার সকালে ডিসিপি পূর্ব বলেছেন, আরও একটি দেহ উদ্ধারের পর মৃতের সংখ্যা বেড়ে ৯-এ পৌঁছেছে। উদ্ধার করা হয়েছে বাকি সবাইকে।

## বিজেপির সদস্য সংখ্যা ছড়ালো ১০ কোটি

নয়াদিল্লি, ২৫ অক্টোবর (হি.স.): ১০ কোটি সদস্য সংখ্যা ছুঁয়ে ফেললো ভারতীয় জনতা পার্টি (বিজেপি)। শুক্রবার এই বিষয়ে জানিয়েছেন বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা। তিনি বলেন যে, ''জাতীয় সদস্যতা অভিযান ২০২৪''-এর মাধ্যমে ১০ কোটি সদস্য অন্তর্ভুক্তি সম্পন্ন হয়েছে। তিনি বিজেপিতে সমস্ত নতুন সদস্যকে স্বাগত জানিয়েছেন।

জে পি নাড্ডা বলেন যে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দ্বারা ২ সেপ্টেম্বর থেকে শুরু হওয়া এই সদস্য অন্তর্ভুক্তি অভিযানে সমাজের বিভিন্ন ক্ষেত্রের মানুষ যোগদান করে চলেছেন। প্রধানমন্ত্রী মোদীর প্রতি মানুষের ভালবাসা এবং বিজেপির ওপর তাদের আস্থা ও বিশ্বাসের জন্য সমগ্র দেশবাসীর প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা।

## উত্তাল সমুদ্র, বন্ধ দিঘার মেরিন ড্রাইভ

দিঘা, ২৫ অক্টোবর (হি.স.) : ঘূর্ণিঝড় দানার দাপটে উত্তাল দিঘার সমুদ্র। বৃহস্পতিবার রাত ১১টার পর থেকে শুরু হয় ল্যান্ডফল। ঝড়ের দাপট বাড়ে দিঘা সংলগ্ন মন্দারমণি, বকখালি ইত্যাদি এলাকায়।শুক্রবার সকালে অবস্থার কিছুটা পরিবর্তন হলেও প্রবল ঝড়ের প্রভাবে বন্ধ দিঘার মেরিন ড্রাইভ। ল্যান্ডফলের পর থেকে শুরু হয় মুষলধারায় বৃষ্টি। জল জমে নিচু অঞ্চলগুলিতে। বেশ কিছু জায়গায় বিচ্ছিন্ন হয় বিদ্যুৎ-সংযোগ। পরিস্থিতি মোকাবিলায় তৎপর রয়েছে এনডিআরএফ-এর টিম।

## বড়মুড়ার ঝর্ণায় স্বচ্ছতা কর্মসূচি



**আগরতলা, ২৫ অক্টোবর।।** স্বচ্ছতা কর্মসূচীর অঙ্গ হিসাবে কেন্দ্রীয় ভূগর্ভস্থ জল বোর্ডের রাজ্য কার্যালয় ও খোয়াই জেলা বন বিভাগ যৌথভাবে আজ বড়মুড়া ঝর্ণা ও তার আশপাশ এলাকায় স্বচ্ছতা অভিযান চালায়। সেখানে ঝর্ণার জল প্রবাহের পথও পরিস্কার করা হয়। এই অভিযানে কেন্দ্রীয় ভূগর্ভস্থ জল বোর্ডের রাজ্য শাখার প্রধান আধিকারিক ডঃ রাজারাম পুরোহিত সহ জল বোর্ডের নয়জন আধিকারিক, খোয়াই বন বিভাগের তেলিয়ামুড়া ডিএফও অক্ষয় বালু বোরদে সহ ২০জন আধিকারিক ও বনকর্মীরা অংশ নেন।

## বাম আমলে

● প্রথম পাতার পর

কিন্তু বর্তমান সময়ে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর রাজ্যে কোন ধরনের সন্ত্রাসের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি প্রয়োগ করা হয়েছে। খুন, সন্ত্রাস, ড্রাগ, মাফিয়া সবকিছু বিরুদ্ধেই কড়া পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। বর্তমান সময়ে আইনশৃঙ্খলা যথেষ্ট উন্নত রয়েছে বলেই দাবি করেন বিজেপি প্রদেশ সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য।

## সাম্প্রদায়িক অশান্তি

● প্রথম পাতার পর

করাচ্ছেন। সরকারি বিদ্যালয়ের পরিকাঠামো সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে। কিন্তু রাজ্য সরকার এডুকেশন হাব বানানোর চিন্তা করছেন। স্বাস্থ্য ক্ষেত্রেও একই দশা বলে অভিযোগ করলেন বিরোধী দলনেতা। তার কথায় বহিরাজ্য থেকে নামিদামি চিকিৎসক এনে বিভিন্ন জটিল অস্ত্রপচার সংঘটিত করা হয়। কিন্তু পরবর্তীকালে এই সুযোগ-সুবিধা গুলি সাধারণ মানুষের কতটুকু হাতের নাগালে থাকবে সেটাই প্রশ্ন।

এদিকে বেকারদের কর্মসংস্থান সম্পর্কে বলতে গিয়ে বিরোধী দলনেতা বলেন, স্বাস্থ্য হাব, শিক্ষা হাব বানানোর কথা বললেও রাজ্যে সরকারি কোন ধরনের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হচ্ছে না। নতুন করে লোক নিয়োগ না করেই একের পর এক উন্নয়নের কথা শোনাচ্ছে সরকার। এদিকে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের নিয়োগ প্রক্রিয়া নিয়োগ সরব হন বিরোধী দলনেতা। অভিযোগ করে বলেন, বিজেপি সরকার ক্ষমতায় আসার পর থেকে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় কোন ধরনের নিয়োগ করা হচ্ছে না। ইউজিসি গাইডলাইন না মেনে একাংশ স্বার্থান্বেষীদের সমৃদ্ধ করতে নিয়োগ প্রক্রিয়া চালানো হচ্ছে। যার বিরোধীতা করেন তিনি।


পাশাপাশি এদিনের সাংবাদিক সম্মেলন থেকে বামেদের ঐক্যবদ্ধ সংগ্রামে এগিয়ে এসে লড়াই আরো তেজী করার আহ্বান করে বিরোধী দলনেতা। এদিনের বৈঠক থেকে আগামী ২৬ শে নভেম্বর গোটা দেশের সাথে রাজ্যেও এক আন্দোলন কর্মসূচি অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন প্রাক্তন মন্ত্রী মানিক দে। এছাড়াও এদিনের সাংবাদিক সম্মেলনে উপস্থিত থেকে বামফ্রন্ট আহ্বায়ক নারায়ণ কর বলেন, কেন্দ্রের এনডিও সরকার গোটা দেশব্যাপী এক দেশ এক ভোট এই নীতি চালু করার চেষ্টা চালাচ্ছে। এর বিরুদ্ধে গোটা দেশের জনগণকে ঐক্যবদ্ধ হয়ে লড়াইয়ে নেমে আসার আহ্বান জানিয়েছেন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## উত্তর প্রদেশে লাইনচ্যুত মালগাড়ির দু’টি বগি হতাহতের কোনও খবর নেই

সাহারানপুর, ২৫ অক্টোবর (হি.স.): ফের ট্রেন দুর্ঘটনা, এবার উত্তর প্রদেশের সাহারানপুর স্টেশনের কাছে লাইনচ্যুত হয়ে গেল একটি মালগাড়ি। শুক্রবার সাহারানপুর স্টেশনের অদূরে একটি মালগাড়ির দু’টি বগি লাইনচ্যুত হয়ে যায়। এই ট্রেন দুর্ঘটনায় কেউ হতাহত হননি। তবে, ক্ষতিগ্রস্ত হয়েছে রেললাইন। রেলের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সাহারানপুর রেল স্টেশনের কাছে একটি মালগাড়ির দু’টি ওয়াগন লাইনচ্যুত হয়েছে। ট্রেনটি ফসল নিয়ে যাচ্ছিল। ট্রেনটি গুরু হর সহায় থেকে আসছিল। কোনও প্রাণহানি অথবা আহত হওয়ার খবর নেই। তবে, ট্রেন পরিষেবা বিঘ্নিত হয়েছে।

## ঝাড়খণ্ডে কংগ্রেসের সঙ্গে জোটের কোনও অস্তিত্ব নেই : চম্পই সোরেন

সরাইকেল্লা, ২৫ অক্টোবর (হি.স.): ঝাড়খণ্ডের সরাইকেল্লা বিধানসভা আসন থেকে নিজের মনোনয়ন পত্র পেশ করলেন ঝাড়খণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিজেপি নেতা চম্পই সোরেন। শুক্রবার সরাইকেল্লা বিধানসভা আসন থেকে মনোনয়ন পত্র পেশ করেছেন চম্পই সোরেন। নিজের জয় নিয়ে তিনি আশা ব্যক্ত করেছেন। সরাইকেল্লা থেকে বিজেপি প্রার্থী হিসাবে মনোনয়ন জমা দেওয়ার পরে প্রাক্তন মুখ্যমন্ত্রী চম্পই সোরেন বলেছেন, ’বিজয় নিশ্চিত।’ তিনি আরও বলেন, ’বাংলাদেশি অনুপ্রবেশকারীরা ঝাড়খণ্ডে প্রবেশ করেছে এবং শুধুমাত্র বিজেপিই রাজ্যের আদিবাসীদের প্রতি ন্যায়বিচার করতে পারে, বিজেপি ৮১টি আসনেই জিতবে।’ চম্পই সোরেন বলেছেন, ’শুধু ঝাড়খণ্ডে নয়, সারা দেশে বিজেপির ঢেউ রয়েছে। এই ঢেউ কেউ থামাতে পারবে না। ঝাড়খণ্ডে কংগ্রেসের সঙ্গে জোটের কোনও অস্তিত্ব নেই এবং তাঁরা এই নির্বাচনে কোথাও নেই।’

## মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

জনকল্যাণমূলক প্রকল্পের মাধ্যমে স্বসহায়ক গোষ্ঠীগুলিকে সহায়তা করা হচ্ছে। পাশাপাশি ব্যাঙ্ক থেকেও স্বসহায়ক গোষ্ঠীগুলি ঋণের সুবিধা পাচ্ছেন। রাজ্যের প্রথাগত কারিগরি শিল্পীগণ তথা বিশ্বকর্মারা এই প্রকল্পের মাধ্যমে উপকৃত হবেন বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পদ্যোগ মন্ত্রকের কেন্দ্রীয় মন্ত্রী জিতন রাম মাঁঝি বলেন, পিএম-বিশ্বকর্মা প্রকল্পে দেশব্যাপী বিভিন্ন কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এই প্রকল্পের মুখ্য উদ্দেশ্য হলো সমাজের গরীব অংশের মানুষের রোজগার সৃষ্টি করা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগের মাধ্যমে স্বরোজগারের উপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করেছেন। এই দৃষ্টিভঙ্গিতেই প্রধানমন্ত্রী গ্রামীণ এলাকার জনগণ যাতে স্বাচ্ছন্দ্যে জীবনযাপন করতে পারেন তারজন্যই এই উদ্যোগ নেওয়া হয়েছে।পিএম-বিশ্বকর্মা প্রকল্প রূপায়ণে ত্রিপুরা উত্তর পূর্বাঞ্চলের মধ্যে উল্লেখযোগ্য প্রগতি করেছে। উন্নয়ন কর্মসূচি রূপায়ণের মধ্য দিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আত্মনির্ভর ও বিকশিত ভারত গড়ার স্বপ্ন বাস্তবায়িত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। পিএম-বিশ্বকর্মা প্রকল্প রূপায়ণের মধ্য দিয়ে আগামীদিনে আমাদের দেশের প্রথাগত ঐতিহ্যবাহী কারিগর ও শিল্পীদের জীবনমান আরও উন্নত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা বলেন, আত্মনির্ভর ভারত ও আত্মনির্ভর ত্রিপুরা গঠনে অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এজন্য পিএম-বিশ্বকর্মা প্রকল্পটি চালু করা হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে ১৮টি প্রথাগত পেশার সাথে যুক্ত কারিগরদের জীবনমান আরও উন্নত হবে বলে তিনি আশা ব্যক্ত করেন।অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, পিএম-বিশ্বকর্মা প্রকল্পটি আর্থিক ব্যবস্থার উন্নতির পাশাপাশি রাজ্যের প্রথাগত শিল্পকলাকেও সংরক্ষণ করে রাখবে। রাজ্যে এখন পর্যন্ত প্রায় ৫২ হাজার কারিগর পিএম- বিশ্বকর্মা পোর্টালে নিজেদের নাম নথিভুক্ত করেছেন। যার মধ্যে প্রায় ১৮ হাজার কারিগরকে তৃতীয় স্তরের স্ক্রিনিং কমিটি দক্ষতা প্রশিক্ষণের জন্য অনুমোদন দিয়েছে। এরমধ্যে অনেকেই সফলভাবে প্রশিক্ষণ শেষ করেছেন। পিএম-বিশ্বকর্মা প্রকল্পে রাজ্যে ২৯টি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে।অনুষ্ঠানে এছাড়াও অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পদ্যোগ মন্ত্রকের অধীনস্ত পিএম- বিশ্বকর্মা প্রকল্পের অধিকর্তা মিলিন্দ রামটেক উপস্থিত ছিলেন। ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি। অনুষ্ঠানে রাজ্যে পিএম-বিশ্বকর্মা প্রকল্পের সফল বাস্তবায়নের জন্য বিভিন্ন বিভাগে পুরস্কার প্রদান করা হয়। পিএম-বিশ্বকর্মা প্রকল্প রূপায়ণে উৎকৃষ্ট কাজের জন্য সেরা জেলা হিসেবে উত্তর ত্রিপুরা, সেরা ভিলেজ কমিটি হিসেবে লেফুঙ্গা ব্লকের উত্তর দেবেন্দ্রনগর ভিলেজ কমিটি, সেরা নগরশাসিত সংস্থা হিসেবে জিরানীয়া নগর পঞ্চায়েত এবং বিশালগড় পুরপরিষদ, সেরা ব্যাঙ্ক হিসেবে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক পুরস্কৃত হয়েছে। এছাড়াও অনুষ্ঠানে কয়েকজন সুবিধাভোগীকে ঋণের চেক ও প্রশিক্ষণের শংসাপত্র তুলে দেওয়া হয়।

এছাড়াও অনুষ্ঠানে সুবিধাভোগীদের মধ্যে যন্ত্রপাতি, সরঞ্জাম সম্বলিত টুল কিট প্রদান করা হয়। অনুষ্ঠানে ঊনকোটি ব্র্যান্ডের ধূপকাঠিরও সূচনা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সহ অতিথিগণ পুরস্কার প্রাপকদের হাতে পুরস্কারগুলি তুলে দেন। অনুষ্ঠানে পিএম-বিশ্বকর্মা যোজনা সম্পর্কিত একটি ভিডিও প্রদর্শিত হয়। অনুষ্ঠান শুরুর পূর্বে মুখ্যমন্ত্রী, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগ মন্ত্রকের কেন্দ্রীয় মন্ত্রী সহ অতিথিগণ অনুষ্ঠান প্রাঙ্গণে প্রদর্শিত প্রদর্শনী স্টলগুলি ঘুরে দেখেন।

## বন্দুক উদ্ধার

● প্রথম পাতার পর

সফল হয়নি। কিন্তু গত কাল গোপন সংবাদের ভিত্তিতে এই অভিযান সফল হয়। বাড়ির মালিক বাসী ত্রিপুরা ও হাজার কুমার ত্রিপুরা পালিয়ে যায়। তাদের খুঁজে বের করার চেষ্টা করছে পুলিশ ও বন দফতর। বন দফতর থেকে মামলা করা হয় তাদের বিরুদ্ধে।

এই অভিযানে নেতৃত্ব দেন তৃষ্ণা অভয়ারণ্য মুখ্য বন্যপ্রাণী সংরক্ষক বিমল দাস, অভয়া রেঞ্জ অফিসার বিকাশ ঘোষ, রাজনগর রেঞ্জ অফিসার সুকান্ত সরকার সহ বন দফতর কর্মীরা ও রাজনগর পি আর বাড়ি থানার পুলিশ। তৃষ্ণা অভয়ারণ্য মুখ্য বন্যপ্রাণী সংরক্ষক বিমল দাস জানান এই অভিযান অব্যাহত থাকবে। আসামীদের গ্রেফতার করা হবে দ্রুত, কয়েক দিন আগে ও একজন কে গ্রেফতার ও একটি দেশী বন্দুক সহ একজন কে গ্রেফতার করা হয়েছিল। বিলোনিয়ার মহকুমার মানুষ চাইছে এই বনদুশ্য ও চোরা শিকারিদের বিরুদ্ধে আরো কঠোর হোক তৃষ্ণা অভয়ারণ্য।

## বিধায়ক

● প্রথম পাতার পর

করেছি। তিনি আশ্বাস দিয়েছেন, ২৮ নভেম্বর রাজ্যপাল রাজ্যে ফিরে আসলে এই বিষয় নিয়ে আলোচনা করা হবে।

## কমিটির বৈঠক

● প্রথম পাতার পর

বিভিন্ন কর্মসূচির ঘোষণা করেছে কমিউনিস্ট পার্টি।

## আহত ১

● প্রথম পাতার পর

ও আরক্ষাপ্রসাশন ঘটনাস্থলে উপস্থিতহয়ে চোরাই কাঠ ও কাঠ বোঝাইগাড়ীটি ঘটনাস্থলথেকে উদ্ধারকরেনিয়েআসে। জানাযায় দুর্ঘটনায় আহত ব্যক্তি শান্তির বাজার পশ্চিম পাড়ার বাসিন্দা সুজন দেবনাথ ( ৪০ )। আহত ব্যক্তি বর্তমানে জেলাহাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রয়েছে।

## মনোনয়নপত্র জমা দিলেন জেএলকেএম প্রার্থী বালেশ্বর কুমার

রামগড়, ২৫ অক্টোবর (হি.স.): ঝাড়খণ্ডের বরকাগাঁও বিধানসভা কেন্দ্রের ঝাড়খণ্ড লোকতান্ত্রিক ক্রান্তিকারী মোর্চা (জেএলকেএম)-র প্রার্থী বালেশ্বর কুমার শুক্রবার মনোনয়নপত্র জমা দিয়েছেন। এদিন তিনি বলেন, বরকাগাঁও বিধানসভায় উন্নয়নই তাঁর সবচেয়ে বড় লক্ষ্য। এছাড়াও অন্যান্য স্থানীয় ইস্যুতে জেএলকেএমের প্রার্থী হিসেবে তিনি নির্বাচনী প্রচার করছেন। তিনি আরও বলেন, বরকাগাঁও বিধানসভা কেন্দ্রে অম্বা প্রসাদের ওপর মানুষ ক্ষুব্ধ। এবার জয়রাম মাহাতোর দলকে সমর্থন দিতে প্রস্তুত সেখানকার মানুষ।

## নকশালবাড়িতে ট্রেনের ধাক্কায় মৃত্যু মহিলার

শিলিগুড়ি, ২৫ অক্টোবর (হি. স.) : শিলিগুড়ির নকশালবাড়ি সংলগ্ন খালপাদা এলাকায় ট্রেনে কাটা পড়ে এক মহিলার মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটেছে শুক্রবার সকালে। নিহতের নাম আমিনা খাতুন। তিনি বাগডোগরার বাসিন্দা ছিলেন। শুক্রবার শিলিগুড়ির দিকে যাচ্ছিল নিউ জলপাইগুড়ি-কামাখ্যাগুড়ি ক্যাপিটাল এক্সপ্রেস। ওই সময় মহিলা লাইন পার হচ্ছিলেন। এতে ঘটনাস্থলেই ওই মহিলার মৃত্যু হয়। খবর পেয়ে রেল পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

## ভিক্টোরিয়া চত্বর থেকে ময়দান, বৃষ্টিতে জলমগ্ন মহানগরীর নানা প্রান্ত

কলকাতা, ২৫ অক্টোবর (হি.স.): ঘূর্ণিঝড় ‘দানা’-র প্রভাবে শুক্রবার সকাল থেকে কলকাতায় লাগাতার বৃষ্টি হয়েছে। মুষলধারে বৃষ্টি না হলেও একনাগাড়ে বর্ষণে মহানগরীর একাধিক রাস্তা জলমগ্ন হয়ে পড়েছে। তবে সকাল থেকে রাস্তায় যান চলাচল বেশ কম ছিল। খুব বেশি মানুষও রাস্তায় বেরোননি। ধর্মতলা ছিল শুনশান, নিউমার্কেটেও অধিকাংশ দোকান খোলেনি।সকাল থেকে টানা বৃষ্টির জেরে জল জমেছে সেন্ট্রাল অ্যাভিনিউয়ের বেশ কিছু জায়গায়। এ ছাড়া মহাত্মা গান্ধী রোড, পার্ক স্ট্রিট, থিয়েটার রোড, ক্যামাক স্ট্রিটে জল জমেছে। উত্তর বন্দর থানার কাছে স্ট্র্যান্ড রোডের একাংশ জলমগ্ন হয়ে রয়েছে। জল জমেছে সায়েন্স সিটির কাছেও। বেলঘরিয়া রোড, বর্ধমান রোড এবং আলিপুরের কিছু কিছু রাস্তায় জল জমেছে।কলকাতা পুরসভা সূত্রে খবর, সবচেয়ে বেশি বৃষ্টি হয়েছে দক্ষিণ কলকাতার যোধপুর পার্ক পাম্পিং স্টেশন জোনে। দুপুর বারোটা পর্যন্ত ১৪১ মিমি বৃষ্টিপাত হয়েছে সেখানে। তারপরেই রয়েছে কামদহরি (১২০ মিমি), বালিগঞ্জ পাম্পিং স্টেশন অঞ্চলে ১১৯ মিমি, ট্যাংরা, ডায়মন্ড হারবার ও তারাতলা এলাকায় ১০৩ মিমি করে বৃষ্টিপাত হয়েছে। আলিপুরে গত ২৪ ঘণ্টায় বৃষ্টি হয়েছে ১০০ মিমি। ঘূর্ণিঝড়ের প্রভাবে বৃষ্টি বেশি হয়েছে বালিগঞ্জ, চেতলা, মোমিনপুর এলাকাতেও। উত্তরের তুলনায় দক্ষিণ কলকাতা এবং সংযুক্ত অঞ্চলে বৃষ্টিপাতের পরিমাণ বেশি বলেই জানা যাচ্ছে পুরসভা সূত্রে। বালিগঞ্জ, যাদবপুর ৮বি, যাদবপুর থানা, বালিগঞ্জ ফাঁড়ি, বেকবাগান, হাজরা, মোমিনপুর, খিদিরপুর, আলিপুর বডিগার্ড লাইন, প্রিন্স আনোয়ার শাহ, রাসবিহারী সহ দক্ষিণের বিস্তীর্ণ এলাকায় বৃষ্টিপাতের পরিমাণ শহরের অন্যান্য অঞ্চলের চেয়ে সর্বাধিক। একনাগাড়ে বৃষ্টিতে জলমগ্ন ভিক্টোরিয়া, ময়দান চত্বর। সাউথ সিটির উল্টো দিকে একটি গাড়ির উপর ভেঙে পড়েছে গাছ। কলকাতার একাধিক হাসপাতালও জলমগ্ন হয়ে পড়েছে।

## বঙ্গে দুর্যোগ-পরবর্তী পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রস্তুত থাকার নির্দেশ মুখ্যমন্ত্রীর

কলকাতা, ২৫ অক্টোবর (হি.স.): দুর্যোগ-পরবর্তী পরিস্থিতি স্বাভাবিক রাখতে কোনও শিথিলতা রাখতে চাইছে না নবান্ন। শুক্রবার দুপুরে রাজ্য প্রশাসনের এই মনোভাবের কথা স্পষ্ট করে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দুপুরে নবান্নে সাংবাদিক বৈঠক করেন তিনি।মুখ্যমন্ত্রী বিশেষ ভাবে নজর দিতে বলেন উপকূলবর্তী দুই জেলা পূর্ব মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনার পরিস্থিতির উপরে। তিনি বলেন, “দুর্যোগে বহু চাষের জমি নষ্ট হয়েছে।” এই সূত্রেই তিনি কৃষকদের ক্ষতি কতটা, তা যাচাই করতে সমীক্ষা করানোর নির্দেশ দেন। জমা জল থেকে মশাবাহিত বিভিন্ন রোগের প্রাদুর্ভাবের কথা স্মরণ করিয়ে দিয়ে মশারি বিলির পরামর্শ দেন। তাঁর কথায়, “যেখানে ম্যালেরিয়ার প্রকোপ রয়েছে, সেখানে মশারি দিতে হবে।”বাঁকুড়ায় জেলাশাসক মুখ্যমন্ত্রীকে জানান, ২৭ টা কাঁচা বাড়ি ভেঙে পড়েছে। মুখ্যমন্ত্রী জানান, সাগরের বিধায়কের সঙ্গে কথা বলেছেন। শুনেছেন, কপিল মুনির আশ্রমের সামনে জল জমেছিল। তবে পরিস্থিতি নিয়ন্ত্রণে। কুলতলি, মোহনপুর-সহ একাধিক এলাকার বিধায়কদের সঙ্গে কথা বলেছেন।মুখ্যমন্ত্রী জানান, উত্তর ২৪ পরগনার গোসাবা, বনগাঁ, বসিরহাটে ভারী বৃষ্টি হয়েছে। এখনও অনেক জায়গায় বৃষ্টি হচ্ছে। হাওড়া, হুগলি, কলকাতা, বাঁকুড়ায় প্রচুর বৃষ্টি হয়েছে।

## বকেয়া বেতনের দাবিতে নকশালবাড়িতে চা শ্রমিকদের বিক্ষোভ

শিলিগুড়ি, ২৫ অক্টোবর (হি.স.) : বকেয়া মজুরির দাবিতে ম্যানেজারের অফিস ঘেরাও করে বিক্ষোভ দেখালেন শিলিগুড়ির নকশালবাড়ি চা বাগানের শ্রমিকরা। শ্রমিকদের অভিযোগ, দুই সপ্তাহ ধরে তাদের বেতন বকেয়া রয়েছে। সংসার চালানো খুবই কঠিন হয়ে পড়ছে। শ্রমিকদের মতে, পর্যাপ্ত টাকার অভাবে রোগীদের চিকিৎসাও হচ্ছে না। একই সঙ্গে প্ল্যান্টেশন ম্যানেজার শোষ দাস জানান, শ্রমিকদের বকেয়া বেতন ব্যাংকে দেওয়া হয়েছে। ব্যাংক সমস্যার কারণে শ্রমিকদের বেতন এখনো বিতরণ করা হয়নি। শিগগিরই এর সমাধান করা হবে। অথচ শ্রমিকদের অভিযোগ, দুই সপ্তাহ ধরে বেতন পাননি তারা। এতে বিপাকে পড়েছেন ৬০০ শ্রমিক। এ বিষয়ে বৃক্ষরোপণ কর্তৃপক্ষের সঙ্গে একাধিকবার কথা বলা হলেও কোনও লাভ হয়নি। এ কারণে এদিন বিক্ষোভ দেখায় শ্রমিকরা। শ্রমিকদের বিক্ষোভে ঘণ্টার পর ঘণ্টা প্ল্যান্টেশনের কাজ বন্ধ থাকে।

## বৃষ্টিতে জলমগ্ন কলকাতার বহু রাস্তা, যানের গতি শ্লথ

কলকাতা, ২৫ অক্টোবর (হি.স.): ঘূর্ণিঝড়ের প্রভাবে শুক্রবার সকাল থেকে কলকাতায় লাগাতার বৃষ্টি চলে। কিছুক্ষণ মুষলধারে বৃষ্টি হয়। একনাগাড়ে বর্ষণে শহরের একাধিক রাস্তা জলমগ্ন হয়ে পড়ে। ওইসব এলাকায় জল জমে থাকার ফলে শ্লথ হয়ে যায় ট্রাফিকের গতি।কলকাতা পুলিশের ট্রাফিক বিভাগ সূত্রে খবর, ঠনঠনিয়া কালীবাড়ি, বড়বাজার অ্যাভিনিউ, শোভাবাজার, বেলগাছিয়া, কাশীপুর, নিউ মার্কেট-সহ একাধিক রাস্তায় জলমগ্ন হয়। বাদ যায়নি বেহালা অঞ্চল। বেহালার একাধিক জায়গায়তেও জল জমার ছবি ধরা পড়ে।

সকাল থেকে টানা বৃষ্টির জেরে জল জমে সেন্ট্রাল অ্যাভিনিউয়ের বেশ কিছু জায়গায়। এ ছাড়া মহাত্মা গান্ধী রোড, পার্ক স্ট্রিট, থিয়েটার রোড, ক্যামাক স্ট্রিটে জল জমে। উত্তর বন্দর থানার কাছে স্ট্র্যান্ড রোডের একাংশ জলমগ্ন হয়। জল জমে সায়েন্স সিটির কাছেও। বেলঘরিয়া রোড, বর্ধমান রোড এবং আলিপুরের কিছু কিছু রাস্তায় জল জমে।এদিন সকাল থেকে রাস্তায় যান চলাচল বেশ কম। খুব বেশি মানুষও রাস্তায় বেরোননি। ফলে ভোগান্তি তুলনামূলক কম হয়। হাওড়া বাসস্ট্যান্ডেও সকালের দিকে বাস কম ছিল। বেলায় অবশ্য বাসের সংখ্যা বাড়ে।

## কলমচৌড়া থানা এলাকায় সচেতনতামূলক বৈঠকে সিপাহীজলা জেলার পুলিশ সুপার বিজে রেড্ডি

নিজস্ব প্রতিনিধি, সিপাহীজলা, ২৫ অক্টোবর:সিপাহীজলা জেলার পুলিশ সুপার বিজে রেড্ডি বৃহস্পতিবার কলমচৌড়া থানার অধীনস্থ কলসিমুড়া ও উত্তর কলমচৌড়া দুটি গ্রামে ওসি নারু গোপাল দেব,এলাকার প্রধান ও উপপ্রধানসহ স্থানীয় বাসিন্দাদের সাথে একটি আলোচনা সভা করেন। এই সভার মূল লক্ষ্য ছিল সমাজে শান্তি ও সম্প্রীতির বার্তা ছড়িয়ে দেওয়া এবং পথ দুর্ঘটনা ও মাদকাসক্তি প্রতিরোধে জনগণের সচেতনতা বৃদ্ধি করা। সভায় পুলিশ সুপার বি জে রেড্ডি রাস্তাঘাটে চলাচলের সময় সতর্কতা অবলম্বনের গুরুত্ব তুলে ধরেন।

তিনি বিশেষভাবে যুবকদের উদ্দেশ্যে বলেন, ’রাস্তায় চলাফেরা করার সময় বিশেষ সতর্ক থাকতে হবে। নিরাপত্তার জন্য চালকদের হেলমেট পরিধান করা উচিত এবং নিয়ম মেনে চলা আবশ্যক।’ তিনি অনুরোধ করেন, এলাকার সকল ভাই এবং চালক যেন নিজেদের এবং অন্যান্যদের নিরাপত্তার কথা ভেবে সবসময় হেলমেট ব্যবহার করে বাইক চালনা করেন। এর মাধ্যমে দুর্ঘটনার ঝুঁকি অনেকাংশে কমানো সম্ভব।

মাদকাসক্তি রোধে বিশেষ গুরুত্ব প্রদান করে তিনি উল্লেখ করেন, ’এই জেলায় মাদকাসক্তি এক বড় সমস্যা। স্থানীয় জনগণকে এর বিরুদ্ধে একসাথে রুখে দাঁড়াতে হবে।’ তিনি বলেন, ’যদি কোন যুবক মাদকের সাথে জড়িয়ে পড়ে বা মাদক সেবন করে,তাহলে এলাকার প্রধান ও অন্যান্য বাসিন্দাদের উচিত তাৎক্ষণিকভাবে পুলিশকে জানানো।’ এই সমস্যার মোকাবিলায় সকলের সহযোগিতা এবং সচেতনতা অত্যন্ত জরুরি বলে তিনি উল্লেখ করেন।

পুলিশ সুপার বি জে রেড্ডি আরও বলেন, ’কোনও ছোটখাটো ঘটনা যাতে বড় আকারের ঝগড়া বা সংঘর্ষে পরিণত না হয়, সেদিকে সবাইকে লক্ষ্য রাখতে হবে। যদি এমন কোন পরিস্থিতি সৃষ্টি হয়, তবে তাৎক্ষণিকভাবে পুলিশকে খবর দেওয়ার জন্য তিনি অনুরোধ করেন।তিনি বলেন, ’অপ্রীতিকর ঘটনা এড়ানোর জন্য পুলিশ সবসময় জনগণের পাশে রয়েছে।’ এর মাধ্যমে তিনি স্থানীয়দের আস্থা অর্জন এবং আইনের প্রতি শ্রদ্ধাশীল থাকার পরামর্শ দেন।

শিক্ষা এবং উন্নয়ন নিয়ে আলাপ করে পুলিশ সুপার বলেন, ’যে ছাত্রছাত্রীরা স্কুল বা কলেজে পড়াশোনা করতে চায় এবং বাইরে গিয়ে পড়াশোনা করতে ইচ্ছুক,তাদের আমি বিশেষভাবে সহযোগিতা করব।’ এভাবে শিক্ষার্থীদের উৎসাহিত করে তিনি তাদের ভবিষ্যৎ গঠনে সাহায্য করার আশ্বাস দেন।

এই আলোচনার মাধ্যমে পুলিশ সুপার বি জে রেড্ডি স্থানীয়দের শান্তি, সম্প্রীতি এবং উন্নয়নের পথে একযোগে এগিয়ে চলার পরামর্শ দেন।তাঁর এই সভা কলসি মুড়া ও উত্তর কলমচৌড়া গ্রামের মানুষের মধ্যে ইতিবাচক প্রভাব ফেলে এবং স্থানীয় বাসিন্দারা তাঁর বার্তায় অনুপ্রাণিত হন।

পুলিশ সুপারের এই উদ্যোগ স্থানীয় বাসিন্দাদের মধ্যে শান্তি, নিরাপত্তা, এবং উন্নয়নের এক নতুন দিগন্ত উন্মোচন করেছে। তাঁর এই আলোচনা সভা মাদকাসক্তি ও রোড এক্সিডেন্ট প্রতিরোধে এলাকাবাসীর মধ্যে সচেতনতা বৃদ্ধি করে এবং সমাজে সম্প্রীতির বার্তা ছড়িয়ে দেয়।

## উত্তর জেলা প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে শুরু লাইভস্টক সেনসাস ২০২৪

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৫ অক্টোবর:**গোটা দেশের সাথে সাথেই উত্তর জেলা প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগ আজ থেকে শুরু হলো লাইভস্টক সেনসাস ২০২৪। অর্থাত জেলার পশুদের আদমশুমারি। এই দিন দপ্তরের উদ্যোগে ধর্মনগর চন্দ্রপুরের নজরুল স্মরণী এলাকায় একটি সংক্ষিপ্ত অনুষ্ঠানের মধ্যদিয়ে জেলার এই লাইভস্টক সেনসাস এর কাজ শুরু হয়।

এই বিষয়ে বলতে গিয়ে উত্তর জেলা প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের ডেপুটি ডিরেক্টর তথা এই লাইভস্টক সেনসাস এর নোডাল অফিসার ডঃ এল. রয়টা বলেন মূলত গৃহপালিত পশুপাখিদের সংখ্যা নির্ধারণ করতেই এই লাইভস্টক সেনসাস এর কাজ শুরু হয়েছে। আজ থেকে এই সেনসাস শুরু হয়ে চলবে আগামী ২০২৫ সালের ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত। আগামী চার মাসে উত্তর জেলার প্রতিটি বাড়িতেই দপ্তরের দায়িত্ব প্রাপ্ত কর্মীরা যাবেন। এবং পশুপাখীর সংখ্যা সংগ্রহ করবেন।

তবে সকলের সতর্কতার জন্য তিনি জানিয়েছেন এই সেনসাসে কোন প্রকার আধার কার্ড কিংবা কোন নতিপএ সেনসাসের কাজে নিযুক্ত কর্মীদের দেখাতে হবে না। শুধু পশুপাখীর সংখ্যাটাই সংগ্রহ করা হবে। তাই দপ্তরের আধিকারিকরা সকলকে কোন দুষ্ট চক্রের প্রতারণার হাত থেকে সতর্কতা অবলম্বনের আবেদন রাখেন। এই দিন দপ্তরের অন্যান্য আধিকারিকদের মধ্যে উপস্থিত ছিলেন এসিস্ট্যান্ট ডিরেক্টর ডঃ দ্বিতেন্দু নাগ ও ভ্যাটেনারী অফিসার ডঃ অমরেশ নাথ প্রমুখ।

## বিদ্যাজ্যোতি স্কুলগুলির সামগ্রিক শিক্ষা ব্যবস্থা নিয়ে কর্মশালা

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২৫ অক্টোবর:**খোয়াই জেলার বিদ্যাজ্যোতি স্কুলগুলির সামগ্রিক শিক্ষা ব্যবস্থা নিয়ে শুক্রবার খোয়াই বিআরসি হলে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। খোয়াই জেলার অন্তর্গত সমস্ত বিদ্যাজ্যোতি স্কুলের সামগ্রিক দিক নিয়ে বিআরসি হলে কর্মশালা আয়োজিত হয়।

এদিন কর্মশালায় উপস্থিত ছিলেন বিদ্যাজ্যোতি সেলের রিসোর্স পারসন স্বপন মজুমদার, খোয়াই জেলা শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত আধিকারিক দীনেশ দেববর্মা, জেলা শিক্ষা দপ্তরের ওএসডি ঋষিকেশ দেববর্মা সহ অন্যান্যরা।

এদিন ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই কর্মশালায় যোগ দেন রাজ্য শিক্ষা দপ্তরের অধিকর্তা এনসি শর্মা। কর্মশালায় বিদ্যাজ্যোতি স্কুলের সামগ্রিক শিক্ষা ব্যবস্থা নিয়ে বিস্তারিত আলোকপাত করা হয়।

## মৃত্যু ব্যক্তির

● প্রথম পাতার পর

করতে পারছেন না। এদিকে দশদায় হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক তাঁর অবস্থা আশঙ্কাজনক দেখে জিবি হাসপাতালে স্থানান্তর করেন। কিন্তু জিবি হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়েছে। এমনটাই হাসপাতালে কর্মরত চিকিৎসক চিরঞ্জীব দেববর্মা নিশ্চিত করেছেন। তিনি বলেন, হাসপাতালে আসার আগেই অধিরায় রিয়াং এর মৃত্যু হয়েছে, কারণ তাকে পরীক্ষা করে পালস খুঁজে পাওয়া যায় নি। এমনকি রক্তচাপও ছিলনা, ফলে ইসিজির মাধ্যমে তার মৃত্যু নিশ্চিত হয়েছে।

ডাক্তার চিরঞ্জীব দেববর্মা বলেন, পায়ে গুলি লাগার কারণে অধিরায়ের মৃত্যু হয়েছে তা এখনই বলা সম্ভব নয়। ময়নাতদন্তে তার মৃত্যুর প্রকৃত কারণ বেরিয়ে আসবে।

## দুই অভিযুক্ত

● প্রথম পাতার পর

থেকে সোহেল খান নিজেকে হিন্দু যুবক বলে পরিচয় দিয়ে মেয়েটিকে ভালোবাসার ফাঁদে ফেলে জোরপূর্বক তাকে বহিঃরাজ্যে নিয়ে যায়। বিগত দুমাস পূর্বে মেয়েটিকে নিয়ে পশ্চিম গোকুলনগর এলাকায় সোহেল খান তার নিজের বাড়িতে আসে। মেয়েটি তার পরিবারের সঙ্গে যোগাযোগ করার পর বাবা খবর পেয়ে শুক্রবারে পুলিশ নিয়ে মেয়েটিকে উদ্ধার করতে গেলে সোহেল খান মেয়েটিকে ভয় দেখিয়ে গলায় ছুরি ধরে পালিয়ে যায়। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ছড়িয়ে পড়ে তীব্র উত্তেজনা।

## আহত সাত

● প্রথম পাতার পর

লোকজনের মুখে, গলায় ও পেটে লাফিয়ে কামর দেয় এতেকরে সকলে গুরতর আহতহয়। কুকুরের কামরের কথা শান্তিরবাজারে ছড়িয়ে পরতেই সকলেরমধ্যে তীব্র আতঙ্কের সৃষ্টি হয়।

# লখনৌতে আজ সিনিয়র মহিলা টি-২০ ত্রিপুরা-হিমাচল ম্যাচ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। আগামীকাল ত্রিপুরা দলের পঞ্চম ম্যাচ শক্তিশালী দল হিমাচল প্রদেশের বিরুদ্ধে। বিসিসিআই আয়োজিত মহিলা সিনিয়র টি-টোয়েন্টি ২০২৪-২৫ টুর্নামেন্টের খেলা। ডি গ্রুপের লিগ টুর্নামেন্ট হচ্ছে লখনৌতে। আগামীকাল নিজেদের ৫ম ম্যাচে ত্রিপুরা দল হিমাচল প্রদেশের বিরুদ্ধে জয়ের লক্ষ্যে মাঠে নামবে। প্রথম ম্যাচে সিকিমকে ৭২ রানে হারিয়ে পরবর্তী পরপর তিনটি ম্যাচে যথাক্রমে রেলওয়েজ, কেরালা এবং চন্ডিগড় এর কাছে হেরে ত্রিপুরার অবস্থা মোটেও ভালো নেই। ২২ অক্টোবর, মঙ্গলবার ম্যাচের পর তিনদিন বিরতি কাটিয়ে আগামীকাল পুনরায় মাঠে নামবে। স্বাভাবিক কারণে বিগত ম্যাচগুলির ভুল ত্রুটি শুধরে নেওয়ার অনেকটা সময় পেয়েছে রাজ্য দল। এদিকে, বৃহস্পতিবার গ্রুপ লীগের অন্য খেলায় হরিয়ানা আট উইকেটের ব্যবধানে চন্ডিগড় কে পরাজিত করে টানা দ্বিতীয় জয়ের স্বাদ পেয়েছে। চন্ডিগড় প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে সীমিত ২০ ওভারে ছয় উইকেটে ৮৬ রান সংগ্রহ করলে জবাবে হরিয়ানা ১৫.৫ ওভার খেলে দুই উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে। অপর খেলায় কেরালা ১০ উইকেটে বিশাল জয় পেয়েছে সিকিমকে হারিয়ে। সিকিম প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেটে ৭৩ রান সংগ্রহ করলে পাল্টা ব্যাট করতে নেমে কেরালা ৯.২ ওভার খেলে বিনা উইকেটে জয়ের লক্ষ্যে পৌঁছায়। অপর খেলায় রেলওয়েজ ২৪ রানের ব্যবধানে হিমাচল প্রদেশ কে পরাজিত করেছে। রেলওয়েজ প্রথমে ব্যাটিংয়ের সুযোগ পেয়ে নির্ধারিত কুড়ি ওভারে আট উইকেট ১২৮ রান সংগ্রহ করলে জবাবে ব্যাট করতে নেমে হিমাচল প্রদেশ ৯ উইকেট হারিয়ে ১০৪ রান সংগ্রহ করতেই সীমিত কুড়ি ওভার ফুরিয়ে যায়। আগামীকাল গ্রুপ লীগের তিনটি ম্যাচ কেরালা-হরিয়ানা, চন্ডিগড়-রেলওয়েজ, হিমাচল প্রদেশ-ত্রিপুরা পরস্পরের মুখোমুখি হবে।

# ত্রিপুরা স্পোর্টস স্কুলে মেডিটেশন ওয়ার্কশপ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। মেডিটেশন কাম ওয়ার্কশপ অনুষ্ঠিত হচ্ছে আগামী ২৭ অক্টোবর।
ত্রিপুরা স্পোর্টস স্কুলের ছাত্র-ছাত্রী এবং স্টাফদের নিয়ে এই মেডিটেশন কাম ওয়ার্কশপের যৌথ আয়োজক ত্রিপুরা স্পোর্টস স্কুল এবং প্রজাপিতা ব্রহ্মকুমারী ঈশ্বরীয় বিশ্ব বিদ্যালয়।
মুখ্যত, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের পরামর্শক্রমে প্রজাপিতা ব্রহ্মকুমারী ঈশ্বরীয় বিশ্ব বিদ্যালয়, প্রতি রবিবার ত্রিপুরা স্পোর্টস স্কুলে পাঠরত শিক্ষার্থী এবং স্টাফদের মধ্যে মেডিটেশন প্রশিক্ষণ কর্মসূচি শুরু করতে যাচ্ছে।
তারই আনুষ্ঠানিক সূচনা ঘটবে আগামী ২৭ অক্টোবর রবিবার সকাল সাড়ে আটটায়।
ওইদিন অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়া সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, অধিকর্তা সত্যব্রত নাথ, প্রজাপিতা ব্রহ্মকুমারী ঈশ্বরীয় বিশ্ব বিদ্যালয়য়ের ইনচার্জ বিকে গৌরী বাহিন, মাস্টার্স স্পোর্টস উইং এর চেয়ারম্যান বিকে ড. জ্যোতিশ্বর সেন, প্রেসিডেন্ট জবা পাল দত্ত, সেক্রেটারি প্রিয় লাল সাহা প্রমুখ উপস্থিত থাকবেন।

# এশিয়ান যোগাসনে পরিণীতা’’র স্বর্ন ও রৌপ্য জয়, অভিনন্দন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে অনুষ্ঠিত এশিয়া যোগা স্পোর্টস চ্যাম্পিয়নশিপে ভারতীয় দলের হয়ে অংশ নিয়ে রাজ্যের উদীয়মান যোগাসন খেলোয়াড় পরিণীতা রায় একটি স্বর্ণ ও একটি রৌপ্য পদক পেয়েছে।
আন্তর্জাতিক ওই আসরে পরিণীতা আর্টিস্টিক বিভাগে স্বর্ণ পদক জয় করে।
এর আগে ট্রেডিশনাল যোগা বিভাগে রৌপ্য জয় করে দেশের ও রাজ্যের নাম উজ্বল করেছে। এর আগে ত্রিপুরা যোগাসন স্পোর্টস অ্যাসোসিয়েশনের হয়ে ভূপালের ইন্দোরে জাতীয় স্তরে আসরে স্বর্ণপদক লাভ করার সুবাদে পরিণীতা এশিয়া যোগা চ্যাম্পিয়নশিপে লড়াইয়ের যোগ্যতা অর্জন করেছিল। পরিণীতার এই অনবদ্য সাফল্যে রাজ্য সংস্থার সভাপতি সরযূ চক্রবর্তী, সচিব সমীর সাহা ও কোচ শম্ভু চক্রবর্তী তাকে অভিনন্দন জানিয়েছেন।

# এভারেস্ট বেস ক্যাম্পে ত্রিপুরার মহিলা পর্বতারোহী পিয়ালীর রেকর্ড

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। এভারেস্ট বেস ক্যাম্পে ত্রিপুরার প্রথম মহিলা পর্বত আরোহী হিসেবে পৌঁছনোর রেকর্ড গড়লেন পিয়ালী দেব। ছয় মাস আগে উত্তরপূর্ব নেপালের সোলুখুমবু জেলার এভারেস্ট বেস ক্যাম্পে পৌঁছনোর স্বপ্ন নিয়ে কাজ শুরু করেন পিয়ালী। রাজধানী কাঠমান্ডু’’র খারিখোলা থেকে চার দিনে ৭০ কিলোমিটার ট্র্যাকিং করে ২৪ অক্টোবর পৌঁছান সমুদ্রপৃষ্ঠ থেকে ১৭ হাজার ৫৯৮ ফুট উঁচুতে এভারেস্ট বেস ক্যাম্পে। স্বপ্ন পূরণ হওয়ায় ভীষন খুশী রাজ্যের এই পর্বত আরোহী। পিয়ালীর শখ এডভেঞ্চার স্পোর্টস সহ ভ্রমনে।

### ইউরোপা লিগ : আবারও ড্র ইউনাইটেডের

ম্যানচেস্টার, ২৫ অক্টোবর (হি.স.) : ইউরোপা লিগে বৃহস্পতিবার রাতে ফেনারবাচের মাঠে তুর্কি ক্লাব ফেনারবাচের সঙ্গে ১-১গোলে ড্র করে ফিরেছে ইংলিশ ক্লাব ইউনাইটেড।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# জাতীয় সড়ক চার লেনে করার জন্য ২৮০০ কোটি টাকার প্যাকেজ বরাদ্দ, কেন্দ্র সরকারকে ধন্যবাদ জানালো বিজেপি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর:** রাজ্যের জাতীয় সড়ক চার লেনে করার জন্য ২৮০০ কোটি টাকার প্যাকেজ বরাদ্দ করেছে কেন্দ্র সরকার। শুক্রবার সদর কার্যালয়ে কেন্দ্র ও রাজ্যে সরকারের উন্নয়নমূলক কাজকর্মগুলো তুলে ধরতে গিয়ে একথা বলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজিব ভট্টাচার্য্য।

কেন্দ্র ও রাজ্য সরকারের উন্নয়নমূলক কাজকর্ম ও বিভিন্ন বিষয় নিয়ে শুক্রবার সদর কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে বিজেপি দল। এই সাংবাদিক সম্মেলনে প্রদেশ সভাপতি রাজিব ভট্টাচার্য্য ছাড়াও দলের মুখ্য প্রবক্তা সুব্রত চক্রবর্তী, মিডিয়া ইনচার্জ সুনিত সরকার সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। এদিনের বৈঠকে সাংগঠনিক বিভিন্ন বিষয় নিয়েও আলোচনা হয়েছে। শনিবার মুখ্যমন্ত্রীর পৌরহিত্যে সংগঠনের অন্যান্য নেতৃত্বের উপস্থিতিতে সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হবে বলেও জানিয়েছেন সাংসদ রাজীব ভট্টাচার্য্য।এদিন দলের সভাপতি তথা সাংসদ রাজিব ভট্টাচার্য্য জাতীয় সড়ক চার লেন করার জন্য ২৮০০ কোটি টাকা বরাদ্দ দেওয়ায় কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রীকে ধন্যবাদ জানান। পাশাপাশি তিনি উল্লেখ করেন সিএমশ্রী অর্থাৎ মুখ্যমন্ত্রী মেধা প্রকল্পে রাজ্যের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের দুইশ জন ছাত্রছাত্রীকে চিহ্নিত করে উচ্চ শিক্ষার জন্য প্রতিমাসে ৫০০০ টাকা করে প্রদান করার ঘোষণা দিয়েছে রাজ্য সরকার। এর জন্য সাংবাদিক সম্মেলন থেকে মুখ্যমন্ত্রীকেও ধন্যবাদ জানানো হয়।

এছাড়াও তিনি রাজ্যে বিজেপি সরকার প্রতিষ্ঠা হওয়ার পর কি কি উন্নয়নমূলক কাজ হয়েছে এবং আগামী দিন কি কি পরিকল্পনা রয়েছে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করতে গিয়ে বলেন কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের কাছে রাজ্যে এইমস অথবা নিগ্রিমের মত হাসপাতাল গড়ে তোলার আবেদন জানানো হয়েছে। তিনি আশা প্রকাশ করে বলেন এটিও খুব শীঘ্রই বাস্তবায়িত হবে।তাছাড়াও তিনি সাংগঠনিক বিষয় নিয়ে আলোচনা করতে গিয়ে বলেন, শনিবার বিজেপি দলের রাজ্য প্রভারী ডাক্তার রাজদ্বীপ রায়,সংগঠন মন্ত্রী রবীন্দ্র রাজুজি, উত্তর পূর্বাঞ্চলের কোঅর্ডিনেটর সম্বিত পাত্রা এবং মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহার পৌরোহিত্যে এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হবে। সংগঠনকে মজবুত করা এবং সাজিয়ে তোলার বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হবে ঐ বৈঠকে।

# আবারও ধৃত তিন বাংলাদেশী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর:**ত্রিপুরায় আবারো বাংলাদেশী ধরা পড়ল। আগরতলা রেল স্টেশনে তিন বাংলাদেশী নাগরিক কে আটক করেছে রেল পুলিশ। তাদের মধ্যে দুই জন মহিলা ও একজন পুরুষ রয়েছেন।জিআরপি থানার পুলিশ আধিকারিক জানিয়েছেন, ট্রেনে চেপে আগরতলা থেকে কলকাতা যাওয়ার উদ্দেশ্যে স্টেশনে এসেছিলেন বাংলাদেশের নড়াইল জেলার বাসিন্দা সাগর ঘোষ (১৯), সোনালী রানী ঘোষ (৩৭), মনীষা কুমারী ঘোষ (১৯)। স্টেশনে সন্দেহজনক ভাবে তাদের ঘোরাফেরা করতে দেখে পুলিশ তিনজনকেই আটক করেছে। তাদের কাছ থেকে বাংলাদেশী ও ভারতীয় মুদ্রায় নগদ টাকা সহ বাংলাদেশী নাগরিকত্বের নথিপত্র পাওয়া গেছে। আজ তাদের আদালতে সোপর্দ করা হবে।

# আগামী ২৯ অক্টোবর নবম আয়ুর্বেদ দিবস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর:** আগামী ২৯ অক্টোবর রাজ্যে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে নবম আয়ুর্বেদ দিবস উদযাপন করা হবে। এবারের আয়ুর্বেদ দিবসের ভাবনা হচ্ছে বিশ্ব স্বাস্থ্যের জন্য আয়ুর্বেদের উদ্ভাবন। এবছরের আয়ুর্বেদ দিবস উদযাপনের মূল লক্ষ্য হলো আয়ুর্বেদ উদ্ভাবন এবং এর মাধ্যমে বিশ্ব স্বাস্থ্যকে উন্নত করা।

আজ আগরতলা প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে শিলংস্থিত নর্থ ইস্টার্ন ইনস্টিটিউট অব আয়ুর্বেদা অ্যান্ড হোমিওপ্যাথির সিনিয়র অ্যাসিস্টেন্ট প্রফেসর ডা. বিষ্ণু চৌধুরী একথা জানান। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, তিনটি প্রধান কার্যক্রমের মধ্য দিয়ে এবারের নবম আয়ুর্বেদ দিবস উদযাপন করা হবে। এরমধ্যে রয়েছে জন সন্দেশ, জন ভাগিদারি ও জন আন্দোলন। রাজ্যে নবম আয়ুর্বেদ দিবস উদযাপনে আগামী ২৯ অক্টোবর আগরতলার প্রজ্ঞাভবনে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা।

সাংবাদিক সম্মেলনে নর্থ ইস্টার্ন ইনস্টিটিউট অব আয়ুর্বেদা অ্যান্ড হোমিওপ্যাথির সিনিয়র অ্যাসিস্টেন্ট প্রফেসর ডা. বিষ্ণু চৌধুরী জানান, বর্তমান যুগে বিশ্ব স্বাস্থ্য উন্নয়ন ও মানুষের জীবনযাত্রার মানোন্নয়নে আয়ুর্বেদ একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। নবম আয়ুর্বেদ দিবস উদযাপনের মধ্য দিয়ে আয়ুর্বেদ চর্চা এবং উদ্ভাবনকে আরও প্রসারিত করার প্রচেষ্টা নেওয়া হবে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন নর্থ ইস্টার্ন ইনস্টিটিউট অব আয়ুর্বেদা অ্যান্ড হোমিওপ্যাথির ডা. হিমাংশু বড়ুয়া, স্টেট আয়ুষ মিশন ত্রিপুরার শাখা আধিকারিক (হোমিওপ্যাথি) ডা. সুব্রত দেব, স্টেট আয়ুষ মিশন ত্রিপুরার শাখা আধিকারিক (আয়ুর্বেদ) ডা. অলক দেববর্মা প্রমুখ।

# বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মর্মান্তিক মৃত্যু ব্যক্তির

**নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি, ২৫ অক্টোবর:** অসাবধানতাবশত বিদ্যুৎপৃষ্ট হয়ে মর্মান্তিক মৃত্যু হল এক ব্যক্তির।ঘটনাটি ঘটেছে উত্তর ত্রিপুরার চুরাইবাড়ি থানাধীন বাগবাসা বিধানসভার গোবিন্দপুর জিপির তিন নং ওয়ার্ডে। মৃত ব্যক্তির নাম রঞ্জন নমঃ(৫০)। পিতার নাম মৃত নরেশ নমঃ।জানা গেছে বৃহস্পতিবার রাতে ঘটনাটি ঘটে। পরে বিষয়টি প্রত্যক্ষ করে বাড়ির লোকেরা খবর দেন চুরাইবাড়ি থানায়।পরবর্তীতে পুলিশের উপস্থিতিতে মৃতদেহ ময়নাতদন্তের জন্য নিয়ে যাওয়া হয় কদমতলা সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে। আজ মৃতদেহ ময়নাতদন্তের পর আত্মীয় পরিজনদের হাতে তুলে দেবে চুড়াইবাড়ি থানার পুলিশ। মৃত ব্যক্তির স্ত্রী সহ সন্তানাদি রয়েছে। এই অসহয় পরিবারকে সরকারি সহায়তা পাইয়ে দিতে স্থানীয়রা বিধায়ক সহ সিও ও ডিসির হস্তক্ষেপ কামনা করেছেন। উক্ত দুর্ঘটনায় শোকের ছায়া নেমে আসে গোবিন্দপুর এলাকায়।

# বিফলে গেল ট্রেনে গাঁজা পাচার, সাড়ে পনেরো কেজি শুকনো গাঁজা সহ ধৃত এক পাচারকারী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর:**ট্রেনে গাঁজা পাচারের চেষ্টা বিফলে গেছে। মুম্বাইগামী লোকমান্য তিলক এক্সপ্রেসে সাড়ে পনের কেজি শুকনো গাঁজা সহ এক পাচারকারীকে গ্রেফতার করেছে রেল পুলিশ।

এ বিষয়ে রেল পুলিশ আধিকারিক জানিয়েছেন, মাঝে মধ্যেই বিভিন্ন যাত্রী বাহী ট্রেন গাঁজা পাচারের জন্য ব্যবহার করছে পাচারকারীরা। গোপন সূত্রে আবারো গাঁজা পাচারের খবর পেয়েছিল রেল পুলিশ। সেই মোতাবেক গতকাল মুম্বাইগামী লোকমান্য তিলক এক্সপ্রেসে জি আর পি এবং আর পি এফ যাত্রীদের দিকে নজর রাখছিল। সন্দেহভাজন এক যাত্রীকে আটক করে জিনিসপত্র তল্লাশিতে গাঁজা উদ্ধার হয়েছে।

রেল পুলিশ জানিয়েছে, ওই পাচারকারী অসমের কামরূপ জেলার বাসিন্দা ফখরুদ্দিন আহমেদ বলে পরিচয় মিলেছে। ধৃত পাচারকারীর বিরুদ্ধে এনডিপিএস ধারায় মামলা রুজু করে আজ তাকে আদালতে সোপর্দ করা হয়েছে।

এদিকে, নেশা বিরোধী অভিযানে আবারও সাফল্য পেয়েছে ত্রিপুরা পুলিশ। গোপন খবরের ভিত্তিতে সাড়ে বাহান্ন কেজি শুকনো গাঁজা উদ্ধার হয়েছে। পুলিশ ওই পাচারের সাথে জড়িত একজনকে আটক করেছে।প্রসঙ্গত আজ শুক্রবার সকালে সিপাহিজলা জেলায় রাস্তারমাথা এলাকা থেকে গাড়িতে পাচারের সময় শুঁকনো গাঁজা আটক করেছে বিশালগড় থানার পুলিশ। সাথে ওই গাড়ির চালককেও আটক করা হয়েছে।বিশালগড় থানার পুলিশ আধিকারিক জানিয়েছেন, গোপন সূত্রে খবরের ভিত্তিতে আজ সকালে আগরতলা থেকে উদয়পুর যাওয়ার পথে রাস্তারমাথা এলাকায় টিআর০৮এ০৭১৬ নম্বরের গাড়িতে সাড়ে বাহান্ন কেজি গাঁজা উদ্ধার হয়েছে। চারটি প্লাস্টিকের ব্যাগে করে ওই গাঁজা নিয়ে যাওয়া হচ্ছিল। ওই পাচারের সাথে জড়িত থাকার দায়ে গাড়ি চালককে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে এনডিপিএস ধারায় মামলা রুজু করেছে পুলিশ।

# মনিপুর থেকে ত্রিপুরার কৃষি ও উদ্যান দপ্তরের অধীনে বাস্তবায়িত প্রকল্প ভ্রমণে ১০ জন কৃষক

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২৫ অক্টোবর:** মনিপুর থেকে ত্রিপুরার কৃষি ও উদ্যান দপ্তরের অধীনে বাস্তবায়িত প্রকল্প ভ্রমণে এসেছেন ১০ জন কৃষক। তাদের রাজ্যের কৃষক উদ্যান চাষের বিভিন্ন ক্ষেত্রে কৃষক এবং উদ্যানপালন পেশাদারদের কাজ দেখানো হয়েছে। ও এই ধরনের কর্মসূচী উদ্যানপালন উন্নয়নের জন্য চলমান এবং পরিকল্পিত একাধিক কর্মসূচীকে একত্রিত ও সমন্বয় করতে সাহায্য করে।

এক্সপোজার ভিজিটের ভূমিকা হল কৃষক এবং কৃষি পেশাদারদের নতুন প্রযুক্তির সাথে পরিচয় করিয়ে দেওয়া এবং কৌশলগুলি বাইরের রাজের কৃষকদের বিভিন্ন ব্যবহারিকভাবে ব্যবহার এবং প্রয়োগ করবে। এটি জ্ঞান অর্জনের অবিচ্ছেদ্য অংশ হিসাবে "দেখা হচ্ছে বিশ্বাস করা"। এটি বিভিন্ন অঞ্চলের অংশগ্রহণকারীদের একে অপরের কাছ থেকে যোগাযোগ এবং শেখার সুযোগ প্রদান করে।

এই পরিদর্শনগুলি আধুনিক উদ্যানবিদ্যা প্রযুক্তি, অয়েল পাম চাষ, জৈব উদ্যানপালন, নির্ভুল চাষ, ক্ষুদ্র সেচ, সংরক্ষণ এবং আয়বর্ধক কার্যক্রম যেমন শাকসবজি এবং কাটা ফুলের সুরক্ষিত চাষ, বিদেশী ফল, মাশরুম উৎপাদন, প্রচলিত উদ্যান চাষে উদ্ভাবনী কৌশলগুলিকে উন্নীত করতে সহায়তা করে। ২৩ তারিখ থেকে রাজের বিভিন্নজায়গা ঘুরে আজ বিশালগড় কৃষি বিভাগের অধীনে বাস্তবায়িত প্রকল্প ভ্রমণ করছে।

# পূর্ব শত্রুতার জেরে কৃষকের ফসল নষ্ট করল দুষ্কৃতী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর:**পূর্ব শত্রুতার জেরে বামুটিয়ায় এক কৃষকের ফলন্ত ফসলের গাছ রাতের আধারে কেটে দিলো দুষ্কৃতীরা। বৃহস্পতিবার রাতে পূর্ব শত্রুতার জেরে বামুটিয়া পুলিশ ফাঁড়ির অন্তর্গত বেরীমুড়া এলাকার অমল সিং নামে এক কৃষকের বেগুন গাছ এবং লাউ গাছ কেটে দিলো রাতের আধারে দুষ্কৃতীরা।

সকালে জমিতে এসে সবজি ক্ষেতের কাটা অবস্থা দেখে মাথায় হাত কৃষকের। উনার ধারণা পূর্ব শত্রুতার জেরেই উনার এই ক্ষতি করা হয়েছে। তবে ফসল ধ্বংস করার সংস্কৃতি বামুটিয়ায় ছিলনা।সম্প্রতি সামান্য সামান্য বিষয়কে কেন্দ্র করে মানুষের ফসল ধ্বংস করার সংস্কৃতি আমদানি হয়েছে এই এলাকায়। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় কৃষকদের মধ্যে বিরাজ করছে চরম ক্ষোভ।

# মদমত্ত অবস্থায় আটক দুই মহিলা সহ ই-রিক্সা চালক, এলাকায় চাঞ্চল্য

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৫ অক্টোবর:**তেলিয়ামুড়ার নেতাজিনগর মাস্টার পাড়া এলাকায় মদ্যপ ও অশালীন অবস্থায় পুরুষ ও মহিলাদের আনাগোনা বৃদ্ধি পাওয়ার ঘটনায় তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে। রাত আনুমানিক সাড়ে ৯টা নাগাদ তেলিয়ামুড়া থানার অন্তর্গত নেতাজিনগরের মাস্টার পাড়া এলাকার শেষ প্রান্তে শ্রীকৃষ্ণ মিশন রোডে একটা টমটমে করে দুই মহিলা এবং টমটম চালক মদমত্ত অবস্থায় অশালীন আচরণ করতে থাকায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়।

এলাকাবাসীরা সম্মিলিতভাবে তাদেরকে আটক করে এবং পরবর্তী সময়ে তেলিয়ামুড়া থানার পুলিশকে খবর দেওয়া হলে পুলিশ এসে ঘটনাস্থল থেকে সংশ্লিষ্ট দুই মহিলা সহ টমটম চালককে আটক করে তেলিয়ামুড়া থানায় নিয়ে যায়।

গোটা ঘটনার পরিপ্রেক্ষিতে স্থানীয় এলাকাবাসীদের অভিমত এই শ্রীকৃষ্ণ মিশন রোড এলাকায় রাতের আঁধারে বিভিন্ন জায়গা থেকে কপোত কপোতি থেকে শুরু করে একাংশ উশৃংখল যুবক যুবতীরা ইদানিং আড্ডা জমাচ্ছে। স্বাভাবিকভাবেই এলাকার সুস্থ পরিবেশ বিনষ্ট হচ্ছে। রাতের আঁধারে নেতাজীনগর এলাকার এহেন ঘটনায় গোটা তেলিয়ামুড়া জুড়ে ব্যাপক প্রতিক্রিয়া তৈরি হয়।

# ২১তম প্রাণিসম্পদ শুমারি কার্যক্রমের সূচনা হল আজ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর:** ২১তম প্রাণিসম্পদ শুমারি কার্যক্রমের সূচনা হয় শুক্রবার। এদিন এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দপ্তরের অধিকর্তা নিরাজ কুমার চঞ্চল, ডেপুটি অধিকর্তা হর্টিকালচার শান্তনু দেববর্মা এবং ডেপুটি অধিকর্তা মৎস্য দপ্তর অলক দেববর্মা সহ অন্যান্যরা।

এদিন গোর্খাবস্তিস্থিত প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের সভাগৃহে হয় এই মূল অনুষ্ঠান। ১৫ প্রজাতির প্রাণিসম্পদের তথ্য যেমন, গবাদি পশু, মহিষ, মিথুন, ইয়াক, ভেড়া, ছাগল, শূকর, উট, ঘোড়া, টাট্টু, খচ্চর, গাধা, কুকুর, খরগোশ এবং হাতি এই আদমশুমারির আওতায় রয়েছে।

পশুসম্পদ ব্যতীত, মুরগির পাখির সংখ্যা যেমন ফাউল, হাঁস, টার্কি, গিজ, কোয়েল, গিনি ফাউল, উটপাখি এবং ইমুও ক্যাচ গৃহস্থালী গৃহস্থালী উদ্যোগ ,অ-গৃহস্থালী প্রতিষ্ঠান থেকে নেওয়া হবে। এই এলসি আইসিএআর-ন্যাশনাল ব্যুরো অফ অ্যানিমেল জেনেটিক রিসোর্সেস দ্বারা স্বীকৃত ১৬ প্রজাতির ২১৯টি দেশীয় প্রজাতির ডেটা ক্যাপচার করবে।উল্লেখযোগ্যভাবে, এটি হবে দেশের প্রথম এলসি যেখানে পশুপালকদের গৃহপালিত পশুপালনের তথ্য স্বাধীনভাবে পাওয়া যাবে। এই এলসি 'প্রধানভাবে গবাদি পশু পালনে জড়িত ব্যক্তির লিঙ্গ' সম্পর্কিত তথ্যও উপলব্ধ করবে। পশুপালন ও দুগ্ধশিল্প বিভাগ ২১তম প্রাণিসম্পদ শুমারি কার্যক্রম শুরু করার ইভেন্টে অংশগ্রহণের জন্য সমস্ত স্টেকহোল্ডারকে আমন্ত্রণ জানায় যা জাতির প্রাণিসম্পদ খাতের স্বার্থে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

# নব নির্বাচিত পঞ্চায়েত সদস্যদের নিয়ে বৈঠকে মন্ত্রী বিকাশ দেববর্মা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৫ অক্টোবর:**তেলিয়ামুড়া ব্লকের কনফারেন্স হলে নব নির্বাচিত পঞ্চায়েত সদস্যদের নিয়ে উন্নয়নমূলক কর্মসূচি নিয়ে শুক্রবার এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়।

উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখা এবং অসমাপ্ত কাজগুলি দ্রুত শেষ করার জন্য ছয় মাস অন্তর জেনারেল মিটিং অনুষ্ঠিত হয় তেলিয়ামুড়া আর ডি ব্লকের কনফারেন্স হল গৃহে শুক্রবার।

এই দিনের সাধারণ বৈঠকে উপস্থিত ছিলেন উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। এছাড়াও এই দিনের সভাতে উপস্থিত ছিলেন জেলা কমিটির সদস্য, পঞ্চায়েত সমিতির সদস্য সদস্যরা , পঞ্চায়েত প্রধান উপপ্রধান সহ বিভিন্ন লাইন দফতরের প্রতিনিধিগণ। এই দিনের এই অনুষ্ঠানটি সংঘটিত হয় নবনিযুক্ত জনপ্রতিনিধিদের অংশগ্রহণের মাধ্যমে। সরকারি উন্নয়নমূলক কাজগুলি নিয়ে আলোচনা করা হয়। অসমাপ্ত কাজগুলি অতি শীঘ্রই সমাপ্ত করার জন্য কাজের সাথে যুক্ত আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়।

# মেয়রের হাত ধরে বিজেপির সদস্যপদ গ্রহণ করেন বিশ্বেশ্বর নন্দী ও ধনঞ্জয়গণ চৌধুরী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর:**বিজেপির সদস্যপদ গ্রহণ করলেন দ্রোণাচার্য্য কোচ বিশ্বেশ্বর নন্দী এবং ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি ধনঞ্জয় গণ চৌধুরী। রামনগর বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদারের হাত ধরে বিজেপির সদস্যপদ গ্রহণ করলেন দ্রোণাচার্য্য পুরস্কারপ্রাপ্ত কোচ বিশ্বেশ্বর নন্দী এবং ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি ধনঞ্জয় গণ চৌধুরী।

শুক্রবার সকালে সদস্যতা অভিযানে বের হয়ে বিশ্বেশ্বর নন্দী এবং ধনঞ্জয় গ্রহণ চৌধুরীর বাড়িতে যান রামনগর বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা মেয়র দীপক মজুমদার। এদিন বিজেপির সদস্যপদ গ্রহণ করে দ্রোণাচার্য্য পুরস্কারপ্রাপ্ত কোচ বিশ্বেশ্বর নন্দী বলেন, বিজেপি দল দেশ পরিচালনার জন্য যে কর্মপরিকল্পনা গ্রহণ করে কাজ করে চলেছে তাতে দারুণভাবে আকৃষ্ট হয়েছেন তিনি। এই সরকার ২০৩৬ সালে দেশে অলিম্পিকের আয়োজন করার উদ্যোগ গ্রহণ করেছে। এখন থেকেই এই উদ্দেশ্য সফল করার জন্য কাজ শুরু করে দিয়েছে সরকার।

এদিন দ্রোণাচার্য্য পুরস্কারপ্রাপ্ত কোচ বিশ্বেশ্বর নন্দী এবং ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি ধনঞ্জয় গন চৌধুরী বিজেপির সদস্য পদ গ্রহণ করায় তাদেরকে স্বাগত জানিয়েছেন রামনগর বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা মেয়র দীপক মজুমদার। তিনি বলেন তারা দলে যোগ দেওয়ায় দলের ধ্যান ধারণা এবং শক্তি জনগণের সামনে আরো বাড়বে। প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশে যেভাবে উন্নয়ন কর্মযজ্ঞ অনুষ্ঠিত হচ্ছে তাতে আকৃষ্ট হয়ে মানুষ বিজেপির পতাকা তলে সামিল হচ্ছেন বলেও তিনি উল্লেখ করেন।

# মহিলাদের নিয়ে আইনি সচেতনতা শিবির

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৫ অক্টোবর:**শুক্রবার উত্তর গঙ্গানগর গ্রাম পঞ্চায়েতের পঞ্চায়েত হলে উত্তর ত্রিপুরা জেলা আইনসভা কর্তৃপক্ষের উদ্যোগে জাতীয় মহিলা কমিশনের সহযোগিতায় আইনি সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। এই বিষয়ের উপর মহিলাদের নিয়ে এক আইনি সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। প্রদীপ প্রজ্জালনের মধ্যে দিয়ে শিবিরের উদ্বোধন করেন রাজর্শী চক্রবর্তী, সেক্রেটারি ডিস্ট্রিক্ট লিগ্যাল সার্ভিসেস অথরিটি নর্থ ত্রিপুরা ধর্মনগর। এছাড়াও শিবিরে উপস্থিত ছিলেন দেবপ্রিয়া দাস(ভিডিও যুবরাজনগর আর ডি ব্লক), নির্জলা দাস প্রধান উত্তর গঙ্গানগর গ্রাম পঞ্চায়েত রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট বনানী শর্মা, অ্যাডভোকেট দেবাহুতি গোস্বামী।

বক্তারা মহিলাদের সম্পর্কিত বিভিন্ন আইন নিয়ে আলোচনা করেন যেমন পণপ্রথা, সমান কাজে সমান মজুরি, গার্হস্থ্য হিংসা, যৌন নির্যাতন, মহিলাদের উপর বিভিন্ন নির্যাতন, ধর্ষণ শ্লীলতাহানি, এসিড অ্যাটাক, শিশুবিবাহ আইন। তাছাড়া মহিলারা কোন কোন স্কীমে কি কি সুবিধা পেতে পারেন সে বিষয়ে আলোকপাত করেন মহিলারা। বিনা পয়সায় লিগ্যাল সার্ভিস অথরিটির মাধ্যমে আইনি সাহায্য পেতে পারেন সে বিষয়ে অবগত করেন। শিবিরে ৬০ জন মহিলা উপস্থিত ছিলেন। শিবিরে অংশগ্রহণকারীদের ব্যাগ ডায়েরি কলম দেওয়া হয়। পিএলভি স্বপ্না চক্রবর্তী, শতাব্দি ভট্টাচার্য্য, ডিম্পি সরকার, চিরঞ্জিত মালাকার, সঞ্জীব বড়ুয়া, শরিফ উদ্দিন উপস্থিত ছিলেন।

# এভারেস্ট বেস ক্যাম্পে ত্রিপুরার প্রথম মহিলা পর্বত আরোহী পিয়ালী দেব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ অক্টোবর:**এভারেস্ট বেস ক্যাম্পে ত্রিপুরার প্রথম মহিলা পর্বত আরোহী হিসেবে পৌঁছনোর রেকর্ড গড়লেন পিয়ালী দেব।ছয় মাস আগে উত্তরপূর্ব নেপালের সোলুখুমবু জেলার এভারেস্ট বেস ক্যাম্পে পৌঁছনোর স্বপ্ন নিয়ে কাজ শুরু করেন পিয়ালী। রাজধানী কাঠমান্ডু''র খারিখোলা থেকে চার দিনে ৭০ কিলোমিটার ট্র্যাকিং করে ২৪ অক্টোবর পৌঁছান সমুদ্রপৃষ্ঠ থেকে ১৭ হাজার ৫৯৮ ফুট উঁচুতে এভারেস্ট বেস ক্যাম্পে। স্বপ্ন পূরণ হওয়ায় ভীষন খুশী রাজ্যের এই পর্বত আরোহী। পিয়ালীর শখ এডভেঞ্চার স্পোর্টস সহ ভ্রমনে।




স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।